Live MCQ™

৪৯তম স্পেশাল বিসিএস (শিক্ষা) বিষয়ভিত্তিক প্রস্তুতি

বিষয়: রসায়ন (৫৩১)

Compendium PDF

(সিলেবাস অনুসারে সর্বাধিক গুরুত্বপূর্ণ টপিক ও এমসিকিউ-এর সমন্বয়ে রচিত)

Mentor:

সাক্ষর দাস

৩৮তম বিসিএস (সাধারণ শিক্ষা)

রসায়ন

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

প্রিয় শিক্ষার্থী, ৪৯তম স্পেশাল বিসিএস (শিক্ষা)-এর বিষয়ভিত্তিক প্রস্তুতি হিসাববিজ্ঞান অংশের নির্ধারিত সিলেবাসের অন্তর্ভুক্ত সকল ক্লাস সম্পন্ন হয়েছে। আসন্ন চূড়ান্ত পরীক্ষাকে সামনে রেখে লাইভ এমসিকিউ একাডেমিক টিম আপনাদের প্রস্তুতিকে শাণিত করতে বিশেষ কমপেনডিয়াম পিডিএফ প্রদান করছে। এখানে যা যা থাকছেঃ

Contents

পিএসসি নির্ধারিত সিলেবাস ও মানবন্টন 3
শেষ মুহূর্তের নির্দেশনা 9
অধ্যায়-১ 9
অধ্যায়-২ 15
অধ্যায়-৩ 19
অধ্যায়-৪ 21
অধ্যায়-৫ 30
অধ্যায়-৬ 32
অধ্যায়-৭ 37
অধ্যায়-৮ 39
অধ্যায়-৯ 48
অধ্যায়- ১০ 54
অধ্যায়- ১১ 58
অধ্যায়- ১২ 71
অধ্যায়- ১৩ 93
অধ্যায়- ১৪ 101
অধ্যায়- ১৫ 103
অধ্যায়- ১৬ 104
অধ্যায়- ১৭ 105
অধ্যায়- ১৮ 110
অধ্যায়- ১৯ 114
অধ্যায় - ২০ 115
অধ্যায়- ২১ 117
গুরুত্বপূর্ণ ২০০ এমসিকিউ 119

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

পিএসসি নির্ধারিত সিলেবাস ও মানবন্টন

Part-I (Marks-50)

Chapter	Syllabus	Topic Details	Reference Book
1	Gas Laws, Kinetic theory of gases, Liquefaction of gases	Vapour and gas, measurable properties of gases, the gas laws, effusion, diffusion, ideal and real gases, ideal gas equation, Dalton's law of partial pressure, kinetic theory, deviation from ideal behavior, Van der Walls equation, critical constants; Joule-Thompson's effect, inversion temperature, Liquefaction of gases	Essentials of physical chemistry by Bahl Tuli (S Chand Pub)/ Any text book from HSC level
2	The law of energetics, Energy changes, Enthalpy changes & determination, Elementary principles of thermodynamics, the nature of ΔS, ΔH and ΔG	Law of thermodynamics, system, surrounding and boundary, heat and work, internal energy, enthalpy, thermodynamic process, work of expansions, reversible, irreversible and adiabatic expansions, heat capacities at constant pressure and constant volume, enthalpy changes in various processes. Heat of reaction, various type of reaction enthalpy, Hess's law and its application, born-haber cycle, the nature of ΔS, ΔH and ΔG	Essentials of physical chemistry by Bahl Tuli (S Chand Pub)/ Any text book from HSC level
3	Oxidation and reductions	Oxidation -reduction reactions, oxidizing and reducing agents, disproportionation reactions, comproportionating reaction, redox half reactions, rules for balancing redox reactions	Essentials of physical chemistry by Bahl Tuli (S Chand Pub)/ Any text book from HSC level

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

4	Part 1: Electro chemistry- Electrode potentials, Voltage cells, Redox electrodes, The Nernst equation	Standard reduction potential, the electrochemical series, Cells and Potentials: Cells: Concept, Electrolytic and Galvanic cels; half cells; different types of electrodes and half cells; Half cell reactions & cell reactions; standard hydydrogen electrode, subsidiary and reference electrodes, electrode potentials, e.m.f of cells, measurement of e.m.f of a cell, Nernst's equation, practical cells, dry cell	Essentials of physical chemistry by Bahl Tuli (S Chand Pub)/ Any text book from HSC level
	Part 2: Conductance	Electrolysis and Farady's Laws; conductance; specific conductance, equivalent conductance, molar conductance; Kohlrausch's law.	
5	Colligative properties of solutions, Phase rule	Raoult's law, ideal and non ideal solutions. Henry's law, a brief treatment of colligative properties, osmosis, degrees of freedom of motion. Phase, components and degrees of freedom; phase rule	Essentials of physical chemistry by Bahl Tuli (S Chand Pub)/ Any text book from HSC level
6	Chemical equilibria and chemical kinetics	Equilibrium in chemical reactions. law of mass action, equilibrium law and equilibrium constants: Kp, Kc, concentration-time curves, reaction quotient, principle and applications of Le Chatelier, effects of temperature on equilibrium constant, Reaction rate, units of rate constant, Order of a reaction, molecularity of a reaction, half-life, activation energy & catalysis	Essentials of physical chemistry by Bahl Tuli (S Chand Pub)/ Any text book from HSC level
7	pH and buffer solutions	Ostwald dilution law, degrees of ionization and ionization constant, K_a, K_b, solubility product (K_{sp}) with principle and applications, common ion effect, ionic product of water (K_W), pH with applications, buffer solution, buffer mechanism, Henderson-Hasselbach equation,	Essentials of physical chemistry by Bahl Tuli (S Chand Pub)/ Any text book from HSC level

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

8	Theoretical aspects of chemical and instrumental methods of analyses and their applications.	**Analytical detection:** explain the applications of apparatus and reagents in various experiments, different laboratory glassware and chemicals, handling of hazardous chemicals, the F test, the T test, the Q test **Volumetric Analysis:** indicator, acid-base titration curves, general factors influencing volumetric method, advantages, , Concept of mole: calculation and importance. measurement, molar volume, acid-base titrations, redox titrations, **Gravimetric Analysis:** primary and secondary standard substances, general requirements of a gravimetric method, practical gravimetric procedures (wet test/ dry test)	Any text book from HSC level
9	Atomic Structure, Radioactivity, Nuclear reactions and atomic energy	**Structure of atom-Classical Mechanics:** Fundamental particles, isotopes, atomic mass, mass cathode rays, mass and charge of an electron, α-particle scattering, Rutherford atom model, Planck's quantum theory, Bohr's theory for hydrogen atom, electromagnetic spectrum, emission spectrum of atomic hydrogen **Structure of atom-Classical Mechanics:** Wave mechanic concept of atom, quantum numbers, atomic orbitals, shapes and orientation of s, p and d orbitals, Aufbau principle, Pauli exclusion principle, Hund principle, **Nuclear Chemistry:** Radioactivity, Nuclear reaction, mass defect, nuclear binding energy	Essentials of physical chemistry by Bahl Tuli (S Chand Pub)/ Any text book from HSC level

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

10	Elementary aspects of environmental chemistry.	Fundamental components and structure of the environment, structure of the atmosphere, Water Pollution, coagulation, air pollution, nitrogen fixation, chemical and photochemical reactions and their consequent effects - ozone depletion, greenhouse effect, acid rain, photochemical smog, particulates, Arsenic pollution, purity criteria of surface water **National Policy for the Protection of the Environment:** WHO guidelines	Any text book from HSC level
11	Periodic table and Classification of elements, Chemical bonds, Detailed group chemistry.	History of periodic table, prediction of elements, Classification of elements, diagonal relationship, atomic/ionic radii **, periodicity of atomic and molecular properties:** ionization energy, electron affinity, electronegativity, types of chemical bonds, VBT, MOT, Lewis's formulation, Hybridization, valence shell electron pair repulsion (VSEPR) theory and molecular geometry, polarity, Fajan's rule, H-bond	Essentials of physical chemistry by Bahl Tuli (S Chand Pub)/ Any text book from HSC level
12	**part-1:** Organic compounds aliphatic, aromatic and heterocycles	Organic compounds, sources, Applications of organic compounds, homologous series, the causes of diversity of organic compounds, Classification of organic compounds, IUPAC nomenclature of organic compounds, A brief concept of isomerism, keto-enol tautomerism, geometric and optical isomerism, polarimetry, optical activity, racemic modification and their formation, resolution of racemic modifications.	Text book of organic chemistry (B.S. Bahl & Arun Bahl)/Any text book from HSC level
	part-2: General concepts of nucleophilic, electrophilic and free radical reactions.	Formation of carbocations, carbanion, free radicals and their stabilities, aromaticity, Huckell's rule, orientation in benzene ring and its derivatives, activation, mechanism of addition, electrophilic substitution, nucleophilic substitution, free radical reactions, elimination reactions	

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

	part-3: Synthesis and chemical properties of different classes of compound,	Synthesis and chemical properties (Structure/ nomenclature, oxidation / reduction, acidity and basicity/ dehydration/ substitution) of hydrocarbons, alkyl haides, Alcohols and Phenols, ethers, aldehyde & ketones, amines, carboxylic acid	
	Confirmation, special reaction, special compounds	confirmation, name reaction, special compounds like DDT, TNT, dettol, polymers etc	
13	Disposal of Industrial wastes	Industrial preparation of inorganic & organic compounds, General ideas about environmental considerations & hazards, disposal techniques, hazard symbol	Industrial Waste Treatment Handbook (2006) by Woodard & Curran

Part-II (Marks-50)

Chapter	Syllabus	Topic Details	Reference Book
14	Acids, Bases, Nucleophiles, Electrophiles	Theories of acids and bases, conjugate acids and bases, acid -base strength, hard and soft acids and bases, Hard and soft Nucleophiles and electrophiles	Text book of organic chemistry (B.S. Bahl & Arun Bahl)/ Any text book from HSC level
15	Molecular orbitals & Frontier orbitals- HOMO & LUMO Kinetics	Structure and orbital picture, nomenclature; preparation and reactions of dienes, Diels -Alder reaction; polymerization, conjugated dines.	Text book of organic chemistry (B.S. Bahl & Arun Bahl)/ Any text book from HSC level
16	solvolytic reactions, ambidient nucleophiles, Carbonium ion rearrangements.	Comprehensive treatment of solvolytic reactions substitution reactions of ambidient nucleophiles, Multicenter addition reactions Carbonium ion rearrangements.	Text book of organic chemistry (B.S. Bahl & Arun Bahl)/ Any text book from HSC level

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

17	Chirality, Molecular dissymmetry, atomic asymmetry & conformational asymmetry Circular bifreingence & circular dichroism Cotton effect Optical rotatory dispersion and their application Purity of optical analysis Conformational analysis.	D & L, threo erythro, R & S configurations, cis-trans. E/Z system, Syn-anti. Cause of optical activity. Chirality (Dissymmetry and asymmetry), pseudo chirality, diasterecoisomers, enantiomers, epimeners, anomers, meso and racemic compounds. Conformation and conformers. Conformation of ethane, butane, ethanediol, dihydroxystyrene, cyclohexane, their physical properties and stability, Optical Rotation and Rotatory Power: Factors leading to chirality. Molecular dissymmetry. Atomic dissymmetry and conformational asymmetry, Circular bifringence and circular dichroism (CD). Cotton effect, Dependance of optical rotation on wavelength – optical rotatory dispersion (ORD), purity of optical analysis	Stereochemistry Of Carbon Compounds By Ernest L. Euel
18	Biomolecules	Carbohydrates & Polysaccharides, Starch, Cellulose Amino acids, Proteins, Vitamins, Hormones, Antibiotics, Alkaloids, Dyes, Auxochromes, Chromospheres	Text book of organic chemistry (B.S. Bahl & Arun Bahl)/ Any text book from HSC level
19	Atropisomerism.	Atropisomerism: biphenyls, allenes and spiranes	Stereochemistry Of Carbon Compounds By Ernest L. Euel
20	UV IR Raman ESR $_{1}$H & $_{13}$C NMR Mass Spectrometry-Principles and	The natural of electromagnetic radiation absorbance, transmittance, absorptivity, the Beer-Lambert's law, limitations of Beer-Lambert's law, wavelength selection, Frank-condon principle and intensities of spectral lines, Various electronic transitions in organic and inorganic species, Raman spectroscopy, Applications of Raman spectroscopy, Principles of Resonance spectroscopy, Electron spin and nuclear spin;	Introduction of Spectroscopy, G.M. Barrow

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

	utility (application).	Effect of magnetic field on the energies of spinning electrons and nuclei, Relaxation time, The NMR spectrometers, The ESR spectrometer, The g-factor **Mass spectrometry:** Theory, spectrometer, Electron impact (EI), Chemical ionization (CI), Desorption ionization (DI), Instrumentation of mass spectrophotometer.	
21	Chromatography	Different chromatographic techniques- Principles and applications, Advantages & disadvantages.	Any text book from HSC level/Relevant Websites

শেষ মুহূর্তের নির্দেশনা

পরীক্ষার আগে প্রস্তুতি

- শুরুতে এইচএসসি ১ম ও ২য় পত্রের রসায়ন বইটি (যে কোন লেখক) খুব ভালোভাবে শেষ করবেন। এছাড়া যে টপিকগুলো বেশি Importance দিবেন
- ভৌত, অজৈব ও জৈব রসায়নের মৌলিক তত্ত্ব, গুরুত্বপূর্ণ সূত্র (Gas laws, Thermodynamics, Equilibrium, Kinetics ইত্যাদি)।
- Periodic table-এর trends (ionization energy, electronegativity, atomic radius ইত্যাদি)।
- Coordination chemistry, qualitative analysis, spectroscopy (UV, IR, NMR) এর মূলনীতি।
- সাধারণ জৈব বিক্রিয়া (হ্যান্ড নোট অনুসারে)।

শেষ মুহূর্তের টিপস

- গুরুত্বপূর্ণ সংজ্ঞা, সূত্র, এবং আবিষ্কারকের নাম রিভিশন দিন।
- রসায়নের unit conversion ও হিসাবের নিয়মগুলো একবার ঝালিয়ে নিন।
- পরীক্ষার হলে সময় নষ্ট না করে পরিকল্পিতভাবে এগোবেন।

পূর্ববর্তী বিসিএস লিখিত রসায়ন প্রশ্নপত্র (সর্বশেষ ৪-৫ বিসিএস দেখলেই চলবে) একবার চোখ বুলিয়ে নিন। যেহেতু ইতিপূর্বে বিষয়ভিত্তিক এমসিকিউ পরীক্ষা কখনো হয়নি তাই প্রশ্নপত্রের ধারণা পাওয়ার জন্য বিগত ২-৩ বছরের ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্ডারগ্রাজুয়েট পর্যায়ের ক ইউনিটের ভর্তি পরীক্ষার প্রশ্ন দেখা যেতে পারে।

অধ্যায়-১

(Gas Laws, Kinetic theory of gases, Liquefaction of gases)

গুরুত্বপূর্ণ তথ্য:

প্লাজমা অবস্থা ঃ কিছু কিছু পদার্থ অধিক তাপমাত্রায় (১০^{৪}–১০^{৫} $^{\circ}$ঈ) আয়নিত অবস্থায় থাকে। এ অবস্থাকে **প্লাজমা অবস্থা** বলে।

তরল স্ফটিক অবস্থা ঃ কিছু কিছু পদার্থ তাপ প্রয়োগে সরাসরি তরলে রূপান্তরিত না হয়ে একটি অস্বচ্ছ তরলে পরিণত হয়। একে তরল স্ফটিক বলে। এটি আলোক ধর্ম প্রদর্শন করে।

মোলার গ্যাস ধ্রুবক ঃ ১ সড়ষব গ্যাসের তাপমাত্রা ১ ক বৃদ্ধি করলে যে পরিমাণ সম্প্রসারণজনিত কাজ সম্পাদিত হয়, তাকে জ দ্বারা প্রকাশ করা হয়।

Join Now ▶ | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

$R = 0.0821$ lit-atm mol^{-1} K^{-1}**(L-atm এককে)**= 8.314 Joule $mol^{-1}K^{-1}$**(SI এককে)**
=8.314×10^{7} erg mol^{-1} K^{-1} **(C.G. S এককে)**= 1.987 Calori mol^{-1} K^{-1} (Calori **এককে**)

বোলট্জম্যান ধ্রুবক $K = \frac{R}{N}$, R = সার্বজনীন গ্যাস ধ্রুবক, N = অ্যাভোগেড্রো সংখ্যা

(a) L-atm এককে ঃ $K = \frac{R}{N} = \frac{0.082}{6.022\times10^{23}} = 1.36\times10^{-25}$ L atm K^{-1} $molecule^{-1}$

(b) Ryj ev SI এককে ঃ $K = \frac{R}{N} = \frac{8.314}{6.022\times10^{23}} = 1.38\times10^{-23}$ JK^{-1} $molecule^{-1}$

(c) C.G. S GK‡K t $K = \frac{R}{N} = \frac{8.314\times10^{7}}{6.022\times10^{23}} = 1.38\times10^{-16}$ erg K^{-1} $molecule^{-1}$

Loschimdt Number: S.T.P তে কোন গ্যাস বা বাষ্পের ১পপ আয়তনে যে পরিমাণ অণু থাকে সেই সংখ্যাকে Loschimdt Number বলে। এর মান 2.617×10^{19}/cc

STP-তে মোল সংখ্যা ঃ $n = \frac{W\,(\text{ভর})}{M\,(\text{আণবিক ভর})} = \frac{V\,(\text{আয়তন}, L)}{22.4} = \frac{X\,(\text{অণুর সংখ্যা})}{N\,(\text{অ্যাভোগেড্রো সংখ্যা})} = \frac{PV}{RT} = VM.$

ভ্যান্ডারওয়ালস্ এ সমীকরণ ঃ

$$\left(P + \frac{n^2a}{V^2}\right)(V - nb) = nRT.$$

a Gi GKK t $P = \frac{an^2}{V^2}$; $a = \frac{PV^2}{n^2}$; atm dm^6 mol^{-2} or Nm^4 mol^{-2}

b Gi GKK t litre mol^{-1} or m^3 mol^{-1}

পরম শূন্য তাপমাত্রা ঃ কোন গ্যাসের জন্য সর্বনিম্ন যে তাপমাত্রায় সকল গ্যাসের আয়তন তত্ত্বীয়ভাবে শূন্য ধরা হয়, তাকে পরম শূন্য তাপমাত্রা বলা হয়। এর মান –২৭৩°C বা ০ K.

STP & SATP: প্রমাণ তাপমাত্রা ও চাপ (STP) হল 273 k ও 1 atm. এতে 1 mole গ্যাসের আয়তন 22.4 dm^3। উল্লেখ্য, 25°C উষ্ণতা ও 1 atm চাপে ঐ গ্যাসের আয়তন 24.8 dm^3 (SATP)

গ্যাসের সূত্রসমূহ

বয়েলের / ম্যারিয়টের সূত্র ঃ "স্থির তাপমাত্রায় নির্দিষ্ট ভরের কোন গ্যাসের আয়তন ঐ গ্যাসের উপর প্রযুক্ত চাপের ব্যস্তানুপাতিক।"

$V \propto \frac{1}{P}$; **T স্থির**

$\Rightarrow V = K\cdot\frac{1}{P}$

$\Rightarrow PV = K$

So, $P_1V_1=P_2V_2$

<u>আইসোথার্ম/সমতাপীয় রেখা</u>



চিত্রঃ : P বনাম V লেখ



চিত্রঃ : V বনাম P^{-1} লেখ



চিত্রঃ : PV বনাম P লেখ

বয়েলের সূত্রের লেখচিত্র: P বনাম V, $\frac{1}{P}$ বনাম V, PV বনাম V এই গ্রাফের প্রকৃতি

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

Problem 1: 1.75 atm চাপে বেলুনে $25m^3$ H_2 গ্যাস ভর্তি আছে। গ্যাসের এ আয়তন বেলুনের সর্বাধিক প্রসারণ ক্ষমতার $^5/_7$ ভাগ। বেলুনটিকে উড়িয়ে দেয়া হল এবং তাপমাত্রা স্থির থাকলে কত উচ্চতায় বেলুনটি ফেটে যাবে? [প্রতি 1m উচ্চতায় চাপ 0.5cm (Hg) হ্রাস পায়]

Solve: $P_1V_1 = P_2V_2$

$\Rightarrow 1.75 \times \frac{5V}{7} = P_2V$

$\Rightarrow P_2 = 1.25$

$\therefore \Delta P = 1.75 - 1.25$

$= 0.5 \text{ atm} = 380\text{mm} = 38\text{cm (Hg)}$

চাপ 0.5 cm হ্রাস পায় 1m উচ্চতায়

$\therefore$ চাপ 38 cm হ্রাস পায় $\frac{1\times38}{0.5} = 76$ m (Ans)

Problem 2: P বনাম $\frac{1}{V}$ লেখচিত্রের ঢাল 10 হলে আয়তন কত? যখন চাপ 2atm।

Solve: $k = 10$

$PV = k$

$\Rightarrow 2V = 10$

$\Rightarrow V = 5$



চার্লস বা গে-লুস্যাক এর সূত্র ঃ "স্থির চাপে কোন নির্দিষ্ট ভরের যে কোন গ্যাসের আয়তন প্রতি ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রা বৃদ্ধি বা হ্রাসের ফলে 0^0C তাপমাত্রায় তার আয়তনের $\frac{1}{273}$ ভাগ হারে যথাক্রমে বৃদ্ধি বা হ্রাস পায়।"

$V=V_0(1+\frac{t}{273})$; P স্থির

$\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$; P স্থির

আইসোবার/সমচাপীয় রেখা



Problem-01: $1m^3 H_2$ গ্যাসের তাপমাত্রা 17°C। স্থির চাপে গ্যাসটিকে সংকুচিত করে আয়তন অর্ধেক করা হলে গ্যাসটির তাপমাত্রার কি পরিবর্তন হবে?

Solve: $\frac{V_1}{T_1} = \frac{V_2}{T_2}$ | $V_1 = 1m^3$; $T_1 = 17 + 273 = 290K$; $V_2 = 0.4m^3$

$\Rightarrow T_2 = \frac{V_2 \times T_1}{V_1} = \frac{0.5\times290}{1} = 145K$

$\therefore$ তাপমাত্রার পরিবর্তন $= (290 - 145)K = 145K$ (Ans)

Join Now ▶ | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

Problem-02: 0°C তাপমাত্রায় কোন গ্যাসের আয়তন 1cc. 65°c তাপমাত্রায় উক্ত গ্যাসের আয়তন হয় 1.238cc পরমশূণ্য তাপমাত্রার মান বের কর।

Solve: AB বিন্দুগামী সরলরেখার সমীকরণঃ





$$\frac{y-y_1}{y_1-y_2} = \frac{x-x_1}{x_1-x_2}$$

$$\Rightarrow \frac{x-0}{0-65} = \frac{0-1}{1-1.238}$$

$$\Rightarrow \boxed{x = -273.16°c}$$

Problem-03: নিচের চিত্রে A′ বিন্দুতে v কত?



Solve: $m = \tan 60° = \sqrt{3},$

$$y = \sqrt{3}x + 100$$

$$\Rightarrow V = \sqrt{3} \times 273 + 100$$

অ্যাভোগেড্রোর সূত্র ঃ "একই তাপমাত্রা ও চাপে সম আয়তনের মৌলিক ও যৌগিক সকল গ্যাসে সম সংখ্যক অণু থাকে।"

গে-লুস্যাক এর আয়তন সংযোগ সূত্র ঃ একাধিক গ্যাসীয় পদার্থ যখন পরস্পর বিক্রিয়া করে উৎপাদ গঠন করে তখন স্থির তাপমাত্রা ও চাপে–
১। বিক্রিয়ক গ্যাসসমূহের পরিমিত আয়তনের মধ্যে একটি সরল অনুপাত বজায় থাকে।
২। উৎপন্ন পদার্থ যদি গ্যাসীয় হয় তবে সব বিক্রিয়ক ও উৎপাদের আয়তনের মধ্যেই সরল অনুপাত বিরাজ করে।

গে-লুসাকের সূত্র: $\frac{P_1}{T_1} = \frac{P_2}{T_2}$

গ্যাসের সমন্বয় সূত্র ও আদর্শ গ্যাস সমীকরণ:

$$\frac{P_1V_1}{T_1} = \frac{P_2V_2}{T_2}$$

$$PV = nRT$$

আদর্শ গ্যাস সমীকরণের ব্যবহার ঃ (র) গ্যাসের ঘনত্ব নির্ণয় ঃ $PV = \frac{g}{M}RT \Rightarrow \frac{g}{V} = \frac{PM}{RT} \quad \therefore d = \frac{PM}{RT}$

(রর) আণবিক ভর নির্ণয় ঃ $PV = \frac{g}{M}RT \Rightarrow M = \frac{gRT}{PV}$

একক:

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

	L.atm একক	CGS একক	SI একক
P (চাপ)	1 atm	1013250 $dyne/cm^2$	101325 Pa
V (আয়তন)	1 ml/1cc/1 cm^3	10^{-3} L বা 10^{-3} dm^3	10^{-6} m^3
d (ঘনত্ব)	1 g/cc	1000 g/L	1000 kg/ m^3
R (মোলার গ্যাস ধ্রুবক)	0.0821 Latm $mol^{-1}K^{-1}$	8.316 x 10^7 erg $K^{-1}mol^{-1}$	8.314 $JK^{-1}mol^{-1}$

গ্যাসের ঘনত্বের উপর উষ্ণতা ও চাপের প্রভাব ঃ $\frac{d_1T_1}{P_1} = \frac{d_2T_2}{P_2}$

গ্রাহামের গ্যাস ব্যাপন সূত্র:

$$\boxed{\frac{r_1}{r_2} = \sqrt{\frac{d_2}{d_1}} = \sqrt{\frac{M_2}{M_1}} = \frac{t_2}{t_1}}$$

$$\therefore \boxed{r \propto \frac{1}{\sqrt{M}}}$$

অর্থাৎ, যার আণবিক ভর বেশি তার ব্যাপন হার কম।

ডাল্টনের আংশিক চাপ সূত্র ঃ গ্যাস মিশ্রণের মোট চাপ মিশ্রণটির উপাদানসমূহের আংশিক চাপের যোগফলের সমান। একটি গ্যাস মিশ্রণে যে কোন গ্যাসের আংশিক চাপ মোল ভগ্নাংশ এবং মিশ্রণের মোট চাপের গুণফলের সমান।

Problem: 500 cm^3 আয়তনের একটি পাত্র 130 KPa চাপে o_2 গ্যাস দ্বারা পূর্ণ আছে। 1000 cm^3 আয়তনের অপর একটি পাত্রে co_2 গ্যাস দ্বারা পূর্ণ। পাত্র দুটিকে স্টপকর্ক যুক্ত সরু নল দ্বারা সংযুক্ত করা হল। স্টপকর্ক খুলে দিলে মিশ্রিত গ্যাসের চাপ 115.0Kpa পাওয়া যায়। স্টপকর্ক খোলার পূর্বে 1000cm^3 পাত্রে co_2 গ্যাসের চাপ কত ছিল?

Solve: ধরি, 1000 cm^3 পাত্রে co_2 গ্যাসের চাপ ছিল x kpa

তাহলে, $115 = \frac{(50\times130)+(1000\times x)}{(500+1000)}$

$\therefore \boxed{x = 107.5}$ (Ans)

গ্যাসের গতীয় সমীকরণ:

Formula: (i) $C_{rms} = \sqrt{\frac{3P}{d}}$

(ii) $C_{rms} = \sqrt{\frac{3RT}{M}} = \sqrt{\frac{3PV}{W}}$

(iii) $C_{avg} = \sqrt{\frac{8RT}{M\pi}}$

M¨v‡mi MwZ kw³ t $PV = \frac{1}{3}mnc^2 = \frac{2}{3}\times\frac{1}{2}mnc^2 = \frac{2}{3}\times$ ‡gvU MwZ kw³ $= \frac{2}{3}\times E_k$

$\therefore$ †gvU MwZ kw³ $= \frac{3}{2}PV = \frac{3}{2}RT$ ($\because$ 1 †gvj M¨v‡mi Rb¨ PV = RT)

বাস্তব গ্যাসের ক্ষেত্রে ভ্যান্ডারওয়ালসের সূত্রঃ

$$\left(P + \frac{n^2a}{V^2}\right)(V - nb) = nRT$$

অ্যামাগা বক্র ঃ বয়েলের সূত্রমতে, চাপ পারিবর্তন করলেও আদর্শ গ্যাসের জন্য চঠ এর মান স্থির থাকা উচিত। এ বক্তব্যের যথার্থতা প্রমাণের জন্য ১৮৮০ খ্রিষ্টাব্দে বিজ্ঞানী অ্যামাগা স্থির তাপমাত্রায় বিভিন্ন বাস্তব গ্যাস নিয়ে বিভিন্ন চাপে তাদের আয়তন নির্ণয় করেন। এরপর চ এর বিপরীতে চঠ এর যে লেখ পান, সেগুলো অ্যামাগা বক্র নামে পরিচিত।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322



চিত্র: অ্যামাগা বক্র: 0°C তাপমাত্রায়

অংকিত PV বনাম P লেখচিত্র।

এই বক্ররেখাটি বাস্তব গ্যাসসমূহের আচরণ বিশ্লেষণ করতে এবং আদর্শ গ্যাস সমীকরণ (PV=nRT) থেকে তাদের বিচ্যুতির কারণ ব্যাখ্যা করতে সাহায্য করে।

গ্যাসের পেষণ গুণাংক বা সংকোচনশীলতা গুণাংক বা সংনম্যতা গুণাংক:

n মোল আদর্শ গ্যাসের ক্ষেত্রে অবস্থার সমীকরণ হলো PV = nRT

যেহেতু বাস্তব গ্যাস আদর্শ গ্যাসের সমীকরণ মেনে চলে না সেহেতু বাস্তব গ্যাসের ক্ষেত্রে, $PV \neq nRT$

$\therefore$ ধরি, PV = ZnRT; এখানে, Z = পেষণ গুণাংক বা সংকোচনশীলতা গুণাংক বা সংনম্যতা গুণাংক।

অতএব, গ্যাসের ক্ষেত্রে, পেষণ গুণাংক বা সংকোচনশীলতা গুণাংক বা সংনম্যতা গুণাংক, $Z = \frac{PV}{nRT}$

Problem: Z = 0.85 **আর্দশ গ্যাস থেকে গ্যাসটির বিচ্যুতি মাত্রা গণনা কর।**

বিচ্যুতি মাত্রা $= (1 - 0.85)$

$= \boxed{0.15}$ (Ans)

গ্যাসের তরলীকরণ (Liquefaction of Gases)

গ্যাসকে তরল অবস্থায় রূপান্তরের প্রক্রিয়াই গ্যাসের তরলীকরণ। এটি সাধারণত দুটি উপায়ে সম্পন্ন হয়:

১. উচ্চ চাপ প্রয়োগ করে। ২. নিম্ন তাপমাত্রায় শীতল করে।

প্রধান পদ্ধতিসমূহ:

- লিন্ডে পদ্ধতি (Linde's Method): বারবার সংকোচন ও সম্প্রসারণের মাধ্যমে গ্যাসকে তরল করা হয়।
- ক্লড পদ্ধতি (Claude's Method): জুল-থমসন প্রভাব এবং যান্ত্রিক সম্প্রসারণ উভয় ব্যবহৃত হয়।

জুল-থমসন প্রভাব (Joule-Thomson Effect)

যখন একটি গ্যাসকে উচ্চ চাপ থেকে নিম্ন চাপে একটি ভালভের মধ্য দিয়ে দ্রুত সম্প্রসারিত করা হয়, তখন এর অভ্যন্তরীণ শক্তি কমে যায়, ফলে গ্যাসের তাপমাত্রা হ্রাস পায়। একে জুল থমসন প্রভাব বলে।

যে তাপমাত্রার ওপরে জুল-থমসন প্রভাবে গ্যাস উত্তপ্ত হয় এবং যার নিচে এটি শীতল হয় তাকে উৎক্রম/ইনভার্সন তাপমাত্রা বলে।

অর্থাৎ:

- T > উৎক্রম/ইনভার্সন তাপমাত্রা ⇒ গ্যাস উত্তপ্ত হবে।
- T < উৎক্রম/ইনভার্সন তাপমাত্রা ⇒ গ্যাস শীতল হবে।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

সন্ধি তাপমাত্রা, চাপ ও আয়তন:

সন্ধি তাপমাত্রা (Critical Temperature, Tc): সর্বোচ্চ তাপমাত্রা যেখানে একটি গ্যাসকে চাপ প্রয়োগ করে তরল করা যেতে পারে

সন্ধি চাপ (Critical Pressure, Pc): সন্ধি তাপমাত্রায় গ্যাসকে তরল করতে প্রয়োজনীয় সর্বনিম্ন চাপ।

সন্ধি আয়তন (Critical Volume, Vc): সন্ধি তাপমাত্রা ও চাপের সময় এক মোল গ্যাসের আয়তন।



চিত্র-১: তাপউৎপাদী বিক্রিয়ার শক্তি ছক



চিত্র-২: তাপহারী বিক্রিয়ার শক্তি ছক

অধ্যায়-২

(The law of energetics, Energy changes, Enthalpy changes & determination, Elementary principles of thermodynamics, the nature of S, **Δ**H and **Δ**G)

গুরুত্বপূর্ণ সূত্রাবলী:

১। $Q_p = Q_v + \Delta nRT$

২। $\Delta H = \Delta E + \Delta nRT$

৩। বিক্রিয়া এনথালপি = [উৎপাদকসমূহের মোট গঠন এনথালপি] – [বিক্রিয়কের মোট গঠন এনথালপি] = [বিক্রিয়কের মোট দহন এনথালপি] - [উৎপাদকসমূহের মোট দহন এনথালপি]

৪। **হেসের তাপ সমষ্টিকরণ সূত্র ঃ**



কোন বিক্রিয়ার বিক্রিয়ক এবং উৎপাদ যদি স্থির থাকে, তবে বিক্রিয়াটি একধাপে ঘটুক বা একাধিক ধাপে ঘটুক, তাপশক্তির পরিবর্তন সর্বদা সমান হবে।

বিক্রিয়ক অ এবং উৎপাদ উ হলে স্পষ্টত: $\Delta H_1 = \Delta H_2 + \Delta H_3$

৫। **ল্যাভয়েসিয়ে ও ল্যাপলাসের সূত্র ঃ**

কোন বিক্রিয়া এক দিকে সংগঠনের সময় যে পরিমাণ তাপের পরিবর্তন ঘটে, বিক্রিয়াটি বিপরীত দিকে ঘটার সময় ও ঐ একই পরিমাণ তাপের পরিবর্তন ঘটে, তবে চিহ্ন বিপরীত হবে।

$$Cu(s) + \frac{1}{2}O_2(g) \rightarrow CuO(s)\,;\ \ \Delta H = -157kJ/mol$$

$$CuO(s) \rightarrow Cu(s) + \frac{1}{2}O_2(g)\,;\ \ \Delta H = +157kJ/mol$$

তাপগতিবিদ্যার মৌলিক ধারণা

তাপগতিবিদ্যার সূত্রসমূহ

তাপগতিবিদ্যা (Thermodynamics) হলো পদার্থবিজ্ঞানের একটি গুরুত্বপূর্ণ শাখা যা তাপ, কাজ, শক্তি এবং পদার্থের ভৌত অবস্থা পরিবর্তনের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা করে। তাপগতিবিদ্যার মূলত চারটি সূত্র রয়েছে:

১ম সূত্র: (শক্তি সংরক্ষণ সূত্র): শক্তি সৃষ্টি বা ধ্বংস হয় না, কেবল এক রূপ থেকে অন্য রূপে পরিবর্তিত হয়।

২য় সূত্র: স্বতঃস্ফূর্ত প্রক্রিয়ায় এন্ট্রপি বৃদ্ধি পায়।

৩য় সূত্র: শূন্য কেলভিন তাপমাত্রায় কোনো পদার্থের এন্ট্রপি একটি ধ্রুবক মানে পৌঁছায়।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

শূন্যতম সূত্র: দুটি সিস্টেম যদি পৃথকভাবে তৃতীয় একটি সিস্টেমের সাথে তাপীয় সাম্যাবস্থায় থাকে, তবে তারা নিজেদের মধ্যে তাপীয় সাম্যাবস্থায় থাকবে।

তাপগতিবিদ্যা সংক্রান্ত বিভিন্ন রাশি

সিস্টেম, পরিবেশ এবং সীমানা

সিস্টেম (System): যে অংশটি আমরা অধ্যয়ন করি।

পরিবেশ (Surroundings): সিস্টেমের বাইরে যা কিছু আছে।

সীমানা (Boundary): সিস্টেম ও পরিবেশকে পৃথক করে যে সীমারেখা।

তাপ ও কাজ

তাপ (Heat): শক্তির সেই রূপ যা তাপমাত্রার পার্থক্যের কারণে একটি বস্তুর থেকে অন্য বস্তুর মধ্যে প্রবাহিত হয়।

কাজ (Work): শক্তির সেই রূপ যা কোনো বল কোনো দূরত্ব অতিক্রম করিয়ে সম্পন্ন করে।

অভ্যন্তরীণ শক্তি (Internal Energy): একটি সিস্টেমের অণু-পরমাণুর গতিশক্তি ও বিভবশক্তির সমষ্টি।

তাপগতীয় প্রক্রিয়া (Thermodynamic Process) হলো এমন প্রক্রিয়া যেখানে সিস্টেমের অবস্থা পরিবর্তিত হয়। যেমন: সমচাপীয় (Isobaric), সমআয়তনীয় (Isochoric), সমতাপীয় (Isothermal), নিরোধক (Adiabatic)।

সম্প্রসারণে কাজ

যখন কোনো গ্যাস সম্প্রসারিত হয়, তখন এটি পরিবেশের উপর কাজ করে। কাজের পরিমাণ নির্ভর করে চাপ ও আয়তনের পরিবর্তনের উপর। যেমন: সমোষ্ণ প্রক্রিয়ায় কৃতকাজ: $W = \int PdV$

প্রত্যাবর্তনযোগ্য ও অপর্যাবর্তনযোগ্য সম্প্রসারণ

প্রত্যাবর্তনযোগ্য (Reversible): ধাপে ধাপে ঘটে এবং প্রতিটি ধাপে সাম্যাবস্থা বজায় থাকে।

অপর্যাবর্তনযোগ্য (Irreversible): হঠাৎ ঘটে এবং সাম্যাবস্থা বজায় থাকে না।

রুদ্ধতাপীয় সম্প্রসারণ রুদ্ধতাপীয় (Adiabatic) প্রক্রিয়ায় সিস্টেমের সাথে তাপের আদান-প্রদান হয় না। এই প্রক্রিয়ায় কাজের কারণে অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন ঘটে।

তাপ ধারকত্ব: (Heat Capacity): একটি পদার্থের তাপমাত্রা ১ কেলভিন পরিবর্তনের জন্য প্রয়োজনীয় তাপের পরিমাণ।

আপেক্ষিক তাপ (Specific Heat): একক ভরের একটি পদার্থের তাপমাত্রা ১ কেলভিন পরিবর্তনের জন্য প্রয়োজনীয় তাপের পরিমাণ।

এনথালপি

কোন সিস্টেমের অভ্যন্তরীণ শক্তি (E) এর সাথে সিস্টেমের চাপ ও আয়তনের গুণফল (PV) যোগ করলে যে মোট শক্তি হয়, তাকে সিস্টেমের এলথালপি বা ধৃত তাপ বলে। একে H দ্বারা প্রকাশ করা হয়। $\therefore H = E + PV$

বিভিন্ন প্রকার এনথালপি

গলন এনথালপিঃ

1mole কঠিন পদার্থকে তরলে পরিণত করতে যে তাপের প্রয়োজন হয় তাকে ঐ পদার্থের গলন এনথালপি বলে। একে সাধারণত ΔH_{fus} দ্বারা প্রকাশ করা হয়।

যেমন- $H_2O(s) \rightarrow H_2O(l);\ \Delta H^o_{fus} = 6kJ/mol$ [উল্লেখ্য,6 $kJ/mole = 3.33 \times 10^5 J/kg\ H_2O(s)$]

এক্ষেত্রে ΔH সর্বদা ধনাত্মক।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

সাধারণত সমযোজী যৌগগুলোর (CCl_4, H_2S ইত্যাদি) গলন এনথালপির মান কম হয়। অপর দিকে আয়নিক কঠিন যৌগ, যেমন: $NaCl, MgCl_2$ ইত্যাদির গলন এনথালপির মান বেশি হয়। কাজেই যৌগের গলন এনথালপির মান থেকে বন্ধন প্রকৃতি সম্পর্কে ধারণা পাওয়া যায়।

$$NaCl(s) \rightarrow NaCl(l);\ \Delta H^o_{fus} = +24kJ/mol$$
$$MgCl_2(s) \rightarrow MgCl_2(l);\ \Delta H^o_{fus} = +43kJ/mol$$

বাষ্পীকরণ এনথালপিঃ

1mole তরল পদার্থকে নির্দিষ্ট চাপে বাষ্পে পরিণত করতে যে পরিমাণ তাপের প্রয়োজন হয় তাকে ঐ চাপে ঐ পদার্থের বাষ্পীকরণ এনথালপি বলে। একে সাধারণত ΔH_v দ্বারা প্রকাশ করা হয়।

যেমন- $H_2O(l) \rightarrow H_2O(vap);\ \Delta H^o_v = +40.7kJ/mol$ ($1\ atm$ চাপে) [উল্লেখ্য, $40.7\ kJ/mole = 2.26 \times 10^6 J/1kgH_2O(l)$]

এক্ষেত্রে ΔH সর্বদা ধনাত্মক।

উর্ধ্বপাতন এনথালপিঃ

1mole কঠিন পদার্থ যে পরিমাণ তাপ শোষণ করে সরাসরি গ্যাসীয় অবস্থায় রূপান্তরিত হয় তাকে ঐ পদার্থের উর্ধ্বপাতন এনথালপি বলে। একে সাধারণত ΔH_{sub} দ্বারা প্রকাশ করা হয়।

যেমন- $K(s) \rightarrow K(g);\ \Delta H = +90kJ/mol$

এক্ষেত্রে ΔH সর্বদা ধনাত্মক।

হেসের সুত্রানুযায়ী কঠিনের উর্ধ্বপাতন এনথালপি তার গলন ও বাষ্পীভবন এনথালপির সমষ্টির সমান হয়।

$$\boldsymbol{\Delta H}_{\text{উর্ধ্বপাতন}} = \boldsymbol{\Delta H}_{\text{গলন}} + \boldsymbol{\Delta H}_{\text{বাষ্পীভবন}}$$

পরমাণুকরণ এনথালপিঃ

কোন পদার্থের 1 মোল গ্যাসীয় কণাকে তাপ প্রয়োগ করে 1 মোল বিচ্ছিন্ন গ্যাসীয় পরমাণুতে রূপান্তরিত করতে যে পরিমাণ তাপের প্রয়োজন হয় তাকে ঐ পদার্থের পরমাণুকরণ তাপ বলে। যেমন-

$$\frac{1}{2} Cl_2(g) \rightarrow Cl(g) \qquad \Delta H^o = +121kJ\ mol^{-1}$$

এ ক্ষেত্রে প্রতি মোল ক্লোরিন পরমাণুকে বুঝায়। প্রতি মোল ক্লোরিন অণু নয়। অর্থাৎ 1 মোল ক্লোরিন পরমাণু উৎপন্ন করতে যে পরিমাণ তাপ লাগে, সেটাই ক্লোরিনের পরমাণুকরণ তাপ। $Cl_2(g) \rightarrow 2Cl(g); \Delta H^o = +242\ kJ$ কিন্তু $Cl(g)$ এর পরমাণুকরণ তাপ নয়, সাবধান! আবারও বলছি, সমীকরণের বামপক্ষে 1 মোল অণু থাকার দরকার নেই, বরং ডানপক্ষে 1 মোল পরমাণু থাকাটা আবশ্যক।

ল্যাটিস এনথালপিঃ

পরস্পর থেকে অসীম দূরত্বে অবস্থিত প্রয়োজনীয় সংখ্যক গ্যাসীয় ধনাত্মক ও ঋণাত্মক আয়নসমূহকে একত্রিত করে কোন যৌগের এক মোল পরিমাণ কঠিন আয়নিক কেলাস তৈরি করার সময় যে পরিমাণ শক্তি নির্গত হয়, তাকে সে যৌগের ল্যাটিস শক্তি বা ল্যাটিস এনথালপি বলা হয়। আয়নদ্বয়ের চার্জের গুণফল যত বেশি হয়, ল্যাটিস এনথালপিও তত বেশি হয়। যেমন- $Na^+(g) + Cl^-(g) \rightarrow NaCl(s);\ \Delta H^o = -788\ kJ\ mole^{-1}$ যা, $NaCl(s)$ এর ল্যাটিস এনথালপি এবং $K^+(g) + Cl^-(g) - KCl(s);\ \Delta H^o = -760\ kJ\ mole^{-1}$ যা $KCl(s)$ এর ল্যাটিস এনথালপি।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

হাইড্রেশন এনথালপিঃ

আয়নের হাইড্রেশন এনথালপির ক্ষেত্রে, এক মোল গ্যাসীয় আয়নকে পানিতে দ্রবীভূত করার সময় যে তাপের পরিবর্তন হয় তাকে ঐ আয়নের হাইড্রেশন শক্তি বা হাইড্রেশন এনথালপি (hydration enthalpy) বলা হয়।

$Na^+(g) + H_2O(l) \rightarrow Na^+(aq)$; হাইড্রেশন শক্তি $= -390\ kJmol^{-1}$

$Cl^-(g) + H_2O(l) \rightarrow Cl^-(aq)$; হাইড্রেশন শক্তি $= -382\ kJmol^{-1}$

গাণিতিক সমস্যাবলী

১. গ্রাফাইট কার্বনকে ডায়মন্ড কার্বনে বা হীরকে রূপান্তর করতে এন্থালপি পরিবর্তন কত হবে প্রদত্ত তথ্যের সাহায্যে তা হিসাব কর।

(i) C (গ্রাফাইট) $+ \mathbf{O_2(g) \rightarrow CO_2(g)};\ \Delta H_c^o = \mathbf{-393.4\ kJmol^{-1}}$

(ii) C (ডায়মন্ড) $+ \mathbf{O_2(g) \rightarrow CO_2(g)};\ \Delta H_c^o = \mathbf{-395.3\ kJmol^{-1}}$

Solve: দেওয়া আছে, (i) C (গ্রাফাইট) $+ O_2(g) \rightarrow CO_2(g);\ \Delta H_c^o = -393.4\ kJmol^{-1}$

(ii) C (ডায়মন্ড) $+ O_2(g) \rightarrow CO_2(g);\ \Delta H_c^o = -395.3\ kJmol^{-1}$

(i) হতে (ii) বিয়োগ করে পাওয়া যায়ঃ

C (গ্রাফাইট) → C (ডায়মন্ড); $\Delta H^o = [-393.4 - (-395.3)] = +1.9\ kJmol^{-1}$ (**Ans.**)

২. **25°C** তাপমাত্রায় নিয়ে প্রদত্ত **তথ্য** হতে **$PCl_5(s)$** এর সংশ্লেষণ তাপ নির্ণয় কর।

(i) $\mathbf{2P(s) + 3Cl_2(g) \rightarrow 2PCl_3(l)};\ \Delta H^o = \mathbf{-634.94\ kJ\ mol^{-1}}$
(ii) $\mathbf{PCl_3(l) + Cl_2(g) \rightarrow PCl_5(s)};\ \Delta H^o = \mathbf{-137.94\ kJ\ mol^{-1}}$
[Hint: PCl_5 এর সংশ্লেষণ বিক্রিয়া, $\mathbf{P(s) + \frac{5}{2}Cl_2(g) \rightarrow PCl_5(s)}$**]**

Solve: প্রদত্ত প্রথম সমীকরণকে 2 দ্বারা ভাগ করে পাওয়া যায়,

$P(s) + \frac{3}{2}Cl_2(g) \rightarrow PCl_3(l);\ \Delta H^o = -317.47\ kJmol^{-1}$

এখন এ সমীকরণ এর সাথে প্রদত্ত (ii)নং সমীকরণ যোগ করে,

$P(s) + \frac{3}{2}Cl_2(g) \rightarrow PCl_3(l);\ \Delta H^o = -317.47\ kJmol^{-1}$
$PCl_3(l) + Cl_2(g) \rightarrow PCl_5(s);\ \Delta H^o = -137.94\ kJmol^{-1}$

(+) করে, $P(s) + \frac{5}{2}Cl_2(g) \rightarrow PCl_5(s);\ \Delta H^o = -455.41\ kJmol^{-1}$

∴ $PCl_5(s)$ র সংশ্লেষণ তাপ $= -455.41\ kJmol^{-1}$ (*Ans.*)

৩. নিম্নে প্রদত্ত তথ্য থেকে প্রতি মোল **C – C** বন্ধন শক্তি নির্ণয় কর। এক্ষেত্রে **C – H** বন্ধন শক্তি $\mathbf{416\ kJmol^{-1}}$

$\mathbf{2C(s) + 3H_2(g) \rightarrow C_2H_6(g);\ \Delta H = -84.67\ kJ}$
$\mathbf{C(s) \rightarrow C(g);\ \Delta H = +710.70\ kJ}$
$\mathbf{H_2(g) \rightarrow 2H(g);\ \Delta H = +435.90\ kJ}$

Solve: এক্ষেত্রে 2mol কার্বনের উর্ধ্বপাতন ঘটে এবং 3 টি H – H বন্ধন ভেঙ্গে যায়। এজন্য শোষিত শক্তি

$= (2\times710.7 + 3\times435.9)kJ = 2729.1kJ$

ধরি, C – C বন্ধন শক্তি $= x$

এক্ষেত্রে 1 টি C – C এবং 6 টি C – H বন্ধন সৃষ্টি হয়। এতে নির্গত শক্তি

$= (x + 6\times416)kJ = (x + 2496)kJ$
$\therefore \Delta H = 2729.1 - (x + 2496)$
$\Rightarrow -84.67 = 2729.1 - x - 2496 \quad \therefore x = 317.77kJ/mol$(Ans.)

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

মুক্ত শক্তির পরিবর্তন

মুক্ত শক্তির পরিবর্তন ΔG, বিক্রিয়ার এনথালপির পরিবর্তন ΔH, তাপমাত্রা $T(k)$, এনট্রপির পরিবর্তন ΔS এর মধ্যে সম্পর্কটি হচ্ছে,

$\Delta G = \Delta H - T\Delta S$; সবক্ষেত্রেই, বিক্রিয়ার স্বতঃস্ফূর্ততার শর্ত, $\Delta G < 0$; তাহলে,

(i) যখন, $\Delta H < 0,\ \Delta S > 0$; সকল তাপমাত্রাতেই বিক্রিয়াটি স্বতঃস্ফূর্তভাবে ঘটবে।

(ii) যখন, $\Delta H < 0,\ \Delta S < 0$; নিম্ন তাপমাত্রায় ($T < \Delta H/\Delta S$ হলে) বিক্রিয়াটি স্বতঃস্ফূর্তভাবে ঘটবে।

(iii) যখন, $\Delta H > 0,\ \Delta S > 0$; উচ্চ তাপমাত্রায় ($T > \Delta H/\Delta S$ হলে) বিক্রিয়াটি স্বতঃস্ফূর্তভাবে ঘটবে।

(iv) যখন, $\Delta H > 0,\ \Delta S < 0$; কোনো তাপমাত্রাতেই বিক্রিয়াটি স্বতঃস্ফূর্তভাবে ঘটবে না, তবে এর বিপরীত বিক্রিয়াটি সকল

তাপমাত্রাতেই স্বঃতস্ফূর্তভাবে ঘটবে।

(v) $\left.\begin{array}{l}\text{যখন, } \Delta H = -Ve,\ \Delta S = -Ve \text{ এবং } T = \Delta H/\Delta S; \\ \text{অথবা, } \Delta H = +Ve,\ \Delta S = +Ve \text{ এবং } T = \Delta H/\Delta S;\end{array}\right\}$ এই দুই ক্ষেত্রে $\Delta G = 0$ অর্থাৎ, কোন উভমুখী বিক্রিয়া সাম্যাবস্থায় অবস্থান করবে।

Problem:

$PCl_5(g) \rightleftharpoons PCl_3(g) + Cl_2(g)$; $25°C$ তাপমাত্রায় এ বিক্রিয়কের সাম্যধ্রুবকের মান 1.85×10^6। প্রমাণ মুক্তশক্তির পরিবর্তন গণনা করুন। সাম্যের অবস্থান বিক্রিয়ক না উৎপাদ কোন দিকে সরে যাবে?

Solve: $\Delta G° = -RT\ \ln K \Rightarrow \Delta G° = (-)8.314 \times 298 \times \ln(1.85 \times 10^6)\ Jmole^{-1}$

$\therefore \Delta G° = (-)35753.08884\ Jmole^{-1}$

সুতরাং, প্রমাণ মুক্ত শক্তির পরিবর্তন $= (-)35.7531\ KJ\ mole^{-1}$ (প্রায়) (Ans:)

শক্তির পরিবর্তন ঋণাত্মক হওয়ায় বিক্রিয়াটি স্বতঃস্ফূত, ফলে সাম্যের অবস্থান উৎপাদের দিকে সরে যাবে।

অধ্যায়-৩

(Oxidation and reductions)

জারণ-বিজারণ বিক্রিয়া সমতাকরণ

Step – 1 : জারকের পাশে বিজারকের তুল্য সংখ্যা

Step – 2 : বিজারকের পাশে জারকের তুল্য সংখ্যা

যেমন: $2SO_2+4H_2S=6S+4H_2O$

বামপাশে SO_2 এ সালফারের জারণ সংখ্যা +4; ডানপাশে সালফারের জারণ সংখ্যা ০; পরিবর্তন= 8; H_2S এর পাশে ৪ বসবে

বামপাশে H_2S এ সালফারের জারণ সংখ্যা -2; ডানপাশে সালফারের জারণ সংখ্যা ০ ; পরিবর্তন=২; SO_2 এর পাশে ৪ বসবে

বিক্রিয়াকে ২ দ্বারা ভাগ করে, $SO_2+2H_2S=3S+2H_2O$

আয়ন-ইলেক্ট্রন পদ্ধতিতে জারণ-বিজারণ বিক্রিয়া সমতাকরণ (Shortcut)

Step – 1 : জারকের পাশে বিজারকের তুল্য সংখ্যা

Step – 2 : বিজারকের পাশে জারকের তুল্য সংখ্যা

Step – 3 : জারকে যতটি Oxygen পরমাণু উৎপাদে ততটি H_2O

[উৎপাদে সকল ধাতুর সাথে এসিডের ঋনাত্মক অংশ বসবে এবং জারকে Oxygen থাকলে উৎপাদ H_2O থাকবে]

❖ $5FeSO_4 + KMnO_4 + 4H_2SO_4 \longrightarrow \frac{1}{2}K_2SO_4 + \frac{5}{2}Fe_2(SO_4)_3 + MnSO_4 + 4H_2O$

❖ $6FeSO_4 + K_2Cr_2O_7 + 7H_2SO_4 \longrightarrow Cr_2(SO_4)_3 + K_2SO_4 + 3Fe_2(SO_4)_3 + 7H_2O$

❖ $2KMnO_4 + 5H_2C_2O_4 + 3H_2SO_4 \longrightarrow 10CO_2 + K_2SO_4 + 2MnSO_4 + 8H_2O$

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

❖ $2KMnO_4 + 5H_2O_2 + 3H_2SO_4 \longrightarrow 5O_2 + K_2SO_4 + 2MnSO_4 + 8H_2O$

Ex 1: $\overset{+3}{SbCl_3} + \overset{+5}{KIO_3} + HCl \longrightarrow \overset{+5}{SbCl_5} + ICl + H_2O + KCl$

জারণ অর্ধ-বিক্রিয়া : $SbCl_3 + 2Cl^- \longrightarrow SbCl_5 + 2e^-$ .... (i) × 2

বিজারণ অর্ধ-বিক্রিয়া : $KIO_3 + 4e^- + 6HCl \longrightarrow ICl + KCl + 3H_2O + 4Cl^-$

$2SbCl_3 + KIO_3 + 6HCl \longrightarrow SbCl_5 + ICl + KCl + 3H_2O$

Ex 2: $Ag^+ + \overset{-3}{A_s}H_3 \longrightarrow H_3\overset{+3}{A_s}O_3 + H^+ + Ag$

জারণ অর্ধ-বিক্রিয়া : $A_sH_3 + 3H_2O \longrightarrow H_3A_sO_3 + 6e^- + 6H^+$

বিজারণ অর্ধ-বিক্রিয়া : $Ag^+ + e^- \longrightarrow Ag \times 6$

$A_sH_3 + 3H_2O + 6Ag^+ \longrightarrow H_3A_sO_3 + 6H^+ + 6Ag$

Ex 3: $\overset{0}{S} + OH^- \longrightarrow S^{2-} + \overset{2+\,2-}{S_2O_3}$

জারণ অর্ধ-বিক্রিয়া : $2S + 3OH^- \longrightarrow \overset{2-}{S_2O_3} + 4e^- + 3H^+$

বিজারণ অর্ধ-বিক্রিয়া : $S + 2e^- \longrightarrow S^{2-} + \cdots$ .... (ii) × 2

$2s + 3OH^- + 2s \longrightarrow \overset{2-}{S_2O_3} + \overset{2-}{2s} + 3H^+$

Ex 4: $KMnO_4 + FeCl_2 + KOH \longrightarrow$

জারণ অর্ধ-বিক্রিয়া : $FeCl_2 \longrightarrow Fe^{3+} + 2Cl^- + e^-$

বিজারণ অর্ধ-বিক্রিয়া : $KMnO_4 + e^- + KOH \longrightarrow K_2KMnO_4 + OH^-$

$FeCl_2 + KMnO_4 + KOH \longrightarrow Fe(OH)Cl_2 + K_2MnO_4$

Ex 5: $KMnO_4 + FeCl_2 + H_2O \longrightarrow$

জারণ অর্ধ-বিক্রিয়া : $FeCl_2 \longrightarrow Fe^{3+} + 2Cl^- + e^- \; - \times 3$

বিজারণ অর্ধ-বিক্রিয়া : $KMnO_4 + 3e^- + 2H_2O \longrightarrow MnO_2 + KOH + 3OH^-$

আয়ন-ইলেক্ট্রন পদ্ধতিতে জারণ-বিজারণ বিক্রিয়া সমতাকরণ (অর্ধ-বিক্রিয়া ব্যবহার করে)

$3FeCl_2 + KMnO_4 + 2H_2O \longrightarrow 3Fe(OH)Cl_2 + MnO_2 + KOH$

মনে রাখতে হবে:

অম্লীয় মাধ্যমে $KMnO_4 \longrightarrow$ 5 টা e^- গ্রহণ করে
ক্ষারীয় মাধ্যমে $KMnO_4 \longrightarrow$ 1 টা e^- গ্রহণ করে
নিরপেক্ষ মাধ্যমে $KMnO_4 \longrightarrow$ 3 টা e^- গ্রহণ করে

অসামঞ্জস্যকরণ বিক্রিয়া (Disproportionation Reactions):

অসামঞ্জস্যকরণ বিক্রিয়া হলো এমন একটি রেডক্স বিক্রিয়া যেখানে একটি পদার্থ একই সাথে জারন (Oxidation) ও বিজারণ (Reduction) প্রক্রিয়ার মাধ্যমে দুটি ভিন্ন পণ্য উৎপন্ন করে।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

উদাহরণ: $2H_2O_2 \rightarrow 2H_2O + O_2$

এখানে, H2O2 এর এক অংশ জারিত হচ্ছে (O_2 উৎপন্ন করছে) এবং অপর অংশ বিজারিত হচ্ছে (H_2O উৎপন্ন করছে)।

সামঞ্জস্যকরণ বিক্রিয়া (Comproportionation Reactions)

সামঞ্জস্যকরণ বিক্রিয়া হলো পূর্বের বিপরীত প্রক্রিয়া যেখানে একই উপাদানের দুটি ভিন্ন জারণ অবস্থার যৌগ বিক্রিয়ার পর একটি মধ্যবর্তী জারণ অবস্থার একই যৌগ উৎপন্ন করে।

উদাহরণ: $SO_2 + 2H_2S \rightarrow 3S + 2H_2O$

অধ্যায়-৪

(Electro chemistry-Electrode potentials, Voltage cells, Redox electrodes, The Nernst equation, conductance)



তড়িৎ পরিবহনের ক্ষমতা অনুসারে পরিবাহী তিন প্রকার ঃ

- **তড়িৎ অপরিবাহী ঃ** কাঠ,কাঁচ, রাবার, চিনি,গন্ধক, পেট্রোল, তারপিন তেল।
- **তড়িৎ পরিবাহী ঃ** লোহা, তামা, পারদ, রূপা, সোনা।

তড়িৎ পরিবহনের পদ্ধতি অনুসারে পরিবাহী দুই প্রকার।

- **ধাতব বা ইলেকট্রনীয় পরিবাহী ঃ** ধাতুর উপরিস্থিত মুক্ত চার্জ বিদ্যুৎ পরিবহনের কাজ করে।
- **তড়িৎ বিশ্লেষ্য পরিবাহী ঃ** এসিড, ক্ষারক ও লবণ গলিত অবস্থায় বা উপযুক্ত দ্রাবকে দ্রবীভূত অবস্থায় তড়িৎ পরিবহনে সক্ষম।

তড়িৎ বিশ্লেষ্য পদার্থ দুই প্রকার। যথা ঃ

- **তীব্র তড়িৎ বিশ্লেষ্য ঃ** তীব্র এসিড, ক্ষার ও লবণ।
- **মৃদু তড়িৎ বিশ্লেষ্য ঃ** মৃদু এসিড ও ক্ষার যেমন জৈব এসিড (RCOOH), NH_4OH ইত্যাদি।

তড়িৎ পরিবহনে বিভিন্ন রাসায়নিক বন্ধনের প্রভাব ঃ

- ধাতব বন্ধনে মুক্ত ইলেকট্রন থাকে বলে এতে খুব দ্রুত তড়িৎ পরিবাহিত হয়।
- তড়িৎযোজী বন্ধনের আয়নিক প্রকৃতির কারণে এতেও তড়িৎ পরিবাহিত হয় তবে তা গলিত বা দ্রবীভূত অবস্থায়। কেলাস অবস্থায় একটি আয়ন একাধিক বিপরীত আয়ন দ্বারা পরিবেষ্টিত থাকে বলে বিদ্যুৎ প্রবাহ চালাতে পারে না।
- ধনাত্মক তড়িৎদ্বারকে অ্যানোড ও ঋণাত্মক তড়িৎদ্বারকে ক্যাথোড বলে।
- ধরা যাক, ঘধঈষ এর গলিত দ্রবণ আছে কোন পাত্রে। ইহা ঘধ$^+$ ও ঈষ$^-$ আয়নে বিভক্ত হয়। ইহাতে বিদ্যুৎ প্রবাহ চালনা করলে ঈষ$^-$ আয়ন উহার অতিরিক্ত (ব-) অ্যানোডে প্রদান করে ক্লোরিন গ্যাসে পরিণত হয়। আবার এই ইলেকট্রন ক্যাথোডে এসে ঘধ$^+$ আয়নকে ঘধ ধাতুতে পরিণত করে।

এভাবেই বিদ্যুৎ প্রবাহ চালিত হয়। $Cl^- \rightarrow Cl + e^-$; $Na^+ + e^- \rightarrow Na$

তড়িৎ রাসায়নিক সারি ঃ

(র) ক্যাটায়নের ক্ষেত্রে, আকারে বড় হলে বহিঃস্তরের ইলেকট্রনের প্রতি নিউক্লিয়াসের আকর্ষণ কম থাকে ফলে সহজেই ইলেকট্রন গ্রহণ করতে পারে না।

যেমন ঃ সোডিয়াম, পটাশিয়ামের চেয়ে আগে ইলেকট্রন গ্রহণ করতে পারে।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

(ii) অ্যানায়নের ক্ষেত্রে, আকারে বড় হলে অতিরিক্ত ইলেকট্রনের প্রতি আকর্ষণ কম থাকে ফলে সহজেই ইলেকট্রন ত্যাগ করতে পারে। যেমন ঃ (I^-) আয়ন (Cl^-) অপেক্ষা দ্রুত ইলেকট্রন ত্যাগ করতে পারে।

সক্রিয়তা সিরিজ:

Li, Ba, Ca, Na → H_2O (l) থেকে H_2 কে প্রতিস্থাপন করতে পারে।

$2Li(s) + H_2O(l) \rightarrow 2LiOH\ (aq) + H_2(g)$
$Ba(s) + 2H_2O(l) \rightarrow Ba(OH)_2 + H_2\ (g)$

Li … Cd (Mg, Al, Mn, Zn, Cr, Fe, Cd) → স্টীম H_2O (g) থেকে H_2 কে প্রতিস্থাপন করতে পারে।

$Zn + 2H_2O(g) \xrightarrow{\Delta} Zn(OH)_2 + H_2(g)$

Li … Pb (Co, Ni, Sn, Pb) → এসিড HCl থেকে H_2 কে প্রতিস্থাপন করতে পারে।

$Sn\ (s) + HCl \rightarrow SnCl_2(q) + H_2(g)$

H_2

Cu, Hg, Ag, Au → উপরে কোন উৎস (H_2O (g), H_2O(l), HCl) থেকে এসব ধাতু H_2 কে অপসারণ করতে পারে না

অ্যানায়নের সক্রিয়তার সিরিজঃ

$$NO_3^- < SO_4^{2-} < Cl^- < Br^- < OH^-$$

তড়িৎ দক্ষতা/সামর্থ্য ঃ একটি তড়িৎ বিশ্লেষণে ক্যাথোডে যে পরিমাণ ধাতব পদার্থ জমা হয় এবং ফ্যারাডের সূত্রানুসারে যে পরিমাণ ধাতু জমা হওয়ার কথা এই দুয়ের অনুপাতকে তড়িৎ সামর্থ্য বলে।

1F বিদ্যুৎ নিকেল লবনের দ্রবনে প্রবাহিত করলে ক্যাথোডে জমা হয় $25.48g$ কিন্তু ফ্যারাডের সুত্রানুসারে জমা হওয়ার কথা $29.34g$। তাহলে তড়িৎ দক্ষতা $= \frac{25.48}{29.34} = 86.48\%$

মনে রাখতে হবে:

(i) Pb থেকে উপরের দিকে ধাতুগুলো H থেকে অধিক সক্রিয় তাই এরা H_2O ও HCl থেকে H কে প্রতিস্থাপন করতে সক্ষম।

(ii) H এর নিচের ধাতুগুলো H থেকে কম সক্রিয় তাই এরা H_2O, HCl থেকে H_2 কে প্রতিস্থাপন করতে পারে নি।

আপেক্ষিক পরিবাহিতা $K = \frac{1}{\rho} = \frac{1}{R} \times \frac{l}{a}$ [এখানে, $\frac{l}{a}$ = কোষ ধ্রুবক]

তুল্য পরিবাহিতা:

$\lambda = K \times V$

Here, $\frac{W}{E} = \frac{NV}{1000}$

$\Rightarrow V = \frac{1000W}{NE}$

$$\boxed{\lambda = \frac{K1000W}{NE}}$$

মোলার পরিবাহিতা:

$$\lambda_m = \frac{1000KV}{M(molarity)}$$

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

☐ **কতগুলো পদার্থের পারমাণবিক ভর জানা উচিত ঃ**

মৌলের নাম	পারমাণবিক ভর	মৌলের নাম	পারমাণবিক ভর
ম্যাঙ্গানিজ (Mn)	৫৪.৯	মারকারি (Hg)	২০০
ক্রোমিয়াম (Cr)	৫২	সিলভার (Ag)	১০৮
কপার (Cu)	৬৩.৫	আয়োডিন (I)	১২৭
আয়রন (Fe)	৫৫.৮৪	স্বর্ণ/গোল্ড (Au)	১৯৭
ম্যাগনেসিয়াম (Mg)	২৪.৩১	কোবাল্ট (Co)	৫৮.৯৩
জিঙ্ক (Zn)	৬৫.৩৮	ফসফরাস (P)	৩১

তড়িৎ কোষঃ

পার্থক্যের বিষয়	**তড়িৎ বিশ্লেষণ কোষ**	**তড়িৎ রাসায়নিক কোষ**
শক্তির রূপান্তর	রাসায়নিক শক্তি → তড়িৎশক্তি	তড়িৎ শক্তি → রাসায়নিক শক্তি
মূলনীতিঃ	$NaCl + H_2O \rightarrow Na^+ + Cl^- + OH^- + H^+$ **ক্যাথোডে বিজারণ:** $2H^+ + 2e^- \rightarrow H_2$ **অ্যানোডে জারণ:** $4OH^- \rightarrow 2H_2O + O_2 + 4e^-$	**ক্যাথোডে বিজারণ:** $Cu^{2+} + 2e^- \rightarrow Cu$ **অ্যানোডে জারণ:** $Zn \rightarrow Zn^{2+} + 2e^-$
তড়িৎদ্বারের চিহ্ন	**অ্যানোড** $(+Ve)$ **ক্যাথোড** $(-Ve)$	ক্যাথোড $(+Ve)$ **অ্যানোড** $(-Ve)$
কোষ সংকেত	নেই	$Zn/Zn^2||Cu^{2+}Zn$

তড়িৎ বিশ্লেষ্যের আয়নের চার্জযুক্ত হওয়ার প্রবণতা নির্ভর করে নিম্নক্তো বিষয়ের উপর-

(a) সক্রিয়তা সিরিজে অবস্থান

(b) বিশ্লেষ্যের ঘনমাত্রা

(c) তড়িৎদ্বারের প্রকৃতি

ফ্যারাডের সূত্রঃ

১ম সূত্রঃ দ্রবীভূত বা জমাকৃত পদার্থের ভর (W) প্রবাহিত আধানের (Q) সমাণুপাতিক।

$$W \propto Q \qquad W \propto it$$

$$W = ZQ = Zit, W = \frac{Mit}{eF}$$

$Z =$ তড়িৎ রাসায়নিক তুল্যাংক $= \frac{M}{eF}$

Ex: $CuSO_4 \rightarrow Z_{cu} = \frac{63.5}{2\times96500} g/c$ $\qquad H_2O \rightarrow Z_H = \frac{1.008}{1\times96500} g/c$

ফ্যারাডের ২য় সূত্রঃ ভিন্ন ভিন্ন তড়িৎদ্বারা একই পরিমান চার্জ প্রবাহের ফলে যে পরিমান ভর জমা হয় তা তড়িৎ বিশ্লেষ্যের নিজ নিজ যোজনীর সাথে সম্পর্কযুক্ত। (যে পরিমাণ ভর জমা হয় তা রাসায়নিক তুল্যাংকের সমানুপাতিক।)



Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

Live MCQ
সঠিক প্রস্তুতি, সহজ প্রিলি

Mathametical problem:

১. 3.53 hrs ধরে 10 amp বিদ্যুৎ প্রবাহের পর দ্রবণের ঘনমাত্রা কত?



Solve: দ্রবণে Ni এর $W = \frac{2\times58.7\times500}{1000} = 58.7g$

সঞ্চিত Ni $W_1 = \frac{58.7\times10\times3.63\times3600}{2\times96500} = 38.7g$

দ্রবণে অবশিষ্ঠ $Ni = 58.7 - 38.7 = 20g$

$\therefore$ দ্রবণের ঘনমাত্রা $S = \frac{1000\times20}{58.7\times500} = 0.6814M$

মনে রাখতে হবে, তড়িৎ দ্বার যদি দ্রবণের ক্যাটায়নের উপাদানের মত হয় তাহলে যে কোন সময় দ্রবণের ঘনমাত্রা প্রদত্ত ঘনমাত্রার অনুরুপ অথবা তড়িৎ দ্বার ও দ্রবণের ক্যাটায়ন ভিন্ন উপাদানের হয় তাহলে যে কোন সময় দ্রবণের ঘনমাত্রা নির্ণয় করতে হবে এবং তা প্রদত্ত ঘনমাত্রার কম হবে।

২. অ্যানোডের ভর $20g$ ক্যাথোডের ভর $20g$ $0.9hr$ ধরে $10amp$ প্রবাহ দিলে অ্যানোড ও ক্যাথোড এর ভর কত?

Solve: সঞ্চিত ভর $W = Zit = \frac{58.7}{2\times96500} \times 10 \times 0.9 \times 3600 = 10g$

$\therefore$ পরিবর্তিত অ্যানোডের ভর $M_A = 20 + 10 = 30g$

পরিবর্তিত ক্যাথোডের ভর $M_C = 20 - 10 = 10g$

তড়িৎ রাসায়নিক কোষঃ



রাসায়নিক শক্তি → বিদ্যুৎ শক্তি

$Zn \rightarrow Zn^{2+} + 2e^-$

$Cu^{2+} + 2e^- \rightarrow Cu$

$Zn + Cu^{2+} \rightarrow Zn^{2+} + Cu$

লবন সেতুঃ

(i) U আকৃতির কাঁচনল

(ii) $KNO_3/KCl/NH_4NO_3/Na_2SO_4$ ইত্যাদি লবণপূর্ন (পেষ্ঠ/জেলীর মত)



তরল সংযোগ বিভবঃ তড়িৎ রাসায়নিক কোষে আয়ন বিনিময় সংযোগস্থলে যে বিভবের সৃষ্টি হয় তাকেই LJP বলে।

জারন বিভব/বিজারণ বিভবঃ জারন $Zn \rightarrow Zn^{2+} + 2e^-$, $E^\circ = +0.76V$

$Cu^{2+} + 2e^- \rightarrow Cu,$ $E^\circ = -0.34V$

$E^\circ_{Zn/Zn^{2+}} = +0.76V$ $\boxed{+E^\circ_{x/x^-} = -E^\circ_{x^-/x}}$

$E^\circ_{Cu^{2+}/Cu} = +0.34V$

$E^\circ_{x/x^-} \rightarrow$ বিজারণ বিভব, $E^\circ_{x^-/x} =$ জারন বিভব

$E^\circ xlx^+ \rightarrow$ জারন বিভব $E^\circ x^+/x =$ বিজারণ বিভব

তড়িৎদ্বার বিভবঃ

দ্রবণ চাপঃ তড়িৎ রাসায়নিক কোষের তড়িৎ দ্বারের প্রত্যেকটি ধাতু ও ধনাত্বক হাইড্রোজেন আয়নের দন্ড থেকে দ্রবনে যাওয়ার একটি সহজাত প্রবণতা আছে। এ প্রবণতার কারণে ধাতুকে তার আয়নের দ্রবণে স্থাপন করলে ধাতু থেকে দ্রবণের দিকে একটি চাপের সৃষ্টি হয়। এ চাপকে ধাতুর দ্রবণ চাপ (Solution pressure) বলে। এ চাপের কারণে তড়িৎদ্বার থেকে ধাতু ধনাত্বক আয়ন হিসেবে দ্রবণে যায় এবং ইলেকট্রন ধাতব পাতে অবমুক্ত হয়।

অভিস্রবণ চাপঃ তড়িৎ রাসায়নিক কোষে ধাতু বা হাইড্রোজেনকে তার নিজের আয়নের দ্রবণে স্থাপন করলে ধাতু বা হাইড্রোজেন গ্যাসের দ্রবণে যাওয়ার প্রবণতা বিপরীত মুখী একটি চাপ দ্বারা বাধাপ্রাপ্ত হয়। দ্রবণের এ বিপরীত মুখী চাপকে দ্রবনের অভিস্রবন চাপ (Osmotic Pressure) বলে। এ চাপের কারণে দ্রবণের আয়নগুলো ধাতু হিসেবে পুনরায় তড়িৎদ্বারে জমা হয়। ফলে দুটি বিপরীতমুখী প্রক্রিয়া চলে।

Join Now ▶ | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ধরি, দ্রবণ চাপ= P_1 অভিস্রবণ চাপ= P_2

$\therefore$ ***Condition* − 1**: $\boxed{If\ P_1 > P_2}$

ধাতব আয়ণ দ্রবণে স্থানান্তরিত হয়ে তড়িৎদ্বারে ঋনাত্মক চার্জের সৃষ্টি করে অর্থাৎ তড়িৎদ্বারটি অ্যানোড হিসেবে কাজ করে।

***Conditoin* − 2**: $\boxed{If\ P_2 > P_1}$ হলে দ্রবণ থেকে ধনাত্বক আয়ন বেরিয়ে গিয়ে ধাতু হিসেবে তড়িৎ দ্বারে জমা হয় এবং তড়িৎদ্বারে ধনাত্বক চার্জের সৃষ্টি হয় ফলে তড়িৎ দ্বারটি ক্যাথোড হিসেবে কাজ করে।

***Conditoin* − 3**: $\boxed{If\ P_1 = P_2}$ হলে ধাতুর পাত দ্রবণের সংস্পর্ষে অপরিবর্তিত থাকবে। এক্ষেত্রে কোষে কোন প্রকার তড়িৎদ্বার বিভব সৃষ্টি হবে না।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

নিষ্কাশন শ্রেণী	নিষ্কাশন	ধাতু (পৃথকীকৃত)	দ্রাবক	মিশ্রণের অন্য ধাতু	pH (H^+)
কিলেশন (chelation)	থেনয়েলট্রাই ফ্লোরোঅ্যাসিটোন	ইউরেনিয়াম	বেনজিন	Th, Ce	3.4-8.0
কিলেশন	ডাইমিথাইল গ্লাইঅক্সিলেট	নিকেল	ক্লোরোফর্ম	Co	7.3-8.4
কিলেশন	কিউফেরন	আয়রন	ক্লোরোফর্ম	Cu	1-9M H_2SO_4
কিলেশন	ডাইথাইজোন	জিঙ্ক	ক্লোরোফর্ম	Cd, Cu	4.0-11.0
সলভেশন (solvation)	TBP(ট্রাইবিউটাইল ফসফেট)	গ্যালিয়াম	কেরোসিন	Fe	6M HCl
আয়নজোড়	ট্রাইঅকটাইল্যামিন (TOA)	প্লাটিনাম	জাইলিন	Rh, Ru	2M HCl
আয়নজোড়	অ্যামবারলাইট	জার্কনিয়াম	জাইলিন	Ti, Th, Zr	pH 3.00

ঘনমাত্রা

- মোলারিটি (M) (1L- যত মোল দ্রবীভূত থাকে)
- মোলালিটি (m) (1kg- দ্রাবকে যত মোল দ্রবীভূত থাকে)
- নরমালিটি (N) (1L- এ যত গ্রাম তুল্য ওজন দ্রবীভূত থাকে)

মোলারিটি ও নরমালিটির মধ্যে সম্পর্ক:

$$S = \frac{w}{MV},\ N = \frac{w}{\frac{M}{e}\times V} = \frac{ew}{MV}$$

$$\boxed{\mathbf{N = eS}}$$

Example: **0.5M H_2SO_4 এর N =?**

$$N = Se$$
$$= .5 \times 2$$
$$= 1\ N$$

শতকরা প্রকাশ :

❖ $x\% \left(\frac{w}{v}\right)$ **দ্রবণের মোলারিটি কত?**

দ্রব = $x\ g$

দ্রবণ = $100mL$

$$S = \frac{W}{MV_L} = \frac{x\times1000}{M\times100}$$

SHORTCUT: $\boxed{\mathbf{S = \frac{10x}{M}}}$

❖ **4% NaOH দ্রবণের মোলারিটি কত?**

$S = \frac{10\times4}{40} = 1$ M (যদি % এর পরে কিছু উল্লেখ করা না থাকে তাহলে আমরা $\left(\frac{W}{V}\right)$ ধরে নিব।)

Join Now ▶ | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

'PPM' = Parts per Million (10^6)

$$x\ PPM = \frac{x\ gm\ দ্রব}{10^6 gm\ দ্রবণ}$$

$\therefore xPPM = x\ mg/L$

$\therefore x = 10^3 \times M \times S$ → PPM এর সাথে ঘনমাত্রার সম্পর্ক। এখানে S মোলারিটি ও M আণবিক ভর

❖ **0.01M NaOH এর ঘনমাত্রাকে PPM এককে প্রকাশ করুন**

$X = 10^3 \times 40 \times 0.01$

$= 400PPM$

অধ্যায়-৯

(Atomic Structure, Radioactivity, Nuclear reactions and atomic energy)

পরমাণুর গঠন (Classical Mechanics)

পরমাণু ও তার মূল কনিকাসমূহ

অতি সূক্ষ্ম কণিকা যা মূল উপাদান হিসেবে বিভিন্ন পরমাণুতে উপস্থিত থাকে অর্থাৎ যে সকল নিরতিশয় ক্ষুদ্র কণিকা দ্বারা পরমাণু গঠিত তাদের পরমাণুর মূল কণিকা বলে।

মূল কণিকা ৩ প্রকার। যথাঃ (১) স্থায়ী মূল কণিকা (২) অস্থায়ী মূল কণিকা ও (৩) কম্পোজিট কণিকা।

(১)স্থায়ী মূল কণিকাঃ কতকগুলো মূল কণিকা আছে যা সব মৌলের পরমাণুতেই থাকে, তাদের স্থায়ী মূল কণিকা বলে।

স্থায়ী মূল কণিকা ৩টি। যথাঃ (১) প্রোটন (২) নিউট্রন ও (৩) ইলেকট্রন।

প্রোটন ও নিউট্রন কণা দ্বারা পরমাণুর নিউক্লিয়াস গঠিত। একমাত্র ব্যতিক্রম হাইড্রোজেন, যার নিউক্লিয়াসে শুধু প্রোটন আছে, কোন নিউট্রন নেই। নিউক্লিয়াসের চতুর্দিকে নির্দিষ্ট কক্ষপথে পরিক্রমণরত অবস্থায় ইলেকট্রন থাকে।

মূল কণিকার		আপেক্ষিক		প্রকৃত		অবস্থান
নাম	প্রতীক	ভর(amu)	চার্জ	ভর (গ্রাম)	চার্জ (কুলম্ব)	
প্রোটন	p	1.00757	+1	1.673×10^{-24}	1.6×10^{-19}	নিউক্লিয়াস
নিউট্রন	n	1.0089	0	1.675×10^{-24}	0	নিউক্লিয়াস
ইলেকট্রন	e	5.488×10^{-4}	−1	9.11×10^{-28}	-1.6×10^{-19}	কক্ষপথ

(২) অস্থায়ী মূল কণিকাঃ কতকগুলো মূল কণিকা আছে যা কোন কোন মৌলের পরমাণুতে খুবই অল্প সময়ের জন্য অস্থায়ীভাবে থাকে। এদের অস্থায়ী মূল কণিকা বলে। এ ধরনের মূল কণিকার সংখ্যা প্রায় একশ। এদের মধ্যে উল্লেখযোগ্য হলো— (১) নিউট্রিনো (২) অ্যান্টিনিউট্রিনো (৩) পজিট্রন (8) মেসন ইত্যাদি।

কণা	প্রতীক	আধান	ভর	আবিষ্কারকের নাম
পজিট্রন	${}^{0}_{1}e^{+}$	ধনাত্মক	ইলেকট্রনের ভরের সমান	হেভারসন
নিউট্রিনো	ν	0	ইলেকট্রনের ভর অপেক্ষা কম	ফার্মি
অ্যান্টি প্রোটন		ঋণাত্মক	প্রোটনের ন্যায়	
π মেসন	π^0, π^+, π^-	ধনাত্মক ও ঋণাত্মক	ইলেকট্রনের ভরের 275 গুণ	ইউকাওয়া
π মেসন		ধনাত্মক ও ঋণাত্মক	ইলেকট্রনের ভরের 210 গুণ	ইউকাওয়া

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

(৩) কম্পোজিট কণিকাঃ স্থায়ী ও অস্থায়ী মূল কণিকা ব্যতীত আর এক ধরনের ভারী কণিকা দেখা যায়। একে কম্পোজিট কণিকা বলে। যেমনঃ (১) ডিউটেরন কণা এবং (২) আলফা কণিকা।

আইসোটোপ, আইসোবার, আইসোটোন, আইসোমার

আইসোটোপ (Isotope): বিজ্ঞানী এস্টন 1919 খ্রিস্টাব্দে নিয়নের দুটি ভিন্ন ভরের পরমাণু শনাক্ত করেন $^{20}_{10}Ne$ ও $^{22}_{10}Ne$। তিনি একই মৌলের ভিন্ন ভরবিশিষ্ট পরমাণুসমূহকে ঐ মৌলের আইসোটোপ হিসেবে নামকরণ করেন। পারমাণবিক সংখ্যা অভিন্ন হলেও নিউট্রন সংখ্যার ভিন্নতার কারণে আইসোটোপের সৃষ্টি হয়। যেসব মৌলের পরমাণুর প্রোটন সংখ্যা একই কিন্তু ভর সংখ্যা ভিন্ন তাদেরকে পরস্পরের আইসোটোপ বলে। প্রোটন সংখ্যা বা পারমাণবিক সংখ্যা একই হওয়ার কারণে আইসোটোপগুলো একই মৌলের পরমাণু। **উদাহরণস্বরূপ:**

কার্বনের তিনটি আইসোটোপ $^{12}_{6}C, ^{13}_{6}C, ^{14}_{6}C.$

অক্সিজেনের তিনটি আইসোটোপ $^{16}_{8}C, ^{17}_{8}C, ^{18}_{8}C.$

ক্লোরিনের দুটি আইসোটোপ $^{35}_{17}Cl, ^{37}_{17}C.$



কার্বনের আইসোটোপসমূহ

একই মৌলের এসব পরমাণু পর্যায় সারণিতে একই স্থানের জন্য নির্দিষ্ট। তাই এদের আইসোটোপ (গ্রিক শব্দ isos = একই, topos = স্থান) নামকরণ করা হয়েছে।

আইসোবার (Isobar): যেসব পরমাণুর নিউক্লিয়াসের পারমাণবিক সংখ্যা ভিন্ন কিন্তু ভর সংখ্যা অভিন্ন বা একই তাদেরকে পরস্পরের আইসোবার বলে। পারমাণবিক সংখ্যা ভিন্ন হওয়ার কারণে ভিন্ন ভিন্ন মৌলের পরমাণুতে আইসোবার পরিলক্ষিত হয়। উদাহরণস্বরূপ :

১. $^{3}_{1}H$ ও $^{3}_{2}He$ পরস্পরের আইসোবার

২. $^{14}_{6}C$ ও $^{14}_{7}N$ পরস্পরের আইসোবার

৩. $^{64}_{29}Cu$ ও $^{64}_{30}Zn$ পরস্পরের আইসোবার

৪. $^{40}_{18}Ar, ^{40}_{19}K$ ও $^{40}_{20}Ca$ পরস্পরের আইসোবার

৫. $^{204}_{80}Hg$ ও $^{204}_{82}Pb$ পরস্পরের আইসোবার



আর্গন, পটাসিয়াম ও ক্যালসিয়ামের আইসোবার

আইসোবারসমূহে ভৌত ও রাসায়নিক উভয় ধর্মই ভিন্ন হয়।

আইসোটোন (Isotone): যেসব পরমাণুর নিউট্রন সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ও ভর সংখ্যা উভয়ই ভিন্ন, তাদেরকে পরস্পরের আইসোটোন বলে। উদাহরণস্বরূপ:

$^{3}_{1}H, ^{4}_{2}He.$
$^{13}_{6}C, ^{14}_{7}N.$
$^{23}_{11}Na, ^{24}_{12}Mg.$
$^{30}_{14}Si, ^{31}_{15}P, ^{32}_{16}S.$
$^{39}_{19}K, ^{40}_{20}Ca, ^{37}_{17}Cl.$



সিলিকন, ফসফরাস ও সালফারের আইসোটোন

আইসোবারের মতো আইসোটোনও ভিন্ন ভিন্ন মৌলের ক্ষেত্রে প্রযোজ্য।

আইসোমার (Isomer): যেসব পরমাণুর নিউক্লিয়াসের পারমাণবিক সংখ্যা ও ভর সংখ্যা পরস্পর সমান কিন্তু তাদের অভ্যন্তরীণ গঠন ও তেজস্ক্রিয় ধর্মের মধ্যে বৈসাদৃশ্য রয়েছে তাদেরকে পরস্পরের আইসোমার বলে। যেমন $^{82}_{35}Br, ^{82}_{35}Br.$

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322



ব্রোমিনের আইসোমার

বোর পরমাণু মডেল ও রাদারফোর্ড পরমাণু মডেল: Self Study

পরমাণু বর্ণালী সম্পর্কীয় সূত্র ও ব্যাখ্যাঃ

কোন ইলেকট্রন পরমাণুর উচ্চ শক্তিস্তরে থেকে নিম্ন শক্তিস্তরে Jump করলে সে শক্তি বিকিরণ করে। বোর পরমাণু মডেল অনুসারে সেই বিকিরণের শক্তি, $\Delta E = hf$ । এই বিকিরণই মূলত পারমাণবিক বর্ণালী।

পরীক্ষায় দেখা যায়, ভিন্ন ভিন্ন মৌলের পরমাণুর পারমাণবিক বর্ণালীর শক্তি বিভিন্ন। অর্থাৎ বর্ণালীর তরঙ্গ দৈর্ঘ্য বা কম্পাঙ্ক ভিন্ন হওয়ায় ভিন্ন রং এর বিকিরণ সৃষ্টি হয়। এই ভিন্নতা মূলত নির্ভর করে ইলেকট্রন কোন কক্ষপথ কোন কক্ষপথে স্থানান্তরিত হয় তার উপর।

লাইমেন, বামার প্রমুখ বিজ্ঞানীগণ বিভিন্ন সময় বর্ণালীর বিভিন্ন সিরিজের খোঁজ পান এবং ভিন্ন সূত্র দ্বারা প্রকাশ করেন। কিন্তু বর্তমানে বিভিন্ন পরমাণুতে প্রাপ্ত বিভিন্ন পারমাণবিক বর্ণালীর তরঙ্গ সংখ্যা বা তরঙ্গ দৈর্ঘ্য নির্ণয়ের একটি অভিন্ন সহজ সমীকরণ ব্যবহার করা হয়। উল্লেখ্য, বামার সিরিজের জন্য n_H এর মান 3, 4, 5, 6 হলে প্রাপ্ত রেখাকে যথাক্রমে $H_\alpha, H_\beta, H_\gamma, H_\delta$ দ্বারা প্রকাশ করা হয়।

সমীকরণটি হলো, $\bar{a} = \frac{1}{\lambda} = R_H\left(\frac{1}{n_L^2} - \frac{1}{n_H^2}\right)z^2$

এখানে, $\bar{a}$ = প্রতি একক দৈর্ঘ্যে তরঙ্গ সংখ্যা; λ = বর্ণালীর তরঙ্গ দৈর্ঘ্য; R_H = হাইড্রোজেন পরমাণুর জন্য রিডবার্গ ধ্রুবক, $R_H = 109678 cm^{-1}$, z = মৌলের পারমাণবিক সংখ্যা।

n_L = নিম্ন শক্তি স্তর; n_H = উচ্চ শক্তি স্তর।

পাঁচজন বিজ্ঞানী পাঁচটি ভিন্ন ধরনের বর্ণালীর Series এর উল্লেখ করেছেন। প্রত্যেক Series এর জন্য n_L এর মান নির্দিষ্ট। সেগুলো হলো-

সিরিজের নাম	n_L	n_H	**পরিক্ষিত বিকিরণ অঞ্চল**
Lymen Series	1	2, 3, 4, ...	অতিবেগুনী অঞ্চল
Balmer Series	2	3, 4, 5, ...	দৃশ্যমান অঞ্চল
Paschen Series	3	4, 5, 6, ...	অবলোহিত অঞ্চল
Brackett Series	4	5, 6, 7, ...	অবলোহিত অঞ্চল
Pfund Series	5	6, 7, 8, ...	অবলোহিত অঞ্চল

উল্লেখ্য, n_2 এর মান 6 হলে, উৎপন্ন বর্ণালী অবলোহিত রশ্মির অতিদূর প্রান্ত বা হামফ্রিস সিরিজের অন্তর্ভুক্ত।

লক্ষ্যণীয় একটি বিষয় হল, প্রত্যেকটা সিরিজের n_L এর মান fixed কিন্তু n_H এর মান বিভিন্ন।

পরমাণুর গঠন (Quantum Mechanics)

ডি-ব্রগলীর Equation:

১৯২৪ সালে বিজ্ঞানী লুই ডি ব্রগলী মত প্রকাশ করেন যে, e^- এর কণা ও তরঙ্গ উভয় ধর্মই বিদ্যমান।

প্ল্যাংকের সমীকরণ অনুসারে, ফোটনের শক্তি, $E = hf$

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

অপরদিকে, আইনস্টাইনের ভরশক্তি সমীকরণ অনুসারে, $E = mc^2$ এখানে, m = সমতুল্য কণার আপেক্ষিক ভর, c = আলোর বেগ।

সুতরাং, $mc^2 = hf = h.\frac{c}{\lambda} \Rightarrow mc = \frac{h}{\lambda}$



$\therefore$ ফোটনের সমতুল্য গতিশীল ভর = m, সরল গতিবেগ = c $\therefore$ ফোটনের ভরবেগ, $mc = \frac{h}{\lambda}$

ব্রগলীর মতে, সকল চলমান বস্তুকণার সাথেও এক ধরনের তরঙ্গ জড়িত থাকে।

চলমান বস্তুকণার ভরবেগ, $p = mv$ হলে $mv = \frac{h}{\lambda}$ $\therefore \lambda = \frac{h}{mv} = \frac{h}{p}$

অর্থাৎ চলমান বস্তুকণার তরঙ্গধর্ম (λ) = $\frac{\text{ধ্রুবক (h)}}{\text{বস্তুর কণাধর্ম (mv)}}$ [$\therefore \lambda \propto \frac{1}{p}$ অর্থাৎ, তরঙ্গ ধর্ম $\propto \frac{1}{\text{কণাধর্ম}}$]

এটিই ডি-ব্রগলীর সমীকরণ নামে পরিচিত।

উল্লেখ্য, $\lambda = \frac{h}{p}$ সূত্রটি কেবলমাত্র আলোরক্ষেত্রেই পুরোপুরি সঠিক, কারণ, আলোর স্থির ভর = 0, অন্যান্য বস্তুর ক্ষেত্রে সঠিক সূত্রটি হল, $P^2 = \frac{h^2}{\lambda^2} - m_o^2C^2$, যখন, m_o হচ্ছে বস্তুর স্থির ভর।

e^-এর তরঙ্গ ধর্মের ব্যাখ্যাঃ ডি ব্রগলির মতবাদ অনুসারে, ইলেকট্রন তরঙ্গরূপে নিউক্লিয়াসের চারদিকে বৃত্তাকার পথে চলে। তখন r ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের পরিধিটি ইলেকট্রনের তরঙ্গ-দৈর্ঘ্য (λ) এর পূর্ণসংখ্যার (n) গুণীতক হতে হবে। অর্থাৎ

$\because \lambda = \frac{h}{mV}$ ও $mVr = \frac{n \times h}{2\pi}$ সুতরাং, $2\pi r = n\lambda = \frac{n \times h}{mV}$

এখানে mVr = আবর্তনশীল ইলেকট্রনের কৌণিক ভরবেগ, যা $\frac{h}{2\pi}$ এর পূর্ণ সংখ্যার গুণীতক।

এটিই প্রকৃতপক্ষে বোর মতবাদের অন্যতম স্বতঃসিদ্ধ; যখন ইলেকট্রনকে তরঙ্গরূপে গণ্য করা হয়।

যেহেতু, চিত্রটিতে ঘূর্ণায়মান e^- 5 টি পূর্ণ তরঙ্গ সম্পন্ন করেছে, সেহেতু, এটি 5 তম কক্ষপথ।

হাইজেনবার্গের অনিশ্চয়তা নীতি (Heisenberg's Uncertainty Principle):

গতিশীল ইলেকট্রনের কণা ও তরঙ্গ উভয় ধর্ম থাকায় হাইজেনবার্গ গাণিতিকভাবে প্রমাণ করেন যে, যদি কোন কণার ভরবেগ নির্ভুলভাবে নির্ণয় করা সম্ভব হয়, তখন এর অবস্থান নির্ণয় অনিশ্চিত হয়ে পড়ে। এ নীতি অনুসারে যদি Δx এবং Δp একই সময়ে নির্ণীত ইলেকট্রনের যথাক্রমে অবস্থান জ্ঞাপক ও ভরবেগের পরিমাণের ভুলের মাত্রা হয়, তবে উভয় ভুলের মাত্রার গুণফল প্লাঙ্কের ধ্রুবক $\frac{h}{4\pi}$ এর মানের সমান বা বড় হবে। অর্থাৎ গাণিতিকভাবে, $\Delta x \times \Delta p \geq \frac{h}{4\pi}$ (Constant) সমীকরণ হতে বুঝা যায় যে, Δx এবং Δp রাশিদ্বয় পরস্পরের ব্যস্তানুপাতিক।

শ্রোডিঞ্জারের তরঙ্গ সমীকরণঃ

শ্রোডিঞ্জারের তরঙ্গ সমীকরণটি হলো, $\frac{\delta^2\Psi}{\delta x^2} + \frac{\delta^2\Psi}{\delta y^2} + \frac{\delta^2\Psi}{\delta z^2} + \frac{8\pi^2 m}{h^2}(E - U)\Psi = 0$

এটি ত্রিমাত্রিক তরঙ্গ গতীয় সমীকরণ। মূলত, এটি ইলেকট্রনের তরঙ্গ ধর্মের উপর প্রতিষ্ঠিত। এটি অন্যান্য কণার জন্যও প্রযোজ্য। এখানে, $\Psi = x, y, z$ তলে তরঙ্গের বিস্তার; E = কণার মোট শক্তি; U = কণায় সঞ্চিত বিভব শক্তি; m = কণার ভর। এ সমীকরণ সমাধান করলে, বিশেষ শর্ত অনুযায়ী কোন কণার শক্তির কিছু নির্দিষ্ট মানই গ্রহণযোগ্য বলে ধরা হয়। এদেরকে eigen value বলে। নির্দিষ্ট eigen value এর জন্য Ψ এর যে নির্দিষ্ট মান পাওয়া যায় তাদেরকে eigen function বলে। Ψ^2 কোন অবস্থানের ইলেকট্রনের বা ইলেকট্রন মেঘের তীব্রতা নির্দেশ করে। অর্থাৎ Ψ^2 কোন অবস্থানে ইলেকট্রনের উপস্থিতির সম্ভাব্যতা নির্দেশ করে। নিউক্লিয়াসের চারদিকে যে নির্দিষ্ট ত্রিমাত্রিক স্থানে কোন নির্দিষ্ট শক্তির ইলেকট্রনের অবস্থানের সম্ভাবনা বেশি যেমন প্রায় 90-95% হয়, একে বিজ্ঞানী সমারফিল্ড অরবিটাল (orbital) নামে অভিহিত করেন। সুতরাং Ψ^2 এর মানসমূহ পরমাণুতে বিভিন্ন শক্তির অরবিটাল প্রকাশ করে। উল্লেখ্য, $\int_{-\infty}^{\infty} \Psi^2\, dv = 1$

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

<u>কোয়ান্টাম সংখ্যা</u>

কোন একটি ইলেকট্রন কোন শক্তিস্তরে আছে, শক্তিস্তরটি বৃত্তাকার না উপবৃত্তাকার এবং ইলেকট্রনটি নিজ অক্ষের চতুর্দিকে ঘড়ির কাঁটার দিকে না বিপরীত দিকে আবর্তন করে, এসব বিষয় প্রকাশের জন্য কয়েকটি সংখ্যার অবতারণ করা হয়। এ সংখ্যাসমূহই কোয়ান্টাম সংখ্যা নামে পরিচিত। অর্থাৎ পরমাণুতে অবস্থিত ইলেকট্রনের শক্তিস্তরের আকার, আকৃতি, শক্তিস্তরের বিন্যাস প্রকরণ এবং নিজ অক্ষের চতুর্দিকে আবর্তনের দিক প্রকাশক সংখ্যাসমূহকে কোয়ান্টাম সংখ্যা বলে।

(১) প্রধান কোয়ান্টাম সংখ্যা (Principal quantum number)
(২) সহকারী কোয়ান্টাম সংখ্যা (Subsidiary quantum number)
(৩) ম্যাগনেটিক কোয়ান্টাম সংখ্যা (Magnetic quantum number)
(৪) স্পিন কোয়ান্টাম সংখ্যা (Spin quantum number)

(১) **প্রধান কোয়ান্টাম সংখ্যাঃ** কোনো একটি ইলেকট্রন কোন প্রধান শক্তিস্তরে থেকে নিউক্লিয়াসের চতুর্দিকে আবর্তনশীল তা যে কোয়ান্টাম সংখ্যার সাহায্যে প্রকাশ করা হয়, তাকে প্রধান কোয়ান্টাম সংখ্যা বলে।

(২) **সহকারী কোয়ান্টাম সংখ্যাঃ** কোনে ইলেকট্রন একটি প্রধান শক্তিস্তরের কোন উপস্তরে রয়েছে তা প্রকাশের জন্য যে সংখ্যা ব্যবহার করা হয় তাকে সহকারী কোয়ান্টাম সংখ্যা বলে।

(৩) **ম্যাগনেটিক বা চৌম্বক কোয়ান্টাম সংখ্যাঃ** চৌম্বক ক্ষেত্রের প্রভাবে ইলেকট্রনের কক্ষপথের ওরিয়েন্টেশন বা বিভিন্ন ত্রিমাত্রিক দিক বিন্যাস ঘটে। এ বিন্যাস প্রকরণসমূহ প্রকাশ করার জন্য যে কোয়ান্টাম সংখ্যা ব্যবহৃত হয় তাকে ম্যাগনেটিক বা চৌম্বক কোয়ান্টাম সংখ্যা বলে।

(৪) **স্পিন কোয়ান্টাম সংখ্যাঃ** নিজস্ব অক্ষের চতুর্দিকে ইলেকট্রনের ঘূর্ণনের দিক প্রকাশকারী কোয়ান্টাম সংখ্যাকে স্পিন কোয়ান্টাম সংখ্যা বলে।

প্রধান কোয়ান্টাম সংখ্যা (n)এর		সহকারী কোয়ান্টাম সংখ্যা (l)এর		ম্যাগনেটিক কোয়ান্টাম সংখ্যা (m) এর		স্পিন কোয়ান্টাম সংখ্যা (s)	উপস্তরে ইলেকট্রন সংখ্যা	প্রধান স্তরে ইলেকট্রন সংখ্যা	প্রধান স্তরে ইলেকট্রন সংখ্যা
মান	শক্তিস্তর	মান	উপস্তর	মান	অরবিটাল সংখ্যা				
1	K - শেল	0	$1s$	0	1	$+\frac{1}{2},-\frac{1}{2}$	2	2	$1s^2$
2	L - শেল	0 1	$2s$ $2p$	0 $+1,0,-1$	1 3	$+\frac{1}{2},-\frac{1}{2}$ $3\left(+\frac{1}{2},-\frac{1}{2}\right.$	2 6	8	$2s^2 2p^6$
3	M - শেল	0 1 2	$3s$ $3p$ $3d$	0 $+1,0,-1$ $+2$ $\cdot +1,0,-1,-2$	1 3 5	$+\frac{1}{2},-\frac{1}{2}$ $3\left(+\frac{1}{2},-\frac{1}{2}\right.$ $5\left(+\frac{1}{2},-\frac{1}{2}\right.$	2 6 10	18	$3s^2\ 3p^6\ 3d^{10}$
4	N - শেল	0 1 2 3	$4s$ $4p$ $4d$ $4f$	0 $+1,0,-1$ $+2$ $\cdot +1,0,-1,-2$ $+3,+2,+1,0,-1,-$	1 3 5 7	$+\frac{1}{2},-\frac{1}{2}$ $3\left(+\frac{1}{2},-\frac{1}{2}\right.$ $5\left(+\frac{1}{2},-\frac{1}{2}\right.$ $7\left(+\frac{1}{2},-\frac{1}{2}\right.$	2 6 10 14	32	$4s^2 4p^6\ 4d^{10}\ 4f$

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

অরবিট ও অরবিটাল



গোলাকৃতি s অরবিটাল



s অরবিটালের আকৃতি







p-অরবিটালের আকৃতি (ডাম্বেল আকৃতির)



d_{xy} অরবিটাল



d_{xz} অরবিটাল



d_{yz} অরবিটাল



$d_{x^2-y^2}$ অরবিটাল



d_{z^2} অরবিটাল



d_{xy}, d_{xz}, d_{yz}, $d_{x^2-y^2}$ এবং d_{z^2} অরবিটালসমূহ

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

Nuclear Chemistry

Self Study: Nuclear Fission/Fusion, Radioactivity

Mass defect and Nuclear Binding Energy:

কোন পরমাণুর প্রোটন, নিউট্রন ও ইলেকট্রনের মোট ভর পৃথকভাবে নির্ণয় করলে দেখা যায়- পরমাণুর প্রকৃত ভর অপেক্ষা এই ভরের সমষ্টি সামান্য বেশি হয়। যেমন- ${}^{4}_{2}He$ পরমাণুতে 2 টি p ও 2 টি n থাকে। p ও n এর আপেক্ষিক ভর যথাক্রমে 1.0074amu ও 1.0086amu. তাহলে পরমাণুর মোট ভর হওয়া উচিত $= 2m_p + 2m_n = (2 \times 1.0074 + 2 \times 1.0086) = 4.032$amu. কিন্তু He পরমাণুর প্রকৃত ভর 4.003amu. এই অতিরিক্ত ভরকেই ভরত্রুটি বা Mass defect হিসেবে চিহ্নিত করা হয়।

$\therefore$ He পরমাণুর ভরত্রুটি, $\triangle m = (4.032 - 4.003)amu = 0.029amu$ (e^- এর ভর এখানে নেওয়া যাবে না)।

এই অতিরিক্ত ভর আইনস্টাইনের ভর-শক্তি সমীকরণ অনুসারে শক্তিতে পরিণত হয় এবং নিউক্লিয়াসের মধ্যে নিউক্লিয়নগুলোকে ধরে রাখে। এই শক্তিকে নিউক্লিয়ন বন্ধন শক্তি বা Nuclear Binding Energy বলে। (নিউক্লিয়াসের অভ্যন্তরে সমচার্জধর্মী প্রোটনগুলো পরস্পরকে প্রবলভাবে বিকর্ষিত করে কিন্তু এই নিউক্লিয়ার বন্ধনশক্তির জন্যই নিউক্লিয়াস স্থায়ীত্ব লাভ করে)।

তাহলে ভরত্রুটিকে $\triangle m$ হিসেবে চিহ্নিত করলে Nuclear Binding Energy, $E = \triangle mc^2$

অধ্যায়- ১০

(Elementary aspects of environmental chemistry)

পরিবেশের মৌলিক উপাদান ও গঠন

পরিবেশ বলতে আমরা বুঝি আমাদের চারপাশের সমস্ত জীবিত ও অজীবিত উপাদানকে। এর মধ্যে রয়েছে বায়ু, জল, মাটি, উদ্ভিদ, প্রাণী এবং মানুষ। পরিবেশের মৌলিক উপাদান হলো:

- জীবজ উপাদান (উদ্ভিদ, প্রাণী, অণুজীব)
- অজীবজ উপাদান (বায়ু, জল, মাটি, জলবায়ু ইত্যাদি)
- সামাজিক ও সাংস্কৃতিক উপাদান (মানব কার্যকলাপ, সংস্কৃতি, প্রযুক্তি)

বায়ুমণ্ডলের গঠন

বায়ুমণ্ডল হলো পৃথিবীকে ঘিরে রাখা গ্যাসের স্তর। এটি প্রধানত নাইট্রোজেন (৭৮%), অক্সিজেন (২১%), আর্গন ও কার্বন-ডাই-অক্সাইড ইত্যাদি দ্বারা গঠিত। বায়ুমণ্ডলকে প্রধানত পাঁচটি স্তরে ভাগ করা হয়:

- ট্রপোস্ফিয়ার
- স্ট্রাটোস্ফিয়ার
- মেসোস্ফিয়ার
- থার্মোস্ফিয়ার
- এক্সোস্ফিয়ার

এটম ইকোনমি:

$$\%AE = \frac{\text{কাঙ্ক্ষিত উৎপাদের মোট মোল} \times \text{সংকেত ভর বা মোলার ভর} \times 100}{\text{সব উৎপাদের মোট ভর}}$$

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

উদাহরণ: **মনে রাখতে হবে এটম ইকোনমি যত বেশি সেই পদ্ধতি তত পরিবেশবান্ধব**



$\%AE = 44.14\%$



$\%AE = 57.65\%$

নাইট্রোজেন চক্র:

$N_2 + O_2 \xrightarrow[3000^oC]{\text{বিদ্যুৎ ক্ষরণ}} 2NO$; $2NO + O_2 \xrightarrow[50^oC]{} 2NO_2$

$4NO_2 + 2H_2O + O_2 \longrightarrow 4HNO_3$; $CaO + 2HNO_3 \longrightarrow Ca(NO_3)_2 + H_2O$

$CaCO_3 + 2HNO_3 \longrightarrow Ca(NO_3)_2 + H_2O + CO_2$

CFC গ্যাস:

ওজোন স্তরকে ধ্বংসকারী মনুষ্য উৎপাদিত গ্যাসের নাম CFC (ক্লোরো ফ্লুরো কার্বন)/ফ্রেয়নস।

CFC এর সংকেত নির্ণয়:

CFC এর সংখ্যার সাথে 90 যোগ করলে যে সংখ্যা পাওয়া যায়,
তার শতকের ঘরের অঙ্ক C সংখ্যা,
দশকের ঘরের অঙ্ক H সংখ্যা এবং
এককের ঘরের অঙ্ক F সংখ্যা নির্দেশ করে।
কার্বনের অবশিষ্ট হাতে বসবে Cl।
যেমন:

CFC − 114 এর জন্য 144 + 90 = 2 0 4 (2 → C, 0 → H, 4 → F)

সুতরাং, $C = 2, H = 0, F = 4$ $\therefore Cl = 2$ $\therefore$ সংকেত $C_2F_4Cl_2$

গ্রিনহাউস প্রভাব

গ্রিনহাউস প্রভাব হলো এমন একটি প্রক্রিয়া যেখানে বায়ুমণ্ডলের গ্রিনহাউস গ্যাসসমূহ (যেমন: কার্বন-ডাই-অক্সাইড, মিথেন, জলীয় বাষ্প) পৃথিবীর তাপ আটকে রাখে। এটি পৃথিবীর তাপমাত্রা স্বাভাবিক রাখে, কিন্তু অতিরিক্ত গ্রিনহাউস গ্যাসের কারণে গ্লোবাল ওয়ার্মিং সৃষ্টি হয়।

অম্লবৃষ্টি

অম্লবৃষ্টি তখন ঘটে যখন বায়ুমণ্ডলে সালফার-ডাই-অক্সাইড (SO_2) এবং নাইট্রোজেন-অক্সাইড (NO_x) জলীয় বাষ্পের সাথে মিশে সালফিউরিক ও নাইট্রিক অ্যাসিড তৈরি করে। এটি বৃষ্টির সাথে মাটিতে নেমে এসে মাটি, জলাশয়, উদ্ভিদ ও ভবনের ক্ষতি সাধন করে।

আলোক-রাসায়নিক ধোঁয়াশা (Photochemical Smog)

আলোক-রাসায়নিক ধোঁয়াশা মূলত নগর এলাকায় বেশি দেখা যায়। এটি সূর্যালোকের প্রভাবে নাইট্রোজেন-অক্সাইড ও হাইড্রোকার্বনের প্রতিক্রিয়ার ফলে তৈরি হয়। এটি মানুষের চোখ, শ্বাসযন্ত্রের ক্ষতি করে এবং পরিবেশের মান হ্রাস করে।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

বায়ুতে ভাসমান কণিকা (Air Particulates)

বায়ুতে ধূলিকণা, ধোঁয়া, ছাই, পরাগকণা প্রভৃতি ভাসমান কণিকা থাকে। এগুলোকে পার্টিকুলেট ম্যাটার (PM) বলা হয়। বিশেষত PM2.5 ও PM10 মানুষের শ্বাসযন্ত্রের জন্য অত্যন্ত ক্ষতিকর। এসব কণার উৎস হলো শিল্পকারখানা, যানবাহন, নির্মাণ কাজ ইত্যাদি।

সারফেস ওয়াটারের বিশুদ্ধতার মানদন্ড:

(i) খরতা (Hardness)

(ii) pH

(iii) দ্রবীভূত অক্সিজেন (Dissolved Oxygen, DO)

(iv) প্রাণরাসায়নিক অক্সিজেন চাহিদা (Biochemical Oxygen Demand, BOD)

(v) রাসায়নিক অক্সিজেন চাহিদা (Chemical Oxygen Demand, COD)

(vi) মোট দ্রবীভূত কঠিন (Total Dissolved Solids, TDS)

পানির খরতা: যে পানিতে ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, অ্যালুমিনিয়াম ও আয়রনের বাইকার্বনেট, ক্লোরাইড ও সালফেট লবণ দ্রবীভূত থাকে তাকে **খর পানি** বলে। পানির খরতা দুই প্রকার। যেমন; (i) অস্থায়ী খরতা ও (ii) স্থায়ী খরতা

অস্থায়ী খরতা: পানিতে ক্যালসিয়াম, **ম্যাগনেসিয়াম ও আয়রনের বাইকার্বনেট** দ্রবীভূত থাকলে ঐ পানিতে যে খরতা সৃষ্টি হয় তকে **অস্থায়ী খরতা** বলে।

স্থায়ী খরতা: পানিতে ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, আয়রন ও অ্যালুমনিয়ামের **ক্লোরাইড ও সালফেট** লবণ দ্রবীভূত থাকলে ঐ পানিতে যে খরতা সৃষ্টি হয় তাকে স্থায়ী খরতা বলে। পানিতে Ca^{2+} ও Mg^{2+} আয়নের পরিমাণ 150 ppm বা 150 mg/L বা এর উর্ধ্বে হলে এ পানি খর পানির পর্যায়ে পড়ে।

পানির খরতা দূরীকরণ:

অস্থায়ী খর পানিকে দীর্ঘক্ষণ ফুটালে দ্রবণীয় বাইকার্বনেট লবণ অদ্রবণীয় ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়াম কার্বনেট লবণে পরিণত হয়।

$$Ca(HCO_3)_2 \longrightarrow CaCO_3 + H_2O + CO_2$$

স্থায়ী খর পানিকে স্ফুটন প্রণালি দ্বারা মৃদু পানিতে পরিণত করা যায় না। নিম্নোক্ত প্রণালিতে স্থায়ী খরতা দূর করা যায়।

পারমুটিট প্রণালিঃ পারমুটিট হলো পানিতে দ্রবণীয় সোদক সোডিয়াম অ্যালুমিনিয়াম অর্থোসিলিকেট ($NaAlSiO_4 . 3H_2O$)। এটি প্রকৃতিতে **জিওলাইট** নামক খনিজরূপে পাওয়া যায় এবং কৃত্রিম উপায়ে এটিকে প্রস্তুত করা যায়। ল্যাটিন **পারমুটিট** শব্দের অর্থ **বিনিময়**।

$$2Na\text{-পারমুটিট} + CaCl_2 = Ca\text{-পারমুটিট} + 2NaCl$$

$$2Na\text{-পারমুটিট} + MgSO_4 = Mg\text{-পারমুটিট} + Na_2SO_4$$

খর পানি ব্যবহারের অসুবিধা:

(i) সাবানের অপচয় ঘটে।

(ii) বয়লারে খর পানি ব্যবহার করলে এর ভিতরে অদ্রবণীয় কঠিন ধাতব লবণের আস্তরণ সৃষ্টি হয়। এরূপ আস্তরণ তাপ কুপরিবাহী বলে। জ্বালানির খরচ বেড়ে যায়।

(iii) কাগজ, কৃত্রিম সিল্ক ও রঞ্জন শিল্পে খর পানি ব্যবহার করা যায় না। খর পানিতে দ্রবণীয় ফেরাস লবণ থাকলে কাগজ ও কৃত্রিম সিল্কের ওপর বাদামি বর্ণের দাগ পড়ে

(iv) খর পানিতে চাল, ডাল প্রভৃতি সহজে সিদ্ধ হয় না এবং তরকারীর স্বাদও কম হয়ে থাকে। তরকারির রং কালচে হয়ে যায়। গ্লাস ও বাসনপত্রে বাদামি রংয়ের দাগ পড়ে।

Join Now ▶ | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

pH: মাছসহ বিভিন্ন জলজ প্রাণীর বসবাসের উপযোগী পানির pH এর মান 6.5 – 8.5 এর চেয়ে সামান্য কম বা বেশি অর্থাৎ পানির pH এর মান 4.5 থেকে কম এবং 9.5 থেকে বেশি হলে তা জীবনের জন্য প্রাণঘাতী হয়।

দ্রবীভূত অক্সিজেন (DO):

পানিতে বিভিন্ন অণুজীব, জলজ প্রাণীর ও উদ্ভিদের জীবন ধারণের জন্যে যে পরিমাণ অক্সিজেনের প্রয়োজন ঐ পরিমাণ অক্সিজেন পানিতে দ্রবীভূত থাকা প্রয়োজন। **পানিতে দ্রবীভূত অক্সিজেনই DO নামে পরিচিত।**

DO=$\frac{8VX}{P}$x1000 ppm

P = পরীক্ষার জন্য গৃহীত নমুনার আয়তন

X = সোডাইম থায়োসালফেট দ্রবণের ঘনমাত্রা (মোলারিটি এককে)

V= সোডাইম থায়োসালফেট দ্রবণের আয়তন(ml এককে)

DO কমে যাওয়ার কারণ:

(i) পানিতে অপদ্রব্য হিসেবে জৈব যৌগ থাকলে সেগুলো অণুজীব দ্বারা বিয়োজিত হয়। এ বিয়োজন প্রক্রিয়ায় অক্সিজেন শোষিত হয়।

(ii) জমিতে ফসফেট, নাইট্রেট ইত্যাদি জাতীয় সার ব্যবহার করা হলে সেগুলো বৃষ্টির পানিতে বাহিত হয়ে আশেপাশে জলাধারে জমা হয়। যে সকল গাছ পানিতে জন্মে, সেগুলো এ সার গ্রহণ করে দ্রুত বড় হয়। কোনো এক সময় এ গাছগুলো মরে গেলে ব্যাকটেরিয়া খাবার হিসেবে গ্রহণ করে। এ সকল প্রক্রিয়ায় প্রচুর পরিমাণে অক্সিজেন শোষিত হয়। ফলে পানিতে অক্সিজেনের পরিমাণ আরও বেশি হ্রাস পায়।

(iii) পানির তাপমাত্রা বৃদ্ধির ফলে পানিতে অক্সিজেনের দ্রবণীয়তা হ্রাস পায়। ফলে দ্রবীভূত অক্সিজেনের পরিমাণ কমে যায়। তাপমাত্রা বৃদ্ধির সঙ্গে জলজ উদ্ভিদের বিপাকীয় সক্রিয়তা বেড়ে যাওয়ায় অক্সিজেন চাহিদা বৃদ্ধি পায়। ফলে দ্রবীভূত অক্সিজেনের পরিমাণ হ্রাস পায়।

প্রাণরাসায়নিক অক্সিজেনের চাহিদা (ইওউ): পানিতে জৈব পদার্থের বিয়োজনের জন্য প্রয়োজনীয় অক্সিজেনের পরিমাণকে প্রাণরাসায়নিক অক্সিজেন চাহিদা (BOD) দ্বারা প্রকাশ করা হয়। **পানিতে জৈব পদার্থের পরিমাণ যত বেশি থাকবে BOD মান তত উচ্চ হবে এবং জলজ প্রাণী ইত্যাদির জন্য প্রাপ্য দ্রবীভূত অক্সিজেনের পরিমাণ তত হ্রাস পাবে।**

রাসায়নিক অক্সিজেন চাহিদা (ঈওউ): **পানিতে উপস্থিত বিয়োজনযোগ্য ও বিয়োজনঅযোগ্য দূষক পদার্থসমূহকে জারণের জন্য প্রয়োজনীয় মোট অক্সিজেনের চাহিদাকে রাসায়নিক অক্সিজেন চাহিদা (COD) বলে।** কোন নমুনার COD'র মান BOD'র মান অপেক্ষা বেশি হয়। কেননা COD নির্ণয়ের ক্ষেত্রে জৈব ও অজৈব উভয় বস্তুই জারিত হয়। পানিতে COD'র মান বৃদ্ধির অর্থ হলো দূষণের হার বৃদ্ধি।

ইওউ এবং ঈওউ এর মান নির্ণয়ঃ

$$\text{BOD/COD}=(initial\ DO - final\ DO)$$

মোট দ্রবীভূত কঠিন (TDS):

কোন নির্দিষ্ট আয়তনের পানিতে বিভিন্ন খনিজ পদার্থ, লবণ অথবা ধাতব আয়নের মোট দ্রবীভূত পরিমাণকে পানির **মোট দ্রবীভূত কঠিন** বলে।

পানিতে TDS কমানোর উপায়:

(i) কার্বন ফিল্টার: কার্বন ফিল্টারের সাহায্যে পানিকে ছাকন করলে TDS ও অন্যান্য বিষাক্ত উপাদানসমূহ অপসারিত হয়।

(ii) পাতন: পানিকে ডাবল ডিস্টেলেশন করে পানিতে দ্রবীভূত TDS এর পরিমাণ যথেষ্ট হ্রাস করানো যায়। সাধারণ পাতন প্রক্রিয়া কে পাতিত করলে TDS মানের হ্রাস ঘটে।

(iii) বিপরীত অভিস্রবণ: পানিকে উচ্চচাপ প্রয়োগ করে অর্ধভেদ্য পর্দার মধ্য দিয়ে চালনা করলে TDS উপাদানসমূহ পর্দার উপরিভাগে আটকা পড়ে থাকে, ফলে TDS হ্রাস পায়।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

(iv) আয়ন বিমুক্তকরণ: পানিকে ডিআয়োনাইজেশন প্রক্রিয়ার মাধ্যমে পানিতে দ্রবীভূত ভারী ধাতুর ক্যাটায়নসমূহ বিশেষ করে $Pb^{2+}, Cd^{2+}, As^{3+}, Hg^{2+}$ ক্যাটায়নসমূহ এবং বিভিন্ন অ্যানায়ন যেমন- $Cl^-, CO_3^{2-}, SO_3^{2-}$ যথেষ্ট পরিমাণে অপসারিত হয়। এ পদ্ধতিতে পানিকে ধনাত্মক ও ঋণাত্মক তড়িৎদ্বারে মধ্য দিয়ে প্রবাহিত করে। ফলে পানি হতে দ্রবীভূত আয়নসমূহ অপসারিত হয়।

WHO guidelines (According to HSC Chemistry 2nd Paper Textbook):

পানির বৈশিষ্ট্য	বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক মান
খরতা	500 mg/L
pH	6.5 – 8.5 (Drinking water)
DO	4 – 6 ppm
BOD	1 – 2 ppm
COD	4 ppm
TDS	300 mg/L
As	0.01 ppm

অধ্যায়- ১১

(Periodic table and Classification of elements, Chemical bonds, Detailed group chemistry)

রাসায়নিক বন্ধন:

Self Study: Histroy of periodic table, classification of elements in periodic table, determining position of an element in periodic table

- Ionic bond
- Covalent bond
- Coordinated covalent bond
- Metallic bond

❖ Ionic bond: Ionic bond গঠনের শর্ত

(i) Metal এর low আয়নিকরণ শক্তি

(ii) অধাতুর high electron affinity

(iii) গঠিত যৌগের উচ্চ ল্যাটিস শক্তি

$$\text{Lattice Energy} \propto \frac{Q_+Q_-}{r}$$

❖ **Ionic যৌগের বৈশিষ্ট্য:**

(i) গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক উচ্চ

(ii) কঠিন অবস্থা বিদ্যুৎ অপরিবাহী কিন্তু বিগলিত বা দ্রবীভূত অবস্থায় বিদ্যুৎ পরিবাহী।

(iii) বিনিময় গতি দ্রুত

(iv) বিক্রিয়া আয়নসমূহ তাদের স্বকীয়তা বজায় রাখে।

(v) Isomorphism

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

আয়নিক যৌগের পানিতে দ্রাব্যতা:

Hydration energy > Lattice energy



ΔH_{LE} = ল্যাটিস এনথালপি
ΔH_{hyd} = হাইড্রেশন এনথালপি
ΔH_{sol^n} = দ্রবণ এনথালপি



$\Delta H_{LE} = -ve\,,\quad \Delta H_{hyd} = -ve$

যদি, $\Delta H_{sol^n}\ -ve$ হয়, লবণটি দ্রাবকে (পানিতে) দ্রবীভূত।

আর যদি, $\Delta H_{sol^n} = +ve$ হয়, লবণটি পানিতে দ্রবীভূত নয়।

হেসের তাপ সমষ্টিকরণ সূত্র হতে পাই,

$\Delta H_{LE} + \Delta H_{sol^n} = \Delta H_{hyd}$

$\Rightarrow \Delta H_{sol^n} = \Delta H_{hyd} - \Delta H_{LE}$

তাই, $\Delta H_{hyd} > \Delta H_{LE}$ হলে, ΔH_{sol^n} ঋনাত্মক $(-ve)$ হবে এবং লবণটি পানিতে দ্রবীভূত হবে।

অন্যথায়, লবণটি পানিতে দ্রবীভূত হবে না।

❖**সমযোজী বন্ধন**→ e^- sharing বন্ধন

গঠন তত্ত্ব:

(i) **অষ্টক তত্ত্ব:** পরমাণু সমূহ অষ্টক পূরণের জন্য valence electron share করে।

(ii) **Valence Bond Theory:**

- Valence orbital এর overlapping এর কারণে বন্ধন তৈরী হয়।
- head to head overlap- σ bond,
- sidewise, overlap- π bond
- hybridization হল VBT এর তত্ত্ব।

Hybridization: ভিন্ন কিন্তু কাছাকাছি শক্তির atomic orbital এর linear combination এর কারণে সমশক্তির সমসংখ্যক hybrid orbital পাওয়া যাবে।

সংকরণ নির্ণয়:

অজৈব যৌগ: $x = \frac{1}{2}[V + M - C + A]$

x = সংকর অরবিটালের সংখ্যা

v = কেন্দ্রীয় পরমাণুর যোজ্যতা e^- সংখ্যা

M = এক যোজী পরমাণুর সংখ্যা

C = ক্যাটায়নের চার্জ

A = অ্যানায়নের চার্জ (শুধুমাত্র মান, প্রকৃতি নয়)।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

x	সংকরায়ণ
2 ⟶	sp
3 ⟶	sp^2
4 ⟶	$sp^3/sp^2d/dsp^2$
5 ⟶	sp^3d/dsp^3
6 ⟶	sp^3d^2/d^2sp^3
7 ⟶	sp^3d^3/d^3sp^3

Number of hybrid Orbitals	Number of electron pairs around central atom		Full description Of the molecule		
(x)	Bond (B)	Lone (E)	Example	Bond angles	Geometry/Shape
2	2	0	$BeCl_2$	180°	Linear
3	3	0	BF_3	120°	Trigonal planar
	2	1	SO_2	Slightly less than 120°	Bent Or V Shaped
4	4	0	CH_4	109.5°	Tetrahedral
	3	1	NH_3	107.5°	Trigonal Pyramidal
	2	2	H_2O	104.5°	Bent or V Shaped
5	5	0	PCl_5	120° in plane 90° perpendicular to plane	Trigonal bipyramidal
	4	1	SF_4	Complex	Seesaw
	3	2	ClF_3	Approx. 90°	T-Shaped
	2	3	XeF_2	180°	Linear
6	6	0	SF_6	90°	Octahedral
	5	1	BrF_5	Approx. 90°	Square Pyramidal
	4	2	XeF_4	90°	Square Planar

(iii) Molecular Orbital Theory:

- পরমাণু যখন বন্ধন গঠনে অংশগ্রহণ করে তখন পরমাণুর সকল পারমাণবিক বা atomic orbital overlapping এর ভিতর দিয়ে যায় এবং সমসংখ্যক molecular orbital তৈরী করে। (**Number of molecular orbitals formed= no of atomic orbitals combined**)
- সাধারণত molecular orbital গুলো দুই ধরনের হয়

Bonding Molecular: orbital (Bonding MO): Bonding MO এর electron density 2 nucleus এর মাঝে থাকে অথবা উপরে-নিচে থাকে এবং শক্তি Atomic orbital থেকে কম হয়।

Anti bonding Molecular: Anti bonding MO এর electron 2 nucleus এর মাঝে থাকে না এবং এর শক্তি Atomic orbital থেকে বেশি হয়।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

$$\text{Bond order} = \frac{\text{Bonding } e^- - \text{Antibonding } e^-}{2}$$

উদাহরণ: $H_2 \rightarrow \sigma_{1s}^{2}$; So, B.O= (2-0)/2=1; B.O.=1 means single bond



Remember: When we calculate the energies of two molecular orbitals, the σ bonding MO leads to a lower energy state, and the σ* antibonding MO leads to a higher energy state with a node.

প্যারাম্যাগনেটিক ধর্ম: যদি অযুগ্ম ইলেকট্রন থাকে তাহলে প্যারা; অন্যথায় ডায়া। যেমন:

	H_2^+	H_2	He_2^+	He_2
σ_{1s}^*	—	—	↑	↑↓
σ_{1s}	↑	↑↓	↑↓	↑↓
magnetism	para	dia	para	-

নিজে চেষ্টা করুন:

সংখ্যা	যৌগ বা মৌল বা আয়ন	ম্যাগনেটিক বৈশিষ্ট্য
01.	N_2	ডায়াম্যাগনেটিক
02.	N_2^+	প্যারাম্যাগনেটিক
03.	O_2	প্যারাম্যাগনেটিক
04.	O_2^-	প্যারাম্যাগনেটিক
05.	NO	প্যারাম্যাগনেটিক
06	NO^+	ডায়াম্যাগনেটিক

সমযোজী যৌগের আয়নিক বৈশিষ্ট্য:

Fajan's polarization

যখন কোন ক্যাটায়ন একটি অ্যানায়নের খুব নিকটে আসে তখন ক্যাটায়নের নিউক্লিয়াস তথা সমগ্র ধনাত্মক চার্জ অ্যানায়নের ইলেকট্রন মেঘকে নিজের দিকে আকর্ষণ করে। একই সাথে ক্যাটায়নটি অ্যানায়নের নিউক্লিয়াসকে বিকর্ষণ করে। এই আকর্ষণ ও বিকর্ষণের ফলে অ্যানায়নের ইলেকট্রন মেঘ ক্যাটায়নের দিকে সরে আসে। একে ক্যাটায়ন দ্বারা অ্যানায়নের বিকৃতি বা পোলারায়ন বলা হয় এবং অ্যানায়নটি পোলারায়িত হয়েছে বলা হয়। অ্যানায়নকে এভাবে পোলারায়িত করার ক্ষমতাকে ক্যাটায়নের পোলারায়ন ক্ষমতা বলা হয়। অ্যানায়নের যত বেশি পোলারায়ন হবে, যৌগটির প্রকৃতি আদর্শ আয়নিক বন্ধনের প্রকৃতি থেকে তত বেশি বিচ্যুত হবে। কোন ক্যাটায়ন দ্বারা অ্যানায়নের পোলারায়নের পরিমাণ কয়েকটি শর্ত দ্বারা নির্ধারিত হয়। এ সব শর্তকে ফাযানের পোলারায়ন নিয়ম বলা হয়। এ সব শর্ত হল-

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

(১) ক্যাটায়ন যত ক্ষুদ্র হয়
(২) অ্যানায়ন যত বড় হয়
(৩) ক্যাটায়নও অ্যানায়নের চার্জ যত বেশি হয়
এবং (৪) যদি ক্যাটায়নের d ও f অরবিটালে e^- থাকে

$\Rightarrow$ পোলারায়ণ $\uparrow \Rightarrow$ সমযোজী বৈশিষ্ট্য $\uparrow$
$\Downarrow$
আয়নিক বৈশিষ্ট্য $\downarrow$
$\Downarrow$
গলনাংক, স্ফুটনাংক $\downarrow$
পানিতে দ্রাব্যতা $\downarrow$
ইত্যাদি।

- তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য
- আয়নিক যৌগের সমযোজী বৈশিষ্ট্য

ধাতব বন্ধন:

- Electron shell model (All the atomic shell orbitals combines to from molecular orbitals in which electron resides again)
- Electron gas model (metal cation গুলি electron এর গ্যাসের মধ্যে ডুবে থাকে।)

Intermolecular force

- Van-der Weals forces
  - Diploe-diploe force
  - Diploe-induced diploe force
  - London dispersion force

H-bond

- Intermolecular H-bond
- Intramolecular H-bond

–H – bond এর ক্ষেত্রে নিজে চেষ্টা করুন
❒ বরফ কেন পানিতে ভাসে,
❒ H_2SO_4 এর স্ফুটনাঙ্ক কেন পানি অপেক্ষা বেশি?
❒ অ্যাসিটিক এসিড কেন ডাইমার হিসেবে থাকে?

Group Chemistry Note

তথ্যসূত্র: প্রফেসর ড সরোজ কান্তি সিংহ হাজারী ও প্রফেসর হারাধন নাগ, প্রথম পত্র ও ২য় পত্র, একাদশ-দ্বাদশ শ্রেণি, চতুর্দশ সংস্করণ, মে-২০১২

s block মৌল:

গ্রুপ-১ (H Li Na K Rb Cs Fr)

ক্ষার ধাতু (Li Na K Rb Cs): এরা ধাতু এবং পানির সাথে তীব্রভাবে বিক্রিয়া করে ক্ষার উৎপন্ন হয়। এজন্য এদেরকে ক্ষারধাতু বলে।

ক্ষারধাতুর বৈশিষ্ট্য:

i) এদের সক্রিয়তা উপর থেকে নিচে বৃদ্ধি পায়।
ii) এরা সকলে শিখা পরীক্ষায় বর্ণ প্রদর্শন করে।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

iii) এদের প্রায় সকল লবণ পানিতে দ্রবণীয়।

iv) এদের নাইট্রেট উত্তাপে আংশিকভাবে বিয়োজিত হয়। (ব্যতিক্রম Li)

v) Li ব্যতীত কোনো ক্ষারধাতুর কার্বনেট উত্তাপে বিয়োজিত হয় না (ব্যতিক্রম Li)

(Li **ব্যতিক্রম** কারণ এর **চার্জ ঘনত্ব সর্বাধিক**)

কর্ণ সম্পর্ক:

পর্যায় সারণিতে কখনো কখনো কোনো মৌলের সাথে তার পরবর্তী পর্যায়ের এবং পরবর্তী গ্রুপে অবস্থিত মৌলের সাথে মিল লক্ষ্য করা যায়। একে 'কর্ণ সম্পর্ক' বলে ।

গ্রুপ-2 (Be Mg Ca Sr Ba Ra)

মৃৎক্ষার ধাতু (Be Mg Ca Sr Ba): এদেরকে মাটিতে পাওয়া যায় এবং এরা ধাতব ধর্ম প্রদর্শন করে। তাই এদের মৃৎক্ষার ধাতু বলে।

বৈশিষ্ট্য:

i) এদের সক্রিয়তা উপর থেকে নিচে বৃদ্ধি পায় ।

ii) Be, Mg ব্যতীত বাকি সকলে শিখা পরীক্ষায় বর্ণ প্রদর্শন করে ।

iii) OH^- ও SO_4^{2-} এর ক্ষেত্রে দ্রাব্যতার ক্রম বিপরীত।

iv) সকল নাইট্রেট উত্তাপে সম্পূর্ণরূপে বিয়োজিত হয়।

v) সকল কার্বনেট উত্তাপে সম্পূর্ণরূপে বিয়োজিত হয় । তবে এই বিয়োজন প্রবণতা উপর থেকে নিচে হ্রাস পায়

P-block মৌল:

গ্রুপ-13	গ্রুপ-14	গ্রুপ-15	চ্যালকোজেন গ্রুপ-16	হ্যালোজেন গ্রুপ-17	নিষ্ক্রিয় গ্যাস গ্রুপ-18
B, Al	C, Si	N, P	O, S	F, Cl, Br, I	He, Ne, Ar,Kr,Xe, Rn

গ্রুপ-13:

বৈশিষ্ট্য- [41]

১. এরা ত্রিযোজী ।

২. তিনটি ইলেকট্রন ত্যাগ করে M^{3+} ও জারণ অবস্থা সৃষ্টি করতে পারেG কিন্তু তিনটি ইলেকট্রন ত্যাগ করা কষ্টকর বিধায় এরা খুব কমই আয়নিক যৌগ গঠন করে।

৩. এদের অধিকাংশ যৌগে **সমযোজী বৈশিষ্ট্য** প্রবল হওয়ায় প্রায় সকল যৌগই নিম্ন গলনাঙ্কবিশিষ্ট, সহজে আদ্র বিশ্লেষিত হয় এবং যদি কেলাস গঠন করে সেটিও খুব দুর্বল।

৪. $AlCl_3$ ঊর্ধ্বপাতিত হয়

৫. $AlCl_3$ প্রকৃতিতে **ডাইমার** অবস্থায় বিরাজ করে

৬. $AlCl_3$ এর জলীয় দ্রবণ অম্লধর্মী/ $AlCl_3$ আর্দ্র বিশ্লেষিত হয়

Group-14:

সাধারণ বৈশিষ্ট্য:

i) যত উপর থেকে নিচে যাওয়া হয় ধাতব ধর্ম বৃদ্ধি পায় ।

C → অধাতু

Si, Ge → অপধাতু

Sn, Pb → ধাতু

ii) এরা সকলেই বহুরূপতা প্রদর্শন করে ।

iii) স্থিতিশীল জারণ অবস্থা +4। Sn, Pb ছাড়া বাকিরা সকলেই স্থিতিশীল সমযোজী যৌগ গঠন করে । Sn, Pb আয়নিক যৌগ গঠন করলেও সেসব যৌগে সমযোজী বৈশিষ্ট্য প্রবল।

iv) C ক্যাটিনেশন ধর্ম প্রদর্শন করে। Si সামান্য ক্যাটিনেশন ধর্ম দেখালেও গ্রুপের অন্যরা একেবারেই দেখায় না।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

v) CO_2 গ্যাসীয় কিন্তু SiO_2 উচ্চ গলনাঙ্কবিশিষ্ট কঠিন পদার্থ।

Q: $SiCl_4$ আর্দ্র বিশ্লেষিত হয় কিন্তু CCl_4 আর্দ্র বিশ্লেষিত হয় না কেন? [77]

Si এর বহিঃস্তরে ফাঁকা 3d orbital থাকায় এটি পানির অণুর সাথে **সন্নিবেশ বন্ধন** গঠন করতে পারে। সুতরাং $SiCl_4$ আর্দ্র বিশ্লেষিত হয়।

অপরদিকে C এর বহিঃস্তরে কোনো ফাঁকা d-orbital না থাকায় CCl_4 আর্দ্র বিশ্লেষিত হয় না।

Group-15

বৈশিষ্ট্য:

১) N, P → অধাতু

As → অপধাতু

Sb, Bi → ধাতু (Bi তেজস্ক্রিয়)

২) এরা সকলে পঞ্চযোজ্যতা প্রদর্শন করে।

৩) উচ্চ তাপমাত্রায় N^{3-} (নাইট্রাইড), P^{3-} (ফসফাইড) গঠনের মাধ্যমে অল্পকিছু আয়নিক যৌগ সৃষ্টি করা সম্ভব।

N_2O → নাইট্রোজেন (I) অক্সাইড / লাফিং গ্যাস

N_2O_3 → নাইট্রোজেন সেসকুই অক্সাইড / নাইট্রাস এসিড অ্যানহাইড্রাইড

N_2O_4 → ডাই নাইট্রোজেন টেট্রা অক্সাইড

N_2O_5 → নাইট্রিক এসিড অ্যানহাইড্রাইড

Q: PCl_5 গঠিত হলেও NCl_5 গঠিত হয় না কেন?

N এর বহিঃস্তরে ফাঁকা d-orbital না থাকায় এটি সর্বোচ্চ তিনটি অযুগ্ম ইলেকট্রন সৃষ্টি করতে পারে। ফলে NCl_3 সম্ভব হলেও NCl_5 সম্ভব নয়। অপরদিকে P এর বহিঃস্তরে ফাঁকা d-orbital থাকায় উদ্দীপিত অবস্থায় 3s থেকে ইলেকট্রন 3d তে স্থানান্তরিত হয়ে পাঁচটি অযুগ্ম ইলেকট্রন সৃষ্টি হয়। ফলে PCl3 ও PCl5 উভয়ই সম্ভব হয়।

Q: NCl_5 গঠিত না হলেও N_2O_5 সম্ভব- ব্যাখ্যা কর। উ: নাইট্রোজেনের সন্নিবেশ বন্ধন

Q: NH_3 অপেক্ষা PH_3 অধিক ক্ষারধর্মী ব্যাখ্যা কর।

NH_3 ও PH_3 উভয়ই H+ এর সাথে সন্নিবেশ বন্ধন গঠন করতে পারে । সুতরাং NH_3 ও PH_3 উভয়ই ক্ষারধর্মী ।

কিন্তু NH_3 অধিক ক্ষারধর্মী কারণ:

N এর আকার ছোট ।

N এর তড়িৎ ঋণাত্মকতা বেশি ।

Q: NCl_3 এবং PCl_3 উভয়ই আদ্র বিশ্লেষিত হয়, কিন্তু PCl_3 ; NCl_3 অপেক্ষা অধিক দ্রুত বিশ্লেষিত হয় কেন?

NCl_3 ও PCl_3 উভয়ই H_2O এর সাথে সন্নিবেশ বন্ধন গঠন করে। ফলে NCl_3 ও PCl_3 উভয়ই আদ্র বিশ্লেষিত হয়। কিন্তু PCl_3 ও P-Cl বন্ধনের তুলনায় NCl_3 এ N-Cl বন্ধনের স্থায়িত্ব কম। তাই PCl_3 ; NCl_3 অপেক্ষা দ্রুত বিশ্লেষিত হয়।

HNO_3 এর জারণ ধর্ম: গাঢ় এবং **লঘু** উভয় অবস্থায় HNO_3 জারণ ধর্ম প্রদর্শন করে ।

Q: বিভিন্ন ঘনমাত্রায় HNO_3 এর সাথে Cu এর বিক্রিয়া দেখাও।

Cu এর সাথে গাঢ় HNO_3 এর বিক্রিয়া:

$2HNO_3$(গাঢ়)$\rightarrow H_2O+2NO_2+[O]$

$Cu+[O]\rightarrow CuO$

$CuO+2HNO_3\rightarrow Cu(NO_3)_2+H_2O$

$Cu+4HNO_3$(গাঢ়)$\rightarrow Cu(NO_3)2+2NO_2+2H_2O$

Cu এর সাথে মধ্যম গাঢ় HNO_3 এর বিক্রিয়া:

$2HNO_3$ (**মধ্যম** গাঢ়)$\rightarrow H_2O+2NO+3[O]$

$3Cu+3[O]\rightarrow 3CuO$

$3CuO+6HNO_3\rightarrow 3Cu(NO_3)_2+4H_2O$

$3Cu+8HNO_3$(**মধ্যম** গাঢ়)$\rightarrow 3Cu(NO_3)_2+2NO+4H2O$

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

Cu এর সাথে লঘু HNO_3 এর বিক্রিয়া:

$2HNO_3$(লঘু)$\rightarrow H_2O+N_2O+4[O]$

$4Cu+4[O]\rightarrow 4CuO$

$4Cu+8HNO_3\rightarrow 4Cu(NO_3)_2+4H_2O$

$4Cu+10HNO_3\rightarrow 4Cu(NO_3)_2+N_2O+5H_2O$

রাজঅম্ল / অ্যাকুয়া রেজিয়া: 3 mol গাঢ় HCl ও 1 mol গাঢ় HNO_3 এর মিশ্রণকে **রাজঅম্ল** বলে।

রাজঅম্ল কিভাবে Au কে দ্রবীভূত করে?

$3HCl+HNO_3\rightarrow 2H_2O+NOCl+2[Cl]$

$Au+3[Cl]\rightarrow AuCl_3$

$AuCl_3+HCl\rightarrow HAuCl_4$

$11HCl+3HNO_3+2AuCl_3\rightarrow 2HAuCl_4+6H_2O+3NOCl$

Group-16:

Q: SO_2 জারক, বিজারক ও বিজারক - ব্যাখ্যা কর।

SO_2 জারক:

$2H_2S+SO_2\rightarrow 3S+2H_2O$

SO_2 বিজারক:

$2FeCl_3+SO_2+2H_2O\rightarrow 2FeCl_2+H_2SO_4+2HCl$

SO_2 বিরঞ্জক:

$SO_2+2H_2O\rightarrow H_2SO_4+2[H]$

[H] দ্বারা বিরঞ্জন করে।

Q: দেখাও যে, লঘু H_2SO_4 এর সাথে Cu এর বিক্রিয়া হয় না কিন্তু গাঢ় H_2SO_4 এর সাথে হয় কেন?

Cu+ H_2SO_4 (লঘু)$\rightarrow$ No reaction

H_2SO_4 (গাঢ়)$\rightarrow H_2O+SO_2+[O]$

$Cu+[O]\rightarrow CuO$

CuO+ H_2SO_4 (গাঢ়)$\rightarrow CuSO_4$+H2O

$Cu+2H_2SO_4$(গাঢ়)$\rightarrow CuSO_4+SO_2+2H_2O$

Group-17

Halogen এর সাধারণ প্রস্তুতি: [136]

ধাতব হ্যালাইডকে

H_2SO_4 ও MnO_2 এর মিশ্রণ দ্বারা জারিত করে হ্যালোজেন প্রস্তুত করা হয়।

$NaX+H_2SO_4\rightarrow HX+NaHSO_4$

$H_2SO_4+MnO_2\rightarrow MnSO_4+H_2O+[O]$

$2HX+[O]\rightarrow X_2+H_2O$

সার্বিক বিক্রিয়া: $2NaX+3H_2SO_4+MnO_2\rightarrow X_2+2NaHSO_4+MnSO_4+2H_2O$ **[$X_2\rightarrow Cl_2,Br_2,I_2$]**

F_2 সবচেয়ে তীব্র জারক হওয়ায় ধাতব ফ্লোরাইডকে কেউ জারিত করতে পারে না । ফলে F_2 কে এই পদ্ধতিতে প্রস্তুত করা সম্ভব নয়।

Q: F-F বন্ধন বিয়োজন শক্তি হ্যালোজেনদের মধ্যে সর্বনিম্ন কেন? [140]

F-F বন্ধন বিয়োজন শক্তি হ্যালোজেনদের মধ্যে সর্বনিম্ন কারণ F এর ছোট আকার । F এর আকার ছোট হওয়ায় পরমাণুর বহিঃস্তরের ইলেকট্রন যুগলের মধ্যে বিকর্ষণ বল অত্যন্ত বেশি হয়। যা F-F বন্ধনকে দুর্বল করে দেয়।

Halogen এর বিভিন্ন ক্রম: [147]

জারণ ক্ষমতা: $F_2>Cl_2>Br_2>I_2$

অ্যাসিড ধর্ম: HI>HBr>HCl>HF

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

গলনাঙ্ক/স্ফুটনাঙ্ক (আণবিক ভর): $I_2>Br_2>Cl_2>F_2$

বন্ধন বিয়োজন শক্তি: $HI<HBr<HCl<HF$

ক্লোরিনের জারণ ধর্ম:

বিরঞ্জন ক্রিয়া:

$Cl_2+H_2O \rightarrow HCl+HOCl$

$HOCl \rightarrow HCl+[O]$

[O] দ্বারা বিরঞ্জন ও জীবাণু ধ্বংস করে।

হ্যালোজেন এর এসিড:

HCl প্রস্তুতি: $NaCl+H_2SO_4 \rightarrow Na_2SO_4+HCl$

কিন্তু HBr/HI বিজারন ধর্মী হওয়ায় H_2SO_4 এর সাথে বিক্রিয়া করে। ফলে ধাতব ব্রোমাইড/আয়োডাইড এর সাথে H_2SO_4 এর বিক্রিয়ায় HBr/HI প্রস্তুত করা যায় না।

$NaBr+H_2SO_4 \rightarrow HBr+NaHSO_4$

$HBr+ H_2SO_4 \rightarrow Br_2+SO_2+H_2O$

Cl_2 এর অসামঞ্জস্যতা:

অসামঞ্জস্যতা বিক্রিয়া (Disproportionation reaction):

যে বিক্রিয়ায় একটি মৌলের একই সাথে জারণ ও বিজারন ঘটে তাকে অসামঞ্জস্যতা বিক্রিয়া বলে।

অসামঞ্জস্যতা ২ প্রকার:

১) ক্ষারীয় অসামঞ্জস্যতা

২) অম্লীয় অসামঞ্জস্যতা

ক্ষারীয় অসামঞ্জস্যতা:

$Cl_2+2NaOH(15^\circ C) \rightarrow NaCl+NaOCl+H_2O$

$3Cl_2+6NaOH(70^\circ C) \rightarrow NaClO_3+5NaCl+3H_2O$

অম্লীয় অসামঞ্জস্যতা: [167]

$Cl_2+H_2O \rightarrow HCl+HOCl$

Q: HI তীব্র বিজারক- ব্যাখ্যা করুন। [168]

$4HI+SO_2 \rightarrow S+2I_2+2H_2O$

নিষ্ক্রিয় গ্যাসের যৌগ গঠন:

Q: নিষ্ক্রিয় গ্যাস সাধারণ অবস্থায় যৌগ গঠন করে না, তবে Xe এর সাথে তীব্র তড়িৎ ঋণাত্মক মৌল F এর সাথে যৌগ গঠন সম্ভব কেন?

Xe এর আকার বড় হওয়ায় এর ইলেকট্রন ও নিউক্লিয়াসের আকর্ষণ বল দুর্বল হয় । তখন অধিক তড়িৎ ঋণাত্মকতা সম্পন্ন F এর সাথে বিক্রিয়া হয় ফলে Xe এর উত্তেজিত ইলেকট্রন বিন্যাস থেকে যৌগ গঠন সম্ভব হয়।

নিষ্ক্রিয় গ্যাসের যৌগ গঠন:

(i) উত্তেজিত অবস্থায় যৌগ গঠন:

বিদ্যুৎ ক্ষরণের সময় Hg অত্যন্ত সুস্থিত $HgHe_{10}$ গঠন করে। হিলিয়াম গ্যাসের উপস্থিতিতে টাংস্টেন ইলেকট্রন রশ্মি যোগে আক্রান্ত হলে WHe গঠিত হয়। এছাড়া–Pt_3He, PdHe, BiHe, FeHe, FeAr অনেকে মনে করেন এরা রাসায়নিক যৌগ নয়, বরং অধিশোষণ যৌগ (adsorption Compounds); এদের অন্তরীণ যৌগও (Interstitial Compound) বলা হয়।



Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

(ii) ক্ল্যাথরেট যৌগ:

কতগুলো বিশেষ ধরণের অজৈব যৌগ আছে যাদের কেলাস জালকের ফাঁকের মধ্যে নিষ্ক্রিয় গ্যাস মৌল অবরুদ্ধ অবস্থায় থাকে। এদেরকে ক্ল্যাথরেট যৌগ বলে।

Ar, Kr, Xe কুইনলের সাথে ক্ল্যাথরেট যৌগ গঠিত হয়। He, Ne কোন ক্ল্যাথরেট যৌগ গঠন করে না। কারণ এদের আকার এত ছোট যে, এরা Gap হতে বেরিয়ে আসতে পারে। প্রকৃতপক্ষে ক্ল্যাথরেট কোন বিশুদ্ধ রাসায়নিক যৌগ নয়।

আর্গন ক্ল্যাথরেট: Ar $(C_6H_6\,O_2)_3$ ।



(iii) সন্নিবেশ সমযোজী যৌগ গঠন:

মুক্ত জোড় ইলেকট্রন থাকায় নিম্ন তাপমাত্রায় শক্তিশালী ইলেকট্রন গ্রহীতার উপস্থিতিতে ইলেকট্রন দান করে এরা যৌগ গঠন করতে পারে। এদের সংকেত: $Ar.nBF_3$ [n=1,2,3,6,8,16]

(iv) ডাইপোলের প্রভাবে যৌগ গঠন:

এ সকল যৌগে পানি ও নিষ্ক্রিয় গ্যাসের অনুপাত 6:1 ($Ar.6H_2O$; $Kr.6H_2O$; $Xe.6H_2O$)। উচ্চ চাপ ও নিম্ন তাপমাত্রায় সুস্থিত।

ফেনলের প্রভাবেও Kr ও Xe পোলারিত হয় । Kr (C_6H_5OH), Xe(C_6H_5OH) উল্লেখযোগ্য।

(v) Xe অধিক তড়িৎ ঋণাত্মক F_2 এর সাথে যৌগ গঠন করতে পারে।

নাম	সংকরণ	আকার
XeF_2	sp^3d	সরল রৈখিক
XeF_4	sp^3d^2	সমতলীয় বর্গাকার
XeF_6	sp^3d^3	অষ্টতলকীয়

(vi) বিভিন্ন অণুর গাঠনিক চিত্র:



চিত্র: XeF_4



চিত্র: XeF_6



চিত্র: XeF_2

d – ব্লক মৌল:

d- ব্লক মৌলের বহিঃস্থ দুটি শক্তি স্তরের ইলেকট্রন বিন্যাস $(n-1)d^{1-10}ns^{1-2}$ হয়।

যে সব d-ব্লক মৌলের সুস্থিত আয়নের ইলেকট্রন বিন্যাসে d-অরবিটালের ইলেকট্রন দ্বারা আংশিক পূর্ণ (d^{1-9}) থাকে তাদেরকে অবস্থান্তর মৌল বলে। যেমন–আয়রন একটি অবস্থান্তর মৌল। এর সুস্থিত আয়ন Fe^{2+} এর ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ:-

$Fe^{2+}(26) = 1s^2 2s^2\ 2p^6 3p^6 3d^6$

অপরপক্ষে, কোন d- ব্লক মৌলের সুস্থিত আয়নে d- অরবিটাল ইলেকট্রন দ্বারা পূর্ণ (d^{10}) অথবা ফাঁকা থাকলে মৌলটি পরিবর্তনশীল জারণ অবস্থা প্রদর্শন করতে পারে না। ফলে মৌলটি d- ব্লক মৌল হলেও অবস্থান্তর মৌল নয়। যেমন- Zn এর সুস্থিত আয়ন Zn^{2+} এর ইলেকট্রন বিন্যাসে 3d অরবিটাল ইলেকট্রন দ্বারা পূর্ণ থাকে বিধায় জিংক অবস্থান্তর মৌল নয়।

$Zn^{2+}(30) = 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2 3p^6 3d^{10}$

অবস্থান্তর মৌলসমূহ কিছু বৈশিষ্ট্য প্রদর্শন করে থাকে। যেমন –

(i) পরিবর্তনশীল জারণ অবস্থা; (ii) প্রভাবকরূপে ক্রিয়া করে; (iii) জটিল আয়ন গঠন করে

(iv) রঙিন যৌগ গঠন করে ; (v) প্যারাচুম্বকত্ব ধর্ম প্রদর্শন করে থাকে।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

জটিল আয়নের সংকরণ:

$Ni(CO)_4$



Strong ←	→ Weak
$CN^-, CO, NO_2^-, en, NH_3, H_2O, OX, OH^-, F^-, SCN^-, Cl^-, Br^-, I^-$	

☐ সংক্ষেপে জটিল আয়নের সংকরায়ণ বের করার উপায় $x =$ জটিল আয়নে কেন্দ্রীয় পরমাণু বা আয়নের সন্নিবেশ সংখ্যা। উদাহরণস্বরূপ → $[Fe(CN)_6]^{4-}$ এ কেন্দ্রীয় আয়নের (Fe^{2+}) সন্নিবেশ সংখ্যা 6 তাই সংকরায়ণ $Sp^3d^2\ /d^2sp^3$ । যেহেতু Fe d ব্লক মৌল তাই সংক্ষেপে বলা যায় সংকরন d^2sp^3 ।

গুরুত্বপূর্ণ সংকেত

- কুইক লাইম - CaO
- স্ল্যাকেড লাইম - $Ca(OH)_2$ (কলিচুন)
- লিথার্জ/ম্যাসিকট - PbO
- রেড লেড/ মিনিয়াম - Pb_3O_4
- প্রডিউসার গ্যাস - $2CO + N_2$
- ওয়াটার গ্যাস - $CO + H_2$
- সংশ্লেষ গ্যাস - $CO + 3H_2$
- সোয়েটজার বিকারক - $[Cu(NH_3)_4]^{2+}$
- ব্লু ভিট্রিয়ল - $CuSO_4.5H_2O$
- সবুজ ভিট্রিয়ল - $FeSO_4.7H_2O$
- সাদা ভিট্রিয়ল - $ZnSO_4.7H_2O$
- নীরব ঘাতক গ্যাস - CO
- আয়োডাইড অব মিলনস্ বেস – $NH_2Hg_2I_3$
- অয়েল অব ভিট্রিয়ল - H_2SO_4(conc)
- সালফান - 100% H_2SO_4 (বিশুদ্ধ সালফিউরিক এসিড)
- অলিয়াম/পাইরো সালফিউরিক এসিড - $H_2S_2O_7$
- সোডিয়াম নাইট্রোপ্রুসাইড - $Na_2[Fe(NO)(CN)_5]$
- চাইনিজ হোয়াইট/দার্শনিকের পশম- ZnO
- রিনম্যান গ্রিণ – ZnO.CoO

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

- মোর লবন - $(NH_4)_2SO_4.FeSO_4.6H_2O$
- অ্যাজোট – N_2
- ব্লিচিং পাওডার - Ca(OCl)Cl
- ফিটকিরি - $K_2SO_4.Al_2(SO_4)_3.24H_2O$

গুরুত্বপূর্ণ আকরিক

Fe (লোহা)

- ম্যাগনেটাইট – Fe_3O_4
- হেমাটাইট – Fe_2O_3
- লিমোনাইট / ব্রাউন আয়রন অক্সাইড – $2Fe_2O_3{\cdot}3H_2O$
- সিডেরাইট / স্প্যাথোজ – $FeCO_3$
- *Fe_2O_3-কে কখনো জুয়েলার বর্জ্য বা রুজ পাওডারও বলা হয়*

Ti (টাইটানিয়াম)

- রুটাইল – TiO_2
- ইলমেনাইট – $FeTiO_3$ / $FeO{\cdot}TiO_2$

Cu (তামা)

- কপার পাইরাইটস – $CuFeS_2$ / $Cu_2S.{\cdot}Fe_2S_3$
- ম্যালাকাইট – $CuCO_3{\cdot}Cu(OH)_2$
- অ্যাজুরাইট – $2CuCO_3{\cdot}Cu(OH)_2$
- ক্রাইসোকোলা – $CuSiO_3{\cdot}2H_2O$

Zn (দস্তা)

- জিঙ্ক ব্লেন্ড / ব্ল্যাক জ্যাক – ZnS
- ক্যালামাইন – $ZnCO_3$

Cr (ক্রোমিয়াম)

- ক্রোমাইট – $FeO{\cdot}Cr_2O_3$
- ক্রোমওকোর– Cr_2O_3

Ni (নিকেল)

- পেন্টল্যান্ডাইট – (Ni, Cu, Fe)S
- মিলিরাইট – NiS

Al (অ্যালুমিনিয়াম আকরিক)

- বক্সাইট – $Al_2O_3{\cdot}2H_2O$
- কোরান্ডাম – Al_2O_3 (অ্যালুমিনা)
- ডায়াস্পোর – $Al_2O_3{\cdot}.H_2O$
- জিবসাইট – $Al_2O_3{\cdot}3H_2O$
- ক্রায়োলাইট – Na_3AlF_6 / $AlF_3{\cdot}3NaF$

Join Now GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

অন্যান্য

- পাইরোলুসাইট – MnO_2
- স্মলটাইট / স্পাইস কোবাল্ট – (Co, Ni, Fe) As_2
- কোবাল্টাইট / কোবাল্ট গ্ল্যান্স – (Co, As)S
- সিনাবার – HgS
- গ্যালেনা – PbS

ধাতব লবণ ও খনিজ

- রকসল্ট – NaCl
- সোডিয়াম নাইট্রেট / চিলি সল্টপিটার- $NaNO_3$
- সল্টপিটার/ পটাশিয়াম নাইট্রেট – KNO_3
- ইপসম লবণ – $MgSO_4 \cdot .7H_2O$
- জিপসাম – $CaSO_4 \cdot .2H_2O$
- প্লাস্টার অফ প্যারিস – $(CaSO_4)_2 \cdot H_2O$ / $CaSO_4 \cdot \frac{1}{2}H_2O$
- ফ্লুরস্পার (Fluorspar) – CaF_2
- ফেল্ডস্পার – $K_2O \cdot .Al_2O_3 \cdot .6SiO_2$
- ডলোমাইট – $CaCO_3 \cdot MgCO_3$
- অ্যাসবেস্টস – $Mg_3Ca(SiO_3)_4$ / $3MgO \cdot 4CaO \cdot 4SiO_2$
- কার্নালাইট – $KCl \cdot .MgCl_2 \cdot .6H_2O$
- বোরাক্স – $Na_2B_4O_7 \cdot 10H_2O$
- চায়না ক্লে – $Al_2O_3 \cdot 2SiO_2 \cdot 2H_2O$
- সোডা অ্যাশ – Na_2CO_3
- ন্যাট্রন – $Na_2CO_3 \cdot H_2O$
- ব্ল্যাক অ্যাশ – $Na_2CO_3 \cdot CaS$
- গ্লবারস সল্ট – $Na_2SO_4 \cdot 10H_2O$
- সিলভাইট বা মিউরিয়েট অফ পটাশ – KCl

ধাতব মিশ্রণ (Alloys)

- মরিচাহীন ইস্পাত – 73% Fe, 18% Cr, 8% Ni, 1% C
- স্পাইজেল – Fe, Mn, C
- কাস্ট আয়রন – Fe এর সাথে 2–4.5% C, 1–1.5% Si, 0.4% Mn, সামান্য P
- ব্রাস – Cu (60–80%), Zn (40–20%)
- জার্মান সিলভার – Cu (30–50%), Zn (35–40%), Ni (35–10%)
- ব্রোঞ্জ – Cu (75–90%), Sn (25–10%)
- সিলিকা ব্রোঞ্জ – 97% Cu, 2% Sn, 1% Si
- ডেভারডাস সংকর– 45% Al, 50% Cu, 5% Zn

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

- ডুরালুমিন – 95% Al, 4% Cu, 0.5% Mg, 0.5% Mn
- নাইক্রোম – Ni, Cr

নোট: যেকোনো ধাতব মিশ্রণ (Alloy) হলো কমপক্ষে দুটি ধাতুর মিশ্রণ। এরা রাসায়নিক যৌগ নয় বরং ভৌত মিশ্রণ।

অধ্যায়- ১২

(জৈব যৌগ)

Self study: Organic compounds sources, Applications of organic compounds, homologous series, the causes of diversity of organic compounds, Classification of organic compounds

নামকরণের সাধারণ নিয়মঃ

IUPAC = International Union of Pure and Applied Chemistry.

(i) সর্ববৃহৎ শিকল চিহ্নিতকরণ।

(ii) কার্যকরী মূলকের সর্বনিকট অবস্থান অনুযায়ী কার্বনকে সংখ্যায়িত করা।

(iii)একাধিক কার্যকরী মূলক থাকলে অধিক সক্রিয় মূলককে প্রাধান্য দিতে হবে।

(iv) একাধিক শাখা শিকল থাকলে তাদের নাম বর্ণানুক্রমে লিখতে হবে।

অ্যালকেন : উপরের নিয়ম অনুযায়ী করতে হবে।

Ex: $CH_3–CH(C_2H_5)–CH_2–CH(Br)–CH(Cl)–CH_3$

3-bromo-2-chloro-5-methylheptane

[লক্ষ্য করঃ বর্ণানুক্রমে ব্রোমো ক্লোরো এর আগে এসেছে। আর মিথাইল ও হেপ্টেন এর মাঝে কোন ফাঁকা স্থান থাকবে না। যে কোন সংখ্যার আগে ও পরে হাইফেন দিতে হবে। পরপর দুটি সংখ্যার মাঝে কমা হবে।]

অন্যান্য পদ্ধতিতে জৈব যৌগের নামকরণ

সাধারণ পদ্ধতিতে নামকরণ :

৪২। C (গ্রাফাইট) $\rightarrow$ C (হীরক), $\Delta H = -ve$, ইহা দেখায় যে,

(a) গ্রাফাইট বেশি স্থায়ী (b) গ্রাফাইট শক্তি হীরা থেকে বেশি

(c) উভয় সমানভাবে স্থায়ী (d) স্থায়ীত্বতা নির্ণয় করা যায় না।

ব্যাখ্যা: যেহেতু প্রক্রিয়াটি তাপোৎপাদী সেহেতু উৎপাদ বিক্রিয়ক হতে বেশি স্থায়ী।

৪৩। এক মোল আদর্শ গ্যাস পরিবর্তনশীল হয় (2 atm, 30 L, 95 K) থেকে (4 atm, 5.0 L, 245 K); অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন, $\Delta U = 30$ L-বায়ুচাপ হলে এই প্রক্রিয়ার এনথালপির পরিবর্তন ΔH হবে–

(a) 40.0 (b) 42.3 (c) 44.0 d) নির্দিষ্ট নয়

ব্যাখ্যা: $\Delta H = H_2 - H_1 = (E_2 + P_2V_2) - (E_1 + P_1V_1)$

$= (E_2 - E_1) + (P_2V_2 - P_1V_1) = 30 + 4\times 5 - 2\times 3 = 44$

৪৪। $Cl\,(g) + e^- \xrightarrow{\Delta H} Cl^-\,(g)$, ΔH এই প্রক্রিয়ায়,

(a) ধনাত্মক (b) ঋণাত্মক (c) শূন্য (d) অনির্ণেয়

ব্যাখ্যা: ইহা ইলেক্ট্রন আসক্তি এবং তাপোৎপাদী প্রক্রিয়া।

৪৫। নিম্নের বিক্রিয়ায় HCl যৌগের গঠন তাপ কত ? $H_2\,(g) + Cl_2\,(g) \rightarrow 2HCl\,(g)$ + 44 কিলোক্যালরি

(a) –44 kcal/mol (b) –22 kcal/mol (c) 11 kcal/mol (d) 22 kcal/mol

ব্যাখ্যা: এক মোলের জন্য গঠন তাপ হিসাব করা হয়। এর মান হচ্ছে –22 kcal/mol

৪৬। তীব্র ক্ষারক দ্বারা দুর্বল অম্লের প্রশমন এনথালপি-- এর

(a) –57.32 KJ (b) +57.32 KJ

(c) –57.32 KJ + দুর্বল অম্লের আয়নীকরণ এনথালপি (d) –57.32 KJ হতে বেশি

ব্যাখ্যা: দুর্বল অম্ল সম্পূর্ণরূপে বিয়োজিত হয় না বিধায় –57.32 KJ এর সাথে দুর্বল অম্লের আয়নীকরণ এনথালপি যোগ করতে হয়।

৪৭। C(s), H_2 (g) এবং CH_4 (g) এর দহন তাপ -94, -68 এবং –213 কিলোক্যালরি/মোল। $C(s) + 2H_2\,(g) = CH_4\,(g)$ এর ΔH=?

(a) –17 kcal/mol (b) –111 kcal/mol (c) –170 kcal/mol (d) –85 kcal/mol

ব্যাখ্যা: বিক্রিয়া তাপ $= -94 + 2(-68) - (-213) = -17$ kcal

৪৮। $C_2H_6\,(g) \rightarrow 2C(g) + 6H\,(g)$ বিক্রিয়ার শক্তির পরিবর্তন হচ্ছে X KJ, C–H বন্ধনের বন্ধন শক্তি হচ্ছে--

(a) X /6 KJ (b) X/3 KJ (c) X KJ (d) অনির্ণেয়

৪৯। $CO\,(g) + \frac{1}{2} O_2\,(g) \rightarrow CO_2(g)$, এই বিক্রিয়ায় কোনটি সঠিক ? (স্থির T এবং P এর জন্য)

(a) $\Delta H = \Delta E$ (b) $\Delta H < \Delta E$

(c) $\Delta H > \Delta E$ (d) ΔH বিক্রিয়কের ভৌত অবস্থার উপর নির্ভরশীল নয়।

ব্যাখ্যা: $\Delta n = \frac{1}{2}$; $\Delta H = \Delta E - \frac{1}{2} RT$, $\Delta E > \Delta H$

৫১। যখন 1M H_2SO_4 সোডিয়াম হাইড্রোক্সাইড দ্বারা সম্পূর্ণভাবে প্রশমিত হয়; নির্গত তাপ-

(a) +114.64 kJ (b) –114.64 kJ (c) –57.32 kJ (d) +57.32 kJ

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যা: প্রশমন এনথালপি হচ্ছে এনথালপির পরিবর্তন যখন ১ গ্রাম তুল্য ভর অম্ল প্রশমিত হয় ১ গ্রাম তুল্য ক্ষারক দ্বারা। প্রশ্নে ২ গ্রাম তুল্য H_2SO_4 প্রশমিত হয়; তাই প্রশমন এনথালপিকে ২ দ্বারা গুণ করতে হবে।

৫২। LUMO বলতে কী বোঝানো হয়?

a. Lowest Occupied Molecular Orbital
b. Lowest Unoccupied Molecular Orbital
c. Largest Unoccupied Molecular Orbital
d. Lowest Universal Molecular Orbital

ব্যাখ্যা: LUMO হলো অণুর সেই অরবিটাল যা সর্বনিম্ন শক্তি সম্পন্ন কিন্তু খালি থাকে। ইলেকট্রন এখানে স্থানান্তরিত হতে পারে।

৫৩। HSAB তত্ত্ব অনুযায়ী Hard acid এর সাথে কোনটি বেশি প্রতিক্রিয়া করে?

a. Hard base
b. Soft base
c. Neutral molecule
d. Radical species

ব্যাখ্যা: HSAB (Hard and Soft Acids and Bases) তত্ত্ব অনুযায়ী Hard acid গুলি Hard base এর সাথে বেশি স্থিতিশীল যৌগ তৈরি করে।

৫৪। রাসায়নিক গতিবিদ্যায় (Kinetics) বিক্রিয়ার হার নির্ভর করে কোনটির উপর?

a. বিক্রিয়ক কণার ঘনত্ব
b. তাপমাত্রা
c. অনুঘটক
d. উপরের সবগুলো

ব্যাখ্যা: বিক্রিয়ার হার বিক্রিয়ক কণার ঘনত্ব, তাপমাত্রা এবং অনুঘটকের উপস্থিতি সহ একাধিক বিষয়ের উপর নির্ভর করে।

৫৫। HSAB তত্ত্ব অনুযায়ী Soft acid এর উদাহরণ কোনটি?

a. H^+
b. Fe^{3+}
c. Pt^{2+}
d. Na^+

ব্যাখ্যা: Pt^{2+} একটি Soft acid কারণ এর আকার বড়, চার্জ ঘনত্ব কম এবং এটি সহজেই Soft base এর সাথে জটিল গঠন করে।

৫৬। রাসায়নিক বিশ্লেষণে 'টাইট্রেশন' কোন নীতির উপর ভিত্তি করে কাজ করে?

a. ভরসংরক্ষণ সূত্র
b. প্রশমন বিক্রিয়া
c. বয়েলের সূত্র
d. ল্যাম্বার্ট-বিয়ার সূত্র

ব্যাখ্যা: টাইট্রেশন একটি ভলিউমেট্রিক বিশ্লেষণ পদ্ধতি যেখানে প্রশমন বিক্রিয়ার মাধ্যমে অজানা দ্রবণের ঘনত্ব নির্ণয় করা হয়।

৫৭। ইনস্ট্রুমেন্টাল বিশ্লেষণে ল্যাম্বার্ট-বিয়ার সূত্র কোনটির সাথে সম্পর্কিত?

a. আলো শোষণ
b. গ্যাসের চাপ
c. বৈদ্যুতিক পরিবাহিতা
d. তাপ পরিবাহিতা

ব্যাখ্যা: ল্যাম্বার্ট-বিয়ার সূত্র আলো শোষণ ও শোষণীয় দ্রবণের ঘনত্বের মধ্যে সম্পর্ক স্থাপন করে।

৫৮। পরমাণুর গঠন বিশ্লেষণে কোন পদ্ধতি সবচেয়ে কার্যকর?

a. ক্রোমাটোগ্রাফি
b. মাস স্পেকট্রোমেট্রি
c. টাইট্রেশন
d. কন্ডাক্টোমেট্রি

ব্যাখ্যা: মাস স্পেকট্রোমেট্রি পরমাণু ও অণুর ভর ও গঠন নির্ধারণে অত্যন্ত কার্যকর পদ্ধতি।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

৫৯। কন্ডাক্টোমেট্রিক টাইট্রেশনে কোনটি মাপা হয়?

a. রঙ পরিবর্তন
b. আলোর শোষণ
c. বৈদ্যুতিক পরিবাহিতা
d. ভর পরিবর্তন

ব্যাখ্যা: কন্ডাক্টোমেট্রিক টাইট্রেশনে দ্রবণের বৈদ্যুতিক পরিবাহিতার পরিবর্তন মেপে বিক্রিয়া সম্পন্ন হওয়ার বিন্দু নির্ণয় করা হয়।

৬০। গ্যাস ক্রোমাটোগ্রাফি কোন ধরণের বিশ্লেষণে ব্যবহৃত হয়?

a. কঠিন পদার্থের গলনাঙ্ক নির্ণয়ে
b. তরল মিশ্রণের উপাদান পৃথকীকরণে
c. ধাতব আয়নের সনাক্তকরণে
d. তাপ পরিবাহিতা নির্ণয়ে

ব্যাখ্যা: গ্যাস ক্রোমাটোগ্রাফি মূলত উদ্বায়ী যৌগসমূহের পৃথকীকরণ ও বিশ্লেষণে ব্যবহৃত হয়।

৬১। Colligative properties কোনটির উপর নির্ভর করে?

a. দ্রবণের প্রকৃতি
b. দ্রব পদার্থের সংখ্যা
c. দ্রব পদার্থের ভর
d. দ্রাবকের আয়তন

ব্যাখ্যা: Colligative properties শুধুমাত্র দ্রব পদার্থের সংখ্যা বা কণার ঘনত্বের উপর নির্ভর করে, প্রকৃতির উপর নয়।

৬২। Vant’t Hoff factor (i) কোনটির জন্য প্রবর্তিত হয়েছে?

a. ইলেক্ট্রোলাইট দ্রবণ
b. অ-ইলেক্ট্রোলাইট দ্রবণ
c. কলোয়েড দ্রবণ
d. কঠিন দ্রবণ

ব্যাখ্যা: Vant’t Hoff factor (i) ইলেক্ট্রোলাইট দ্রবণে আয়ন বিভাজন বা সমযোজনকে ব্যাখ্যা করার জন্য ব্যবহৃত হয়।

৬৩। Phase rule এর সাধারণ রূপ কোনটি?

a. F = C + P
b. F = C - P + 2
c. F = C + P – 2
d. F = C - P

ব্যাখ্যা: গিবসের Phase rule হলো F = C - P + 2, যেখানে C = উপাদান সংখ্যা এবং P = পর্যায় সংখ্যা।

৬৪। একটি এককমাত্রিক সিস্টেমে (one component system) triple point এ কত degree of freedom থাকে?

a. 0
b. 1
c. 2
d. 3

ব্যাখ্যা: Triple point এ সব পর্যায় একসাথে থাকে, তাই degree of freedom F = C - P + 2=1-3+2= 0 হয়।

৬৫। মোলার কন্ডাক্টিভিটি (Λm) কিসের সাথে সম্পর্কিত?

a. আয়নের গতি
b. ভর
c. তাপ
d. চাপ

ব্যাখ্যা: মোলার কন্ডাক্টিভিটি (Λm) দ্রবণে আয়নের গতি এবং আয়ন ঘনত্বের উপর নির্ভর করে।

৬৬। শূন্য ঘনত্বে মোলার কন্ডাক্টিভিটি (Λ0) কোন সূত্র দ্বারা নির্ণয় করা হয়?

a. রাউল্টের সূত্র
b. কোলরাউশ এর সূত্র
c. ফ্যারাডে এর সূত্র
d. গিবস এর সূত্র

ব্যাখ্যা: কোলরাউশের সূত্র অনুযায়ী $\Lambda 0 = \lambda^{0+} + \lambda^{0-}$, অর্থাৎ আয়নীয় মোলার পরিবাহিতার যোগফল।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

৬৭। Colligative property এর উদাহরণ কোনটি?

a. স্ফুটনাঙ্ক বৃদ্ধি b. গলনাঙ্ক বৃদ্ধি c. সান্দ্রতা d. ঘনত্ব

ব্যাখ্যা: Colligative property এর মধ্যে রয়েছে বাষ্পচাপ হ্রাস, স্ফুটনাঙ্ক বৃদ্ধি, গলনাঙ্ক হ্রাস এবং অসমোসিস চাপ।

৬৮। Phase diagram এ eutectic point এর অর্থ কী?

a. সর্বনিম্ন তাপমাত্রায় গলনাঙ্ক b. সর্বোচ্চ স্ফুটনাঙ্ক
c. সর্বাধিক চাপ d. সর্বাধিক ঘনত্ব

ব্যাখ্যা: Eutectic point এ মিশ্রণ সর্বনিম্ন তাপমাত্রায় তরল থেকে কঠিনে রূপান্তরিত হয়।

৬৯। Equivalent conductance (Λeq) কীভাবে সংজ্ঞায়িত হয়?

a. এক মোল আয়নের জন্য পরিবাহিতা b. এক সমতুল আয়নের জন্য পরিবাহিতা
c. এক গ্রাম আয়নের জন্য পরিবাহিতা d. এক লিটার দ্রবণের জন্য পরিবাহিতা

ব্যাখ্যা: Equivalent conductance (Λeq) হলো এক সমতুল আয়ন দ্বারা পরিবাহিত দ্রবণের বৈদ্যুতিক পরিবাহিতা।

৭০। শিল্প বর্জ্য ব্যবস্থাপনায় কোন পদ্ধতি সবচেয়ে পরিবেশবান্ধব?

a. উন্মুক্তভাবে ফেলা b. ইনসিনারেশন
c. রিসাইক্লিং d. নদীতে ফেলা

ব্যাখ্যা: রিসাইক্লিং বা পুনঃব্যবহার শিল্প বর্জ্য ব্যবস্থাপনায় সবচেয়ে পরিবেশবান্ধব পদ্ধতি, কারণ এটি দূষণ কমায়।

৭১। Atropisomerism সাধারণত কোন যৌগে দেখা যায়?

a. বাইফেনাইল যৌগ b. অ্যালকোহল
c. কিটোন d. কার্বোক্সিলিক অ্যাসিড

ব্যাখ্যা: Atropisomerism সাধারণত বাইফেনাইল জাতীয় যৌগে দেখা যায় যেখানে ঘূর্ণন বাধার কারণে স্টেরিওআইসোমার তৈরি হয়।

৭২। GPLC বলতে কী বোঝানো হয়?

a. Gas Phase Liquid Chromatography b. Gel Permeation Liquid Chromatography
c. General Phase Layer Chromatography d. Gradient Phase Liquid Chromatography

ব্যাখ্যা: GPLC এর পূর্ণরূপ হলো Gel Permeation Liquid Chromatography, যা আণবিক আকার অনুযায়ী পদার্থ আলাদা করতে ব্যবহৃত হয়।

৭৩। HPLC-তে মোবাইল ফেজ সাধারণত কী হয়?

a. কঠিন পদার্থ b. গ্যাস c. তরল d. প্লাজমা

ব্যাখ্যা: HPLC বা High Performance Liquid Chromatography-তে মোবাইল ফেজ হিসেবে তরল ব্যবহার করা হয়।

৭৪। শিল্প বর্জ্যের জৈবিক পরিশোধন প্রক্রিয়াকে কী বলা হয়?

a. ইনসিনারেশন b. বায়োরেমিডিয়েশন c. ল্যান্ডফিল d. রাসায়নিক পরিশোধন

ব্যাখ্যা: জীবাণুর সাহায্যে শিল্প বর্জ্যের জৈবিক পরিশোধন প্রক্রিয়াকে বায়োরেমিডিয়েশন বলা হয়।

Join Now | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

৭৫। H_2 (g) + Cl_2 (g) → 2HCl (g) ΔH =–44kCal; 2 Na (s) + 2 HCl (g) → 2 NaCl (s) + H_2 (g); ΔH = –152 kCal বিক্রিয়ার জন্য,

(a) –180 kCal (b) –196 kCal
(c) –98 kCal (d) 54 kCal

ব্যাখ্যা: সমীকরণ (১) এবং (২) কে যোগ করে ২দ্বারা ভাগ করলে পাওয়া যায়,

$$-44 + (-152) = \frac{-196}{2} = -98 \text{ kcal}$$

৭৬। নিম্নের জারণ-বিজারন বিক্রিয়ায় x, y ও z এর মান যথাক্রমে–

$xMnO + yPbO_2 + zHNO_3 \rightarrow HMnO_4 + Pb(NO_3)_2$

(a) x = 2, y= 5, z = 10 (b) x = 2, y = 7, z = 8
(c) x = 2, y = 5, z = 8 (d) x = 2, y = 5, z = 5

ব্যাখ্যা: Mn এর জারণ সংখ্যার পরিবর্তন ৫, Pb এর জারণ সংখ্যার পরিবর্তন ২ তাই x = 2, y= 5

৭৭। নিচের যৌগগুলোর মধ্যে কোনটি এসিড ও ক্ষার উভয়রূপই ক্রিয়া করে ?

(a) CO_2 (b) NO (c) Al_2O_3 (d) CrO_3

ব্যাখ্যা: Al_2O_3 উভধর্মী

৭৮। $H_2S_2O_3$ এর S এবং $K_4[Fe(CN)_6]$ এর Fe এর জারণ সংখ্যা যথাক্রমে– এর

(a) + 2 and + 2 (b) +2 and + 6 (c) + 8 and + 2 (d) + 6 and + 4

৭৯। $14H^+ + Cr_2O_7^{2-} + 3Ni \rightarrow 2Cr^{3+} + 7H_2O + 3Ni^{2+}$ বিক্রিয়ায় নিম্নের কোন পদার্থটি বিজারক–

(a) H_2O (b) Ni (c) H^+ (d) $Cr_2O_7^{2-}$

ব্যাখ্যা: Ni এর জারণ সংখ্যা বৃদ্ধি পেয়েছে তাই এটি বিজারক

৮০। অম্লীয়, ক্ষারীয় এবং প্রশম মাধ্যমে $KMnO_4$ এর তুল্য ভর যথাক্রমে –

(a) M, $\frac{M}{3}, \frac{M}{5}$ (b) $\frac{M}{5}$, M, $\frac{M}{3}$ (c) $\frac{M}{5}, \frac{M}{3}$, M (d) $\frac{M}{3}, \frac{M}{5}$, M

ব্যাখ্যা: অম্লীয়, ক্ষারীয় এবং প্রশম মাধ্যমে $KMnO_4$ এর তুল্য সংখ্যা যথাক্রমে ৫, ১ ও ৩

৮১। H_2O_2 এ অক্সিজেনের জারণ অবস্থার মান কত ?

(a) –1 (b) +1 (c) 0 (d) –2

৮২। বিক্রিয়ার জন্য, $N_2 + 3H_2 \rightleftharpoons 2NH_3$; বিক্রিয়ায় K_c এর মান নির্ভর করে

(a) বিক্রিয়কের প্রথমিক ঘনমাত্রার উপর (b) চাপ
(c) তাপমাত্রা (d) উপরের সবগুলো

ব্যাখ্যা: লা-শ্যাতেলিয়ারের নীতি অনুসারে সাম্যবস্থার পরিবর্তন তাপমাত্রা, চাপ, ঘনমাত্রা সবগুলোর উপর নির্ভর করলেও K_c এর মান নির্ভর করে শুধুমাত্র তাপমাত্রার উপর

৮৩। SO_2 এর ২টি গ্যাসীয় সাম্যবস্থায় 298 K তাপমাত্রায় সাম্যধ্রুবক।

$SO_2(g) + \frac{1}{2}O_2(g) \rightleftharpoons SO_3(g), K_1$; $2SO_3(g) \rightleftharpoons 2SO_2(g) + O_2(g); K_2$ এদের মধ্যে সম্পর্ক

(a) $K_2 = K_1$ (b) $K_2 = K_1^2$ (c) $K_2 = \frac{1}{K_1^2}$ (d) $K_2 = \frac{1}{K_1}$

ব্যাখ্যা: $K_1 = \frac{[SO_3]}{[SO_2][O_2]^{1/2}}$; $K_2 = \frac{[O_2][SO_2]^2}{[SO_3]^2} = \left\{\frac{1}{\frac{[SO_3]}{[SO_2][O_2]^{1/2}}}\right\}^2 = \frac{1}{K_1^2}$

Join Now ▶ | GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

৮৪। নিচের বিক্রিয়ার গতির হার ডাটা সাপেক্ষে বের কর

$A+B \rightarrow C$

Exp	$[A]_0$	$[B]_0$	Initial rate
1.	0.012	0.035	0.10
2.	0.024	0.070	0.80
3.	0.024	0.035	0.10
4.	0.012	0.170	0.80

(a) Rate $= K[B]^3$ (b) Rate $= K[A]^2[B]^2$ (c) Rate $= K[A][B]^3$ (d) None

ব্যাখ্যা : $r = k[A]^l[B]^m$ ধরি, $r = k[A]^e[B]^m$

$$\frac{r_3}{r_1} = \frac{0.10}{0.10} = \left(\frac{0.024}{0.012}\right)^l \Rightarrow 2^l = 1 > l = 0 \quad ; \quad \frac{r_2}{r_3} = \frac{0.80}{0.10} = \left(\frac{0.070}{0.035}\right)^m \Rightarrow 2^m = 8 \Rightarrow m = 3$$

৮৫ ।দ্বিতীয় ক্রম বিক্রিয়ার হারের একক -

(a) $L^{-1}mol\,sec^{-1}$ (b) $L^2 mole^{-2} s^{-1}$ (c) $Lmol^{-1}s^{-1}$ (d) s^{-1}

ব্যাখ্যা : দ্বিতীয় ক্রম,

$$k = \frac{1}{t}\frac{x}{a(a-x)} = \frac{1}{time}\frac{mole/L}{mole/LXmole/L} = mole^{-1}sec^{-1}$$

৮৬। আরহেনিয়াস সমীকরণের ক্ষেত্রে বিক্রিয়ার হার ধ্রুবক

(a) $k = e^{-Ea/Rt}$ (b) $k = \frac{Ea}{Rt}$ (c) $k = \frac{Ea}{Rt}$ (d) $k = Ae^{-Ea/Rt}$

ব্যাখ্যা: হ্যান্ড নোট দেখুন

৮৭। প্রথম ক্রম বিক্রিয়ার ৭৫% সম্পন্ন হতে সময় লাগে

(a) অর্ধায়ুর ১ গুণ সময় (b) অর্ধায়ুর ২ গুণ সময়

(c) অর্ধায়ুর ৩ গুণ সময় (d) অর্ধায়ুর ৪ গুণ সময়

ব্যাখ্যা : ৭৫% সম্পন্ন হতে সময় লাগে অর্ধায়ুর ২ গুণ সময়

৮৭.৫% সম্পন্ন হতে সময় লাগে অর্ধায়ুর ৩ গুণ সময়

৯৩.৭৫% সম্পন্ন হতে সময় লাগে অর্ধায়ুর ৪ গুণ সময়

৮৮। একটি বিক্রিয়ার 300 K তাপমাত্রায় সক্রিয়ন শক্তি শূন্য, হার ধ্রুবক $K = x\ s^{-1}$। 310 K এ হার ধ্রুবক কত ?

(a) 0 (b) 1 (c) $\frac{1}{K}$ (d) x

ব্যাখ্যা :

$$\log\frac{K_2}{K_1} = -\frac{E_a}{2.303R}\left(\frac{1}{T_2} - \frac{1}{T_1}\right) \Rightarrow K_2 = K_1 = x$$

৮৯। প্রথম ক্রম বিক্রিয়ার জন্য নিন্মের কোনটির রেখাচিত্র একটি সরল রেখা উৎপন্ন করবে ? {[A] হলো তীব্রতা এবং t হলো সময়}

(a) [A]vs t (b) 1n [A] vs t (c) $\frac{1}{[A]}$ vs t (d) 1n t vs [A]

ব্যাখ্যা : $\frac{dx}{dt} = k(a-x) \Rightarrow \int \frac{dx}{a-x} = \int kdt \Rightarrow \ln(a-x) = -kt + c \Rightarrow \ln[A] = -kt + c,$ যা একটি সরলরেখার সমীকরণ

৯০। একটি মৌলের অর্ধায় ১০০ দিন। ৪০০ দিন পর কত অংশ ভর অবশিষ্ট থাকবে ?

(a) 0.25gm (b) 0.75 gm (c) 0.125 gm (d) 0.1 gm

ব্যাখ্যা : no. of half life $= \frac{400}{100} = 4 \Rightarrow m_{400} = \frac{m_0}{2^{\text{no of half life}}} = \frac{2}{2^4} = \frac{2}{16} = 0.125$

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

৯১। $2N_2O_5 \rightarrow 4NO_2+O_2$ বিক্রিয়ার হার ধ্রুবক হল $3.0\times10^{-5}\ s^{-1}$। যদি হার $2.40\times10^{-5}\ mol\ L^{-1}s^{-1}$ হয় তাহলে N_2O_5 এর ঘনমাত্রা(mol L^{-1}) এ কত হবে ?

(a) 1.4 (b) 1.2 (c) 0.04 (d) 0.8

ব্যাখ্যা : $[N_2O_5] = \frac{2.4\times10^{-5}}{3\times10^{-5}} = 0.8 mol.L^{-1}$

৯২। প্রথম ক্রম বিক্রিয়ার অর্ধায়ুকাল হল(K= হার ধ্রুবক)–

(a) $\frac{\ln 2}{K}$ (b) $\frac{1}{Ka}$ (c) $\frac{\ln k}{2}$ (d) $\frac{\log k}{2}$

৯৩। প্রারম্ভিক অবস্থায় একটি বিক্রিয়ার হার $2.2\times10^{-5}\ mol\ dm^{-3}\ s^{-1}$. বিক্রিয়াটির হার ধ্রুবক $1.1\times10^{-4}\ s^{-1}$ প্রারম্ভিক অবস্থায় বিক্রিয়াটিতে বিক্রিয়কের ঘনমাত্রা কত ?

(a) 0.2 mol/dm³ (b) 0.4 mol/dm³ (c) 0.6 mol/dm³ (d) 0.8 mol/dm³

ব্যাখ্যা : $\frac{dc}{dt} = KC \Rightarrow C = 0.2 mol/dm^3$.

৯৪। একটি বিক্রিয়া: $2A+B \rightarrow$ উৎপাদ, B এর সক্রিয় ভর স্থির রাখা হলএবং A এর সক্রিয় ভর দ্বিগুণ করা হল। বিক্রিয়ার গতিবেগ হবে–

(a) দ্বিগুণ হারে বৃদ্ধি পাবে (b) দ্বিগুণ হারে হ্রাস পাবে
(c) চারগুণ হারে বৃদ্ধি পাবে (d) চারগুণ হারে হ্রাস পাবে

ব্যাখ্যা : পূর্বের বিক্রিয়ার হার, $(r)=K[A]^2[B]$

নতুন বিক্রিয়ার হার, $(r_1)=K[2A]^2[B]= 4K[A]^2[B]=4r$, সুতরাং এটি ৪ গুণ বৃদ্ধি পাবে।

৯৫। A ও B এর মধ্যে একটি বিক্রিয়ার গতির হারের সমীকরণ থেকে পাই, হার$=K[A]^n\ [B]^m$.অ এর ঘনমাত্রা দ্বিগুন করলেএবং B এর ঘনমাত্রা অর্ধেক করলে বিক্রিয়ার পরের ও আগের হারের অনুপাত হবে –

(a) 2^{m+n} (b) n – m (c) 2^{n-m} (d) $\frac{1}{2^{m+n}}$

ব্যাখ্যা : দেওয়া আছে, বিক্রিয়ার হার $(r) = K[A]^n[B]^m$

এখন A এর ঘনমাত্রা দ্বিগুণ এবং B এর ঘনমাত্রা অর্ধেক করা হলে

বিক্রিয়ার হার হবে $(r_1) = K\ [2A]^n \left[\frac{B}{2}\right]^m = K \times \frac{2^n}{2^m}[A]^n[B]^m$

এখন ২য় ও ১ম বিক্রিয়ার হারের অনুপাত $\left(\frac{r_1}{r}\right) = \frac{K\times\frac{2^n}{2^m}[A]^n[B]^m}{K[A]^n[B]^m} = \frac{2^n}{2^m} = 2^{(n-m)}$

৯৬। নিচের কোন বিক্রিয়াটি দ্রুততম ?

(a) $C+\frac{1}{2}O_2 \xrightarrow{250°C} CO$ (b) $C+\frac{1}{2}O_2 \xrightarrow{500°C} CO$
(c) $C+\frac{1}{2}O_2 \xrightarrow{750°C} CO$ (d) $C+\frac{1}{2}O_2 \xrightarrow{1000°C} CO$

ব্যাখ্যা : তাপমাত্রা বৃদ্ধির সাথে সাথে বিক্রিয়ার হারও বৃদ্ধি পায়।

৯৭ ।একটি বিক্রিয়ার অর্ধায়ু $t_{1/2}=\frac{1}{ka}$ । বিক্রিয়াটির ক্রম হবে–

(a) 0 (b) 1 (c) 2 (d) 3

ব্যাখ্যা : $t = \frac{x}{ka(a-x)}$, $\therefore t_{1/2} = \frac{a/2}{ka(a-a/2)} = \frac{1}{ka}$, সুতরাং, বিক্রিয়ার ক্রম ২.

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

৯৮। একটি রাসায়নিক বিক্রিয়ার জন্য তাপমাত্রার সাথে বিক্রিয়ার বেগ ধ্রুবক-এর সম্পর্ক কে আরহেনিয়াস সমীকরণ: $k=A.e^{-Ea/RT}$ এর মাধ্যমে প্রকাশ করা যায়। নিচের কোন লেখচিত্র হতে বিক্রিয়ার সক্রিয়ন শক্তি নির্ণয় করা যায় ?

(a) k vs T (b) log k vs 1/T (c) k vs 1/logT (d) log k vs 1/logT

ব্যাখ্যা : $k=A.e^{-Ea/RT} \Rightarrow \log k = -E_a/(2.303nRT) + \log A$ [taking logarithm]

৯৯। f অরবিটাল সর্বমোট কয়টি ইলেকট্রন - ধারণ করতে পারে।

(a)10 (b) 6 (c) 14 (d) 2

Solve : l = 3

$\therefore$ m = -3,-2,-1,0,1,2,3

$\therefore$ মোট অরবিটাল = 7

মোট ইলেকট্রন = $7 \times 2 = 14$

১০০। নিচের নিউক্লিয়ার বিক্রিয়ায় X কোন কণা? $^{14}_{6}C \rightarrow ^{14}_{7}N + X$

(a)α-Particle (b) β-Particle (c) γ-ray (d) None

Solve : $^{14}_{6}C \rightarrow ^{14}_{7}N + ^{0}_{-1}e$

১০১। Ne এর ইলেকট্রন বিন্যাস কোনটি?

(a) $1s^2$ (b) $1s^22s^22p^6$ (c) $1s^22s^22p^63s^2$ (d)$1s^22s^22p^63s^23p^6$

১০২। কোন ইলেকট্রনের হাইড্রোজেন পরমাণুকে ফোটন কণা শোষণ করায় কিন্তু বর্জন করায় না?

(a) 3s (b) 2p (c) 2s (d) 1s

Solve : 1s এর ইলেকট্রন শক্তি শোষণ করে উচ্চতর মেলে যায়। কিন্তু 1s এর নিম্নশক্তির অরবিটাল না থাকায় শক্তি বর্জন করে না।

১০৩। যদি ইউরেনিয়াম (ভর 238 এবং পারমানবিক সংখ্যা 92) থেকে একটি α - কণা নির্গত হয়, উৎপাদিত মৌলের ভর ও পারমাণবিক সংখ্যা যথাক্রমে -

(a) 234 and 90 (b) 234 and 92 (c) 238 and 90 (d) 238 and 92

Solve : $^{238}_{92}U - \alpha \rightarrow ^{234}_{90}Th$

১০৪। সহকারী কোয়ান্টাম সংখ্যা কি প্রকাশ করে?

(a) দিক (b) আকৃতি (c) আকার (d) কোনটিই নয়

ব্যাখ্যা : প্রধান কোয়ান্টাম সংখ্যা কক্ষপথের আকার, সহকারী কোয়ান্টাম সংখ্যা কক্ষপথের আকৃতি. ম্যাগনেটিক কোয়ান্টাম সংখ্যা কক্ষপথের ত্রিমাত্রিক দিকবিন্যাস ও স্পিন কোয়ান্টাম সংখ্যা নিজ অক্ষের চারিদিকে ইলেকট্রনের ঘূর্ণনের দিক নির্দেশ করে।

১০৫। নিচে চারটি পরমাণুর ইলেক্ট্রনিক কনফিগারেশন দেয়া আছে। কোন পরমাণুর প্রথম আয়োনাইজেশন শক্তি সবচেয়ে কম?

(a) $1s^12s^1$ (b) $1s^12s^12p^2$ (c) $1s^12s^22p^5$ (d) $1s^t2s^22p^63s^1$

Solve : আমরা জানি, আয়নিকরন শক্তি একই পর্যায়ের যত বাম হতে ডান দিকে যাওয়া যায় ততই বাড়তে থাকে এবং একই গ্রুপে উপর থেকে নিচে গেলেও আয়নিকরণ শক্তি কমে। এখানে (A) (B) ও (C) মৌল তিনটি একই পর্যায়ে অবস্থিত এবং (A) ও (B) মৌলটি একই গ্রুপে অবস্থিত। অবস্থান অনুসারে (D) মৌলটি একই পর্যায়ে সর্ব বামে এবং একইগ্রুপে থাকার কারণে এর আয়নিকরণ শক্তি সবচেয়ে কম।

১০৬। হাইড্রোজেন পরমাণুর জন্য নিচের কোন বর্ণালী সারিটি আলোর দৃশ্যমান অংশে পাওয়া যায়?

(a) Brackett series (b) Lyaman series (c) Paschen series (d) Balmer series

ব্যাখ্যা: হ্যান্ড নোট দেখুন

১০৭। নিচের ধর্মগুলির কোনটি একটি পরমাণুর জন্য নির্দিষ্ট?

(a) ইলেকট্রন সংখ্যা (b) প্রোটন সংখ্যা (c) নিউট্রন সংখ্যা (d) ভর সংখ্যা

Solve : একটি পরমাণুর ইলেকট্রন সংখ্যা পরিবর্তিত হয়ে তা আয়নিত হতে পারে। আবার আইসোটোপ একই পরমাণুর নিউট্রন সংখ্যা পরিবর্তিত হয়। ফলে ভর সংখ্যা পরিবর্তিত হয়। কিন্তু একই পরমাণুর প্রোটন সংখ্যা সবসময় নির্দিষ্ট।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

১০৮। নিচের মৌলসমূহের গ্রুপগুলো থেকে আইসোটোনিক পরমাণুগুলো বাছাই কর।

(a) ${}^{238}_{92}U, {}^{235}_{92}U, {}^{234}_{92}U$ (b) ${}^{40}_{18}Ar, {}^{40}_{19}K and {}^{40}_{20}Ca$

(c) ${}^{14}_{6}C, {}^{15}_{7}N, and {}^{164}_{8}O$ (d) ${}^{20}_{10}Ne, {}^{21}_{10}Ne, and {}^{22}_{10}Ne$

Solve : ${}^{14}_{6}C, {}^{15}_{7}N and {}^{16}_{8}O$ এর প্রতিটির নিউট্রন সংখ্যা = 8

১০৯।কোন দুটি মৌলের মধ্যে কর্ণ সম্পর্ক বিদ্যমান?

(a) Li, Al (b) Li, Mg

(c) Bi, Mg (d) B, Si

ব্যাখ্যা : B দ্বিতীয় এবং Si তৃতীয় পর্যায়ে কর্ণ সম্পর্কিত মৌল।

১১০।কোনটি পর্যাবৃত্ত ধর্ম নয়?

(a) আয়নীকণ শক্তি (b) পারমাণবিক সংখ্যা

(c) ইলেকট্রন আসক্তি (d) তড়িৎ ঋণাত্মকতা

ব্যাখ্যা : পারমাণবিক সংখা কোন পর্যাবৃত্ত বৈশিষ্ট্য নয়।

১১১। Ga (31) এর উপরের ও নিচের মৌল কোনটি?

(a) Ge, Al (b) Al, In (c) In, Ti (d) B, In

ব্যাখ্যা : Ga IIIA গ্রুপের মৌল, সুতরাং উপরের ও নিচের মৌল যথাক্রমে Al, In

১১২।নিচের কোন জোড়াটি একই পর্যায়ভুক্ত ?

(a) Na, Ca (b) Na, Cl (c) Ca, Cl (d) Cl, Br

ব্যাখ্যা : ৩য় পর্যায়ে Na এবং Cl ;

১১৩।পর্যায় সারনীর সমস্ত s ব্লকের মৌলগুলি যে শ্রেণীতে অবস্থিত তারা হল –

(a) IA এবং IIA (b) IIIA এবং IVA

(c) All B subgroup (d) VA and VIIA

ব্যাখ্যা : s ব্লকে ১৪ টি মৌল [IA + IIA তে ১৩টি এবং He]

১১৪।নিচের মৌলগুলোর তড়িৎ ঋণাত্মকতা যে ক্রমে বাড়ে–

(a) C < N < Si < P (b) Si < P < C < N

(c) N < C < P < Si (d) C < Si < N < P

ব্যাখ্যা : আকার যত ক্ষুদ্র হয়, তড়িৎঋণাত্মকতা তত বাড়ে

১১৫।নিচের কোন হ্যালাডটি আর্দ্রবিশ্লেষিত হয় না ?

(a) $SiCl_4$ (b) PF_3 (c) NCl_3 (d) NF_3

ব্যাখ্যা : NF_3 তে N বা F কারও কোন d-অরবিটাল নেই। তাই আর্দ্রবিশ্লেষিত হয় না।

১১৬।একা-বোরন, একা-অ্যালুমিনিয়াম ও একা-সিলিকন হল–

(a) Sc, Ga, Ge (b) B, Al, Si (c) Cu, Ag, Au (d) Ge, Se, Ga

ব্যাখ্যা : প্রদত্ত মৌলগুলোর বর্তমান নাম Sc, Ga, Ge পর্যায় সারণী আবিস্কৃত হবার পর।

১১৭। পর্যায় সারণীতে Cੱ এর স্থান কোথায় ?

(a) পর্যায় ৩, শ্রেণী IA (b) পর্যায় ৪, শ্রেণী IB

(c) পর্যায় ৩, শ্রেণী IB (d) পর্যায় ৪, শ্রেণী IB

১১৮।৫ম পর্যায় কোন মৌল দিয়ে শুরু ও শেষ হয় ?

(a) Cs, Rn (b) Fr, Mt (c) Rb, Xe (d) K, Kr

ব্যাখ্যা : Rb ক্ষার ধাতু , Xe নিষ্ক্রিয় গ্যাস

১১৯।পর্যায় সারণীতে একটি পর্যায়ের বাম হতে ডানদিকে গেলে পরমাণুর আকার সাধারণত –

(a) হ্রাস পায় (b) বৃদ্ধি পায়

(c) ধ্রবক থাকে (d) IVA গ্রূপ পর্যন্ত হ্রাস পায় এবং তারপর বৃদ্ধি পায়

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যা : পর্যায় সারণীতে বাম হতে ডানে গেলে ইলেকট্রন স্যখ্যা বৃদ্ধি পায় এবং পর্যায় সংখ্যা একই থাকে। ফলে আয়নীকরণ শক্তি, ইলেক্ট্রন আসক্তি, তড়িৎ ঋণাত্মকতা বৃদ্ধি পায় এবং পরমাণুর আকার হ্রাস পায়।

১২০। ৩য় পর্যায়ের বাম দিকে অবস্থিত I, II, III গ্রুপের মৌলসমূহ–

(a) সমযোজী (b) ধাতব (c) সন্নিবেশ (d) কোনটি নয়

ব্যাখ্যা : ৩য় পর্যায়ের বাম দিকে অবস্থিত I, II, III গ্রুপের মৌলসমূহ যথাক্রমে Na, Mg, Al এরা সকলেই ধাতু

১২১। নিচের কোনটি sp^2-সংকরীত কার্বন ধারণ করে না ?

(a) acetone (b) acetamide (c) acetonitrile (d) acetic acid

ব্যাখ্যা : অ্যাসিটো নাইট্রাইল এর আণবিক গঠন হল $^2CH_3-^1C\equiv N$. যেহেতু কার্বন পরমাণু নাইট্রোজেন পরমাণুর সাথে ত্রিবন্ধন দ্বারা যুক্ত তাই ১ নং কার্বন পরমাণুটি *sp*- সংকরায়িত এবং যে কার্বন পরমাণুটি হাইড্রোজেনের সাথে যুক্ত সেটি sp^3 সংকরায়িত।

১২২। ইথানল এবং ডাইমিথাইল ইথার জোড় কার্যকরী মূলক সমানু তৈরি করে। ইথানলের স্ফুটনাঙ্ক, ডাইমিথাইল ইথার এর থেকে বেশি, কারণ–

(a) H-bonding in ethanol (b) CH_3-group in ethanol
(c) H-bonding in dimethyl ether (d) CH_3-group in dimethyl ether

ব্যাখ্যা : যেহেতু C_2H_5OH এর অণুগুলো হাইড্রোজেন বন্ধন দ্বারা যুক্ত থাকে তাই এটি ভাঙতে অধিক পরিমাণ শক্তি দরকার হয়। তাই হাইড্রোজেন বন্ধন থাকার কারণে ইথানলের স্ফুটনাঙ্ক ডাই মিথাইল ইথার অপেক্ষা বেশি। ($CH_3–O–CH_3$)

১২৩। **NaCl ও $MgCl_2$ এর জলীয় দ্রবণ কিরূপ এবং pH কত?**

(a) প্রশম, 7 (b) প্রশম 12 (c) ক্ষারীয়, 7 (d) অম্লীয়, 13

ব্যাখ্যা : প্রশমিত এবং pH = ৭.

১২৪। **ইলেকট্রন আসক্তির মান কোন দুটির উপর নির্ভরশীল ?**

(a) নিউক্লিয়ার চার্জ, পরমাণুর ভর (b) পারমাণবিক সংখ্যা ও আধান
(c) নিউক্লিয়ার চার্জ, পরমাণুর আকার (d) কোনটিই নয়

ব্যাখ্যা : নিউক্লিয়ার চার্জ ও পরমাণুর আকার ইলেকট্রন আসক্তির সাথে সম্পর্কিত।

১২৫। ClO_2^- এ Cl এ কি ধরনের সংকরীকরণ ঘটে ?

(a) sp^3 (b) sp^2 (c) sp (d) None of these

ব্যাখ্যা : $X=\frac{1}{2}[V+M-C+A]=\frac{1}{2}[7+0-(-1)+0]=4$ So sp^3

১২৬। নিচের কোন অণুর জন্য Bond Order শূন্য হবে, ফলে সেটি অস্তিত্ব রাখবে না?

a) He_2 b) Li_2 c) Be_2 d) B_2

ব্যাখ্যা:

Bond order = (Nb – Na)/2 যেখানে Nb = bonding ইলেকট্রনের সংখ্যা, Na = antibonding ইলেকট্রনের সংখ্যা।

- He_2 তে মোট ৪টি ইলেকট্রন থাকে → ২টি σ1s (bonding) + ২টি σ*1s (antibonding)
  → Bond order = (2 – 2)/2 = 0 → অস্তিত্ব নেই।

১২৭। B_2 অণুর জন্য সঠিক চৌম্বক ধর্ম কোনটি?

a) Diamagnetic b) Paramagnetic
c) Ferromagnetic d) Antiferromagnetic

ব্যাখ্যা:

B_2 (Z=5×2=10 ইলেকট্রন) এর MO ক্রম হলো:

σ1s < σ**1s* < *σ2s* < *σ**2s < π2px = π2py < σ2pz

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

- ১০টি ইলেকট্রন বসালে দেখা যায় π2px এবং π2py কক্ষপথে দুটি অপরিবাহিত (unpaired) ইলেকট্রন থাকে → তাই এটি paramagnetic।

১২৮। নিচের কোন অণুর জন্য বন্ধনদৈর্ঘ্য সবচেয়ে বড় হবে?

a) NO^+ b) NO c) NO^- d) N_2

ব্যাখ্যা:

Bond order অনুযায়ী:

- N_2 → (10–4)/2 = 3
- NO^+ → (10–4)/2 = 3
- NO → (10–5)/2 = 2.5
- NO^- → (10–6)/2 = 2

  → Bond order যত কম হবে, বন্ধন তত দুর্বল ও বন্ধনদৈর্ঘ্য তত বেশি। তাই NO^- এর bond length সবচেয়ে বড়।

১২৯। নিচের কোন অণুর bond order 1.5 হবে?

a) O_2 b) O_2^+ c) O_2^- d) O_2^{2-}

ব্যাখ্যা:

O_2 (Z=16 ইলেকট্রন) এর MO filling এ Bond order = 2।

- O_2^+ → Bond order = 2.5
- O_2^- → Bond order = 1.5
- O_2^{2-} → Bond order = 1

১৩০। **F, Cl, Br এবং I এর সক্রিয়তার ক্রম হল–**

(a) F>Cl>Br>I (b) Br > I> Cl> F
(c) Cl>Br>I>F (d) I>Br>Cl>F

ব্যাখ্যা : হ্যালোজেনের সক্রিয়তা উপর থেকে নিচে হ্রাস পায়

১৩১ ।হাইড্রোজেন আয়নের ঘনমাত্রা 0.2M । দুর্বল এসিডের বিয়োজন মাত্রা ১% হলে K_a এর মান-

(a) 2×10^{-5} (b) 2×10^{-4} (c) 2×10^{-3} (d) 2×10^{-2}

ব্যাখ্যা: K_a= α^2C=0.2x0.01x0.01= 2×10^{-4}

১৩২। 40 mg বিশুদ্ধ NaOH 10 লিটার পানিতে দ্রবীভূত হলে দ্রবণের pH কত ?

(ধ) ৯ (ন) ১০ (প) ১১ (ফ) ১২

ব্যাখ্যা: pOH=-log[OH^-]=-log(40x10^{-4}/40)=4
pH=10

১৩৩। সবচেয়ে বেশি pH কোনটির ?

(a) $\frac{M}{10}CuSO_4$ দ্রবণ (b) $\frac{M}{10}$ NaCl দ্রবণ (c) $\frac{M}{10}FeCl_3$ দ্রবণ (d) $\frac{M}{10}Na_2CO_3$

ব্যাখ্যা: NaCl প্রশম লবন তাই pH=7
$CuSO_4$, $FeCl_3$ অম্লধর্মী লবন তাই pH<7
Na_2CO_3 অম্লধর্মী লবন তাই pH > 7

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

১৩৪। কোনটি বাফার দ্রবণ অনুসরণ করে ?

(a) $CH_3COOH + CH_3COONa$ (b) $NaH_2PO_4 + H_3PO_4$

(c) $NH_4OH + NH_4Cl$ (d) $NH_4OH + NH_4Cl$

ব্যাখ্যা: হ্যান্ড নোট দেখুন

১৩৫। নিম্নের কোনটি বন্ধন কোণের সঠিক order ?

(a) $NH_3 > CH_4 < C_2H_2 < H_2O$ (b) $C_2H_2 > NH_3 > H_2O < CH_4$

(c) $NH_3 > H_2O > CH_4 < C_2H_2$ (d) $H_2O < NH_3 > CH_4 < C_2H_2$

ব্যাখ্যা : C_2H_2, NH_3, H_2O, CH_4 এর বন্ধন কোণ হল যথাক্রমে 180°,107°,105°, এবং 109° 28´ ।

১৩৬। আন্ত ঃ আণবিক হাইড্রোজেন বন্ধন নেই–

(a) Water (b) ammonia (c) O-nitrophenol (d) hydrogen chloride

ব্যাখ্যা : Water, NH_3, HF এদের মধ্যে Intermolecular H-bond উপস্থিত থাকে। O-nitrophenol এ আন্ত ঃ আণবিক হাইড্রোজেন বন্ধন আছে।

১৩৭।কোনটি টেট্রাহেড্রাল ?

(a) BF_4^- (b) SF_4 (c) XeF_4 (d) $[Ni(CN)_4]^2$

ব্যাখ্যা : BF_4^- এ sp^3 সংকরণ ঘটে এবং কোন মুক্তজোড় e- নেই। তাই আকৃতি টেট্রাহেড্রাল

১৩৮। 7 পারমাণবিক সংখ্যা বিশিষ্ট কোন মৌলের সর্বোচ্চ যোজনী হল–

(a) 2 (b) 3 (c) 4 (d) 5

ব্যাখ্যা : Z = 7 ইলেকট্রন বিন্যাস হল $1s^2\ 2s^2\ 2p_x^1\ 2p_y^1\ 2p_z^1$ তাই সর্বোচ্চ যোজনী হল ৩.

১৩৯। ইলেকট্রন আসক্তি নির্ভর করে না–

(a) শিল্ডিং ইফেক্ট (b) পারমাণবিক সংখ্যা

(c) নিউক্লিয়ার আধান (d) কোনটিই নয়

ব্যাখ্যা : ইলেকট্রন আসক্তি প্রধানত নিউক্লিয়ার চার্জ, উপশক্তিস্তর ও শিল্ডিং ইফেক্ট এর উপর নির্ভরশীল।

১৪০। নিচের কোন ইলেকট্রন বিন্যাসটি মৌলের সর্বোচ্চ ইলেকট্রন আসক্তি নির্দেশ করে ?

(a) $[Ar]3d^{10}\ 4s^2 4p^3$ (b) $[Ar]3d^{10}4s^2 4p^4$

(c) $[Ar]\ 3d^{10}\ 4s^2 4p^5$ (d) $[Ar]\ 3d^{10}4s^2 4p^6$

ব্যাখ্যা : পরমাণুর বহিস্তরের ইলেকট্রনীয় কাঠামো অষ্টকের যত কাছাকাছি হয় সে মৌলের আসক্তির মানও তত বেশি।

১৪১।যখন $KMnO_4$ জারক হিসেবে ক্রিয়া করে এবং MnO_4^{-2}, MnO_2, Mn_2O_3 ও Mn^{+2} গঠন করে, তখন প্রতি ক্ষেত্রে প্রবাহিত ইলেকট্রনের সংখ্যা হবে-

(a) 4,3,1,5 (b) 1,5,3,7 (c) 1,3,4,5 (d) 3,5,7,1

ব্যাখ্যা: এর জারণ সংখ্যা +৭ থেকে যথাক্রমে +৬, +৪, +৩ ও +২ হয়

১৪২। $Fe^{2+} + MnO_4^- \rightarrow Fe^{3+} + Mn^{2+}$ বিক্রিয়াটির জারণ অর্ধ বিক্রিয়া হবে–

(a) $MnO_4^- + 8H^+ + 5e^- \rightarrow Mn^{2+} + 4H_2O$ (b) $Fe^{2+} \rightarrow Fe^{3+} + e^-$

(c) $MnO_4^- + Fe^{2+} \rightarrow Fe^{3+} + Mn^{2+}$ (d) $MnO_4^- + 5e^- \rightarrow Mn^{2+} + 4(O)$

ব্যাখ্যা: হ্যান্ড নোট দেখুন

১৪৩। নিচের সমতাকৃত রাসায়নিক বিক্রিয়ায়– এর তুল্য সংখ্যা

$IO_3^- + aI^- + bH^+ \rightarrow cH_2O + d\ I_2$, এখানে a,b,c ও d এর মান যথাক্রমে -

(a) 5,6,3 and 3 (b) 5,6,3 and 5 (c) 3,5,3 and 6 (d) 5,6,5 and 5

ব্যাখ্যা: হ্যান্ড নোট দেখুন

১৪৪। Sn^{2+} আয়নকে জারিত করার জন্য কত মোল $K_2Cr_2O_7$ প্রয়োজন ?

(a) $\frac{1}{3}$ (b) 3 (c) $\frac{1}{6}$ (d) 6

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যা: Sn^{2+} এর তুল্য সংখ্যা ২ ও $K_2Cr_2O_7$ এর তুল্য সংখ্যা ৬

১৪৫। রাসায়নিক সাম্যাবস্থায় $A+B \rightleftharpoons C+D$ যখন প্রত্যেক বিক্রিয়কের 1 mol মেশানো হয়, তখন প্রত্যেক উৎপাদকের 0.6 mol গঠিত হয়। সাম্যধ্রুবক,

(a) 1 (b) 0.36 (c) 2.25 (d) $\frac{4}{9}$

ব্যাখ্যা: $K_c = \frac{[C]\times[D]}{[A]\times[B]}$

এখানে [A], [B], [C], [D] হলো সাম্যাবস্থায় বিক্রিয়ক ও উৎপাদের ঘনমাত্রা।

অতএব, [A]=[B]= 1–0.6=0.4 mol

$K_c = \frac{[C]\times[D]}{[A]\times[B]} = \frac{0.6\times0.6}{0.4\times0.4} = 2.25$

১৪৬।বিক্রিয়া : $A + B \rightleftharpoons C + D$; A এবং B এর প্রাথমিক ঘনমাত্রা সমান। সাম্যবস্থায় C এর ঘনমাত্রা সাম্যবস্থায় A এর ঘনমাত্রার দ্বিগুণ। তাহলে সাম্যধ্রুবক-

(a) 4 (b) $^1/_4$ (c) 9 (d) $^1/_9$

ব্যাখ্যা: $A + B \rightleftharpoons C + D$

সাম্যাবস্থায় : $\frac{x}{2}$ $\frac{x}{2}$ x x

$K_c = \frac{x.x}{\frac{x}{2}.\frac{x}{2}} = 4$

১৪৭। সাম্যাবস্থা ঃ $2NO_2(g) \rightleftharpoons N_2O_4(g)$ + 14.6 K Cal তাপমাত্রা বৃদ্ধি ঘটাবে–

(a) N_2O_4 গঠনে সাহায্য করে (b) N_2O_4 বিয়োজনে সাহায্য করে
(c) সাম্যবস্থার পরিবর্তন করে না (d) বিক্রিয়া বন্ধ করে দেয়

ব্যাখ্যা: লা-শ্যাতেলিয়ারের নীতি অনুসারে তাপমাত্রা বৃদ্ধি বিক্রিয়াটিকে বিপরীতমুখী করবে। অর্থাৎ N_2O_4 এর বিয়োজন ত্বরান্বিত করবে।

১৪৮। তাপোৎপাদী বিক্রিয়ায় তাপমাত্রায় ১০° বৃদ্ধি ঘটলে-

(a) K_c এর মান কমাবে (b) K_c এর মান দ্বিগুণ করবে
(c) K_c এর কোন পরিবর্তন ঘটাবে না (d) K_c এর কিছু বৃদ্ধি ঘটাবে

ব্যাখ্যা: ভ্যান্ট-হফের সমীকরণ অনুসারে K_c এর মান কমাবে।

১৪৯।CaF_2 এর দ্রাব্যতা 2×10^{-4}mol L^{-1}. এই তাপমাত্রায় CaF_2 এর দ্রাব্যতা গুণফল কত?

(a) 2×10^{-8} (b) 4×10^{-12} (c) 8×10^{-12} (d) 3.2×10^{-11}

ব্যাখ্যা: $Ksp=4S^3= 4x(2 \times 10^{-4})^3= 3.2 \times 10^{-11}$

১৫০। NH_4OH এর বিয়োজন ধ্রুবক 2×10^{-5} হলে NH_4Cl এর আর্দ্রবিশ্লেষণ ধ্রুবক-

(a) 2.8×10^{-19} (b) 2.8×10^{-10} (c) 5×10^{-10} (d) 4.8×10^{-5}

ব্যাখ্যা: অনুবন্ধী এসিড-ক্ষারের জন্য $K_a x K_b=10^{-14}$

১৫১। নিচের কোন মূলক টি নাইট্রাইল?

(a) - NOCl (b) –N = O (c) – NH_2OH (d) – C ≡ N

ব্যাখ্যা: হ্যান্ড নোট দেখুন

১৫২। নিচের কোন যৌগটির জ্যামিতিক সমানুতা রয়েছে?

(a) 1,1 ডাইক্লোরোইথেন (b) 1,1 ডাইক্লোরোইথিন (c) 1,2 ডাইক্লোরোইথেন (d) 1,2 ডাইক্লোরোইথিন

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যা:



১৫৩। নিচের কোন জৈব যৌগটিতে কাইরাল কার্বন নেই?

(a) $H_2N\text{-}CH(CH_3)COOH$ (b) $CH_3CH(OH)COOH$
(c) $(CH_3)_2CHOH$ (d) $CH_3CH(OH)CH_2CH_3$

ব্যাখ্যা: $(CH_3)_2CHOH$ এ কোন কাইরাল কার্বন নেই

১৫৪। নিচের কোন মূলকটি অক্সাইম?

(a) – NH_2OH (b) –N = C (c) $NH_2\text{-}NH_2$ (d) None

ব্যাখ্যা:

১৫৫। নিচের কোনটি নিওক্লিওফাইল?

(a) $CH_2=CH_2$ (b) NH_4^+ (c) HCHO (d) None

ব্যাখ্যা: যে সকল যৌগ বিক্রিয়া কালে e^- জোড় প্রদান করে অথবা ইলেক্ট্রোফাইল এর সাথে যুক্ত হয় তাকে নিউক্লিওফাইল বলে। এখানে একমাত্র ইথিন ইলেক্ট্রোফাইল এর সাথে যুক্ত হতে সক্ষম।

১৫৬। নিচের কোন যৌগে কমপক্ষে ৩টি কার্বন পরমাণু থাকা আবশ্যক?

(a) ২° অ্যালকোহল (b) কিটোন (c) এস্টার (d) সবকয়টি

ব্যাখ্যা: ২° অ্যালকোহল **R-CH(OH)-R**
কিটোন **R-CO-R**
এস্টার **R-COO-R**
সুতরাং, এদের প্রত্যেকের কমপক্ষে ৩টি কার্বন পরমাণু থাকা আবশ্যক

১৫৭। কোনটি মেটা নির্দেশক?

(a) –CN (b) –NHR (c) $-NH_2$ (d) –OR

ব্যাখ্যা: ঋনাত্মক আবেশীয় বা মেসোমারিক ফল (-I/-M) বিশিষ্ট মূলক বেনজিন বলয় থেকে (e^-) ঘনত্ব নিজের দিকে টেনে নিয়ে বেনজিন বলয়ে অর্থো ও প্যারা অবস্থানে (e^-) ঘনত্ব হ্রাস করে। একে বেনজিন বলয় নিষ্ক্রিয়করণ বলা হয় এবং মূলককে মেটা নির্দেশক মূলক বলা হয়। Ex- $-NO_2$; -CHO; $-SO_3H$; -COOH, -CN

১৫৮। মুক্ত র‍্যাডিকাল এর সক্রিয়তার ক্রম-

(a) 1° > 2° > 3° (b) 3° > 2° > 1°
(c) 2° > 1° > 3° (d) 3° > 1° > 2°

ব্যাখ্যা: হ্যান্ড নোট দেখুন

১৫৯। কোনটি দুইধাপে সম্পন্ন হয়?

(a) S_N1 (b) S_N2 (c) both (d) None

ব্যাখ্যা: হ্যান্ড নোট দেখুন

১৬০। নিচের কোনটি ওজনীকরণ ও আর্দ্র বিশ্লেষণে দুটি ভিন্ন কিটোন পাওয়া যাবে?

a. $CH_3C(CH_3)=C(CH_3)CH_3$
b. $CH_3C(CH_3)=CH-CH(CH_3)-CH_3$
c. $CH_3C(CH_3)=C(CH_3)-CH_2-CH_3$
d. $CH_3C(CH_3)=CH\ (CH_3)$



ব্যাখ্যা: $CH_3C(CH_3)=C(CH_3)-CH_2-CH_3$ কে ওজনীকরণ করে প্রোপানোন ও বিউটানোন-২ পাওয়া যায়।

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

১৬১। ইথানোয়িক অ্যানড্রাইড ও ইথানল বিক্রিয়া করলে নিম্নোক্ত কোন যৌগ উৎপন্ন হয়?
(a) মিথাইল ইথানয়েট (b) বিউটাইল ইথানয়েট
(c) প্রোপানোন (d) ইথাইল ইথানয়েট
ব্যাখ্যা: যে কোন এসিড জাতক অ্যালকোহলের সাথে বিক্রিয়া করে এস্টার উৎপন্ন করে।
১৬২। কার্বোনায়নের স্থায়িত্বক্রম নিম্নের কোনটি?
(a) $(CH_3)_3C^- > (CH_3)_2CH^- > CH_3CH_2^-$ (b) $CH_3CH_2^- > (CH_3)_2CH^- > (CH_3)_3C^-$
(c) $(CH_3)_2CH^- > (CH_3)_3C^- > CH_3CH_2^-$ (d) $(CH_3)_3C^- > CH_3CH_2^- > (CH_3)CH^-$
ব্যাখ্যা: কার্বোনায়নের স্থায়িত্বক্রম $1° > 2° > 3°$
১৬৩। সূর্যের আলোর উপস্থিতিতে বেনজিন ও ক্লোরিনের বিক্রিয়ায় তৈরী হয়?
(a) Chlorobenzene (b) Toulene and HCl gas (c) Gammaxine (d) Chlorobenzene and water
ব্যাখ্যা:



১৬৪। ক্যালসিয়াম কার্বাইড আর্দ্র বাতাসের সংস্পর্শে কোন গ্যাস উৎপন্ন করে যা আমকে পাকায়?
(a) ইথিলিন (b) ইথেন (c) অ্যাসিটিলিন (d) ইথানল
ব্যাখ্যা: $CaC_2 + 2H_2O \rightarrow CH \equiv CH + Ca(OH)_2$
১৬৫। ন্যাপথলিনে সিগমা বন্ধন সংখ্যা
(a) 17 (b) 18 (c) 19 (d) 20
ব্যাখ্যা: সিগমা বন্ধন সংখ্যা = (মোট পরমাণু সংখ্যা-১)+চক্র সংখ্যা=১৮-১+২=১৯
১৬৬। নিম্নের কোনটি প্রধানত হাইড্রোকার্বন ধারণ করে ?
(a) Sugar (b) Petrol (c) Nylon (d) Soap
ব্যাখ্যা: হাইড্রোকার্বন ধারণ করে পেট্রোল, ডিজেল, অক্টেন, কেরোসিন, মোম ইত্যাদি
১৬৭। ডাইব্রোমোবেনজিন $(C_6H_4Br_2)$-এর সমাণু কয়টি ?
(a) একটি (b) দু'টি (c) তিনটি (d) চারটি
ব্যাখ্যা: বেনজিনের যে কোন দ্বিপ্রতিস্থাপকের ৩টি সমাণু সম্ভব (অর্থো/মেটা/প্যারা)
১৬৮। শুষ্ক এল্যুমিনিয়াম ক্লোরাইডের উপস্থিতিতে বেনজিন,প্রোপাইল ক্লোরাইড এর সাথে বিক্রিয়া করলে কি প্রধান উপাদান উৎপন্ন হবে?
(a) Toulunie (b) Propyl benzene (c) Isopropyl benzene (d)Benzoic acid
ব্যাখ্যা: প্রোপাইল কার্বোনিয়াম আয়ন অপেক্ষা আইসোপ্রোপাইল প্রোপাইল কার্বোনিয়াম আয়ন অধিক স্থিতিশীল হওয়ায় Isopropyl benzene উৎপন্ন হবে।
১৬৯। Dettol এর আণবিক ভর কত?
(a) 156.5 (b) 157.5 (c) 141.5 (d) none
ব্যাখ্যা: Dettol এর সংকেত= $C_8H_9ClO = 12x8+9+35.5+16=156.5$
১৭০। নিম্নের কোন যৌগটির স্ফুটনাঙ্ক সবচেয়ে বেশী ?
(a) $CH_3\ CH_2\ OCH_2\ CH_3$ (b) $C_4\ H_{10}$ (c) $CH_3\ CHO$ (d) C_2H_5OH
ব্যাখ্যা: ইথানলের পোলারিটি থাকায় এটি হাইড্রোজেন বন্ধন গঠন করতে পারে। তাই এর স্ফুটনাঙ্ক সবচেয়ে বেশি।
১৭১। CH_3MgI যৌগের সাথে ইথানল এর বিক্রিয়ায় পাওয়া যায় -
(ক) ডাই ইথাইল ইথার (খ) মিথেন (গ) ইথেন (ঘ) প্রোপেন
ব্যাখ্যা: $CH_3MgI + CH_3CH_2OH = CH_4 + Mg(OCH_2CH_3)I$

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

১৭২। CH_3 - CH_2 -CH (OH)- CH_3 + H_3PO_4 (conc) → A (প্রধান উৎপাদক)। এখানে A হলো -

(ক) বিউটানল - 1 (খ) বিউটানল -2 (গ) বিউটিন - 1 (ঘ) বিউটিন - 2

ব্যাখ্যা: **সাইজেফ সূত্রঃ** যদি একাধিক বিটা হাইড্রোজেন থাকে তবে যে কার্বনে হাইড্রোজেন সংখ্যা কম ঐ কার্বন থেকে হাইড্রোজেন অপসারিত হবে। একে সাইজেফ সূত্র বলে।

CH_3 - CH_2 - CH Br - CH_3 + KOH (alc.) → বিউটিন – 2 (প্রধান উৎপাদ) + বিউটিন - 1(অপ্রধান উৎপাদ)

১৭৩। নিম্নের কোনটির সাথে বিক্রিয়ায় প্রোপানোন এবং প্রোপান্যাল ভিন্ন পর্যবেক্ষণ দেখা যাবে ?

(a) Br_2 in water (b) PCl_5 (c) $I_{2(aq)}$+$NaOH_{(aq)}$ (d) 2, 4-Dinitropheny hydrazine

ব্যাখ্যা: প্রোপানোন আয়োডোফর্ম বিক্রিয়া দিলেও প্রোপান্যাল দেয় না।

১৭৪।  কে অম্লীয় দ্রবণে তাপ দিলে নিম্নের কোনটি উৎপন্ন হয়?

(ক) ফেনল (খ) নাইট্রোবেনজিন (গ) অ্যানিলিন (ঘ) বেনজিন

ব্যাখ্যা:



১৭৫। চর্বি + NaOH (aq) → সাবান + X ; X এর IUPAC নাম কী? এখানে

(ক) ১,২,৩-ট্রাইপ্রোপানল (খ) প্রোপান্যাল

(গ) ২-প্রোপিন-১-অ্যাল (ঘ) প্রোপেন-১,২,৩ - ট্রাইঅল

ব্যাখ্যা: এখানে X গ্লিসারিন যার IUPAC নাম প্রোপেন-১,২,৩ - ট্রাইঅল

১৭৬। $C_4H_{10}O$ এর কয়টি অ্যালকোহল সমাণু সম্ভব?

(a) 2 (b) 4 (c) 5 (d) 3

ব্যাখ্যা: $C_4H_{10}O$ এর অ্যালকোহল সমাণু



১৭৭। নিচের কোন যৌগটি আলোক-সক্রিয়?

(a) প্রোপানল-২ (b) বিউটানল-২ (c) ডাই মিথাইল কার্বিনল (d) b&c

ব্যাখ্যা: একমাত্র বিউটানল-২ এ কাইরাল কার্বন আছে।

১৭৮। C_2H_5OH(extra) + গাঢ় H_2SO_4 → X (প্রধান উৎপাদ)+ H_2O; এ বিক্রিয়ায় কোনটি X?

(ক) C_2H_5-O- C_2H_5 (খ) ইথিন (গ) CH_3 – CHO (ঘ) C_2H_5O-SO_3H

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যা:

$CH_3CH_2OH + H_2SO_4 \xrightarrow{100^0C} CH_3CH_2O\text{-}SO_3H + H_2O$

$CH_3CH_2O\text{-}SO_3H + CH_3CH_2OH$ (অতি) $\xrightarrow{140^0C} CH_3CH_2OCH_2CH_3 + H_2SO_4$

১৭৯। এসিড, এস্টার ও এসিড অ্যানহাইড্রাইডকে বিজারিত করলে অ্যালকোহল পাওয়া যায়। বিজারক হিসেবে নিচের কোনটি ব্যবহৃত হয়?

(ক) Zn - Cu/H_2O (খ) Zn - Hg/HCl (গ) $SnCl_2$/HCl (ঘ) $LiAlH_4$

ব্যাখ্যা: $LiAlH_4$ তীব্র বিজারক

১৮০। রাইমার-টাইম্যান বিক্রিয়ায় উৎপাদ পদার্থের নাম নিচের কোনটি?

(ক) গ্লেসিয়েল অ্যাসিটিক এসিড (খ) স্যালিস্যালডিহাইড (গ) প্যারাসিটামল (ঘ) অ্যাসপিরিন

ব্যাখ্যা:



১৮১ । একটি জৈব যৌগ A, PCl_5 এর সাথে বিক্রিয়ায় B উৎপন্ন করে। B যৌগটি আবার সোডিয়াম ধাতুর সাথে বিক্রিয়ায় n - বিউটেন গঠন করে। সুতরাং A ও B যৌগদ্বয় হলো যথাক্রমে -

(ক) CH_3COOH & CH_3Cl (খ) C_2H_5OH & C_2H_5Cl

(গ) C_2H_5Cl & C_2H_5ONa (ঘ) CH_3CH_2Cl & CH_3OH

ব্যাখ্যা: A= C_2H_5OH; B= C_2H_5Cl

$C_2H_5OH+PCl_5= C_2H_5Cl+POCl_3+HCl$

C_2H_5Cl সোডিয়াম ধাতুর সাথে উর্টজ বিক্রিয়ায় বিক্রিয়ায় n - বিউটেন গঠন করে।

১৮২। একটি অ্যামাইডের বৈশিষ্ট্যসূচক বিক্রিয়া হলো -

(ক) এটি এসিডের সাথে বিক্রিয়ায় এস্টার গঠন করে (খ) এটি বিজারিত হয়ে অ্যালকেন গঠন করে

(গ) এটি সোডামাইড এর সাথে বিক্রিয়া করে না (ঘ) এটি নাইট্রাস এসিডের সাথে বিক্রিয়া করে মাতৃ এসিড উৎপন্ন করে

ব্যাখ্যা: $-CONH_2+HO\text{-}NO = -COOH$

১৮৩। নিচের কোন যৌগ হতে DDT প্রস্তুত করা হয়? ক্লোরাল

(ক) CH_3CH_2Cl (খ) $CH_3COCHCl_2$ (গ) CH_3CCl_3 (ঘ) CCl_3CHO

ব্যাখ্যা: ক্লোরাল+ক্লোরোবেনজিন= DDT

১৮৪। A + $PCl_5 \rightarrow POCl_3$+ অ্যালকাইল হ্যালাইড; এ বিক্রিয়া অনুযায়ী A হবে একটি -

(ক) অ্যাকলক্সি অ্যালকেন (খ) অ্যালকেন (গ) অ্যালকোহল (ঘ) ফেনল

ব্যাখ্যা: $ROR+PCl_5= 2RCl+POCl_3$

১৮৫। কোন যৌগে sp^3 এবং sp^2 সংকরিত কার্বন পরমাণু আছে?

(a) CH_3COOH (b) $CH_3CH=CHCl$ (c) C_3H_4 (d) a&b

ব্যাখ্যা: $CH_3CH=CHCl$ এ প্রথম কার্বন sp^3 এবং পরের দুটি কার্বন sp^2 সংকরিত

C_3H_4 এর একটি সমাণু সাইক্লোপ্রেপিনে একটি কার্বন sp^3 এবং দুটি কার্বন sp^2 সংকরিত

১৮৬। C_2H_4 অণুতে কার্বন-কার্বন দ্বি-বন্ধন কোন কোন অরবিটালের অধিক্রমনের ফলে গঠিত হয়?

(a) sp^2 and sp^2 (b) sp^2 and 2p (c) 2p and 2p (d) a&c

১৮৭ ।C_4H_8 এ কয়টি গাঠনিক সমানু সম্ভব?

(a) 2 (b) 5 (c) 3 (d) 4

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যা: C_4H_8 এর গাঠনিক সমানু



১৮৮। পানিতে অ্যালকোহলের দ্রবণ কোন ধরনের?
(ক) গ্যাসে তরলের দ্রবণ　　(খ) তরল তরল দ্রবণ
(গ) তরলে কঠিন পদার্থের দ্রবণ　　(ঘ) তরলে গ্যাসের দ্রবণ

১৮৯। এটি কি ধরনের বিক্রিয়া?　$C_2H_4 + Br_2 \rightarrow CH_2Br - CH_2Br$
(a) মুক্ত র‍্যাডিকাল প্রতিস্থাপন　(b) ইলেকট্রফিলিক যুত　(c) মুক্ত র‍্যাডিকাল যুত　(d) ইলেকট্রফিলিক প্রতিস্থাপন
ব্যাখ্যা: অ্যালকিন ও অ্যালকাইন ইলেকট্রফিলিক যুত বিক্রিয়া দেয়

১৯০। TNT তে কয়টি হাইড্রোজেন আছে?
(a) 3　(b) 5　(c) 6　(d) 7
ব্যাখ্যা: TNT= $C_6H_2(NO_2)_3CH_3$

১৯১। গ্রীগনার্ড বিক্রিয়া দিয়ে একটি প্রাইমারী অ্যালকোহল তৈরীর জন্য যে বস্তুটি ব্যবহার করা হয় তা হল -
(a) CH_3MgBr　(b) HCHO　(c) RCHO　(d) None
ব্যাখ্যা: গ্রীগনার্ড+ HCHO= 1^0 অ্যালকোহল
গ্রীগনার্ড+ RCHO= 2^0 অ্যালকোহল
গ্রীগনার্ড+ কিটোন = 3^0 অ্যালকোহল

১৯২। নিচের ধারাবাহিক বিক্রিয়াগুলোর মধ্যে কোনটির সাহায্যে গবেষণাগারে Propan -2 - ol থেকে 1,2 - dibromopropane প্রস্তুত করা হয়?
(a)হাইড্রোলাইসিসের পর সংযোজন　(b) জারনের পর হাইড্রোলাইসিস
(c) সংযোজনের পর হাইড্রোলাইসিস　(d) নিরুদনের পর সংযোজন
ব্যাখ্যা: Propan -2 – ol নিরুদনের পর প্রোপিন ও প্রোপিন ব্রোমিনের সাথে সংযোজন বিক্রিয়ায় 1,2 -dibromopropane হয়।

১৯৩।
$$A \xrightarrow[KOH]{alcoholic} CH_3 - CH = CH_2 \xrightarrow{HCl} B$$
A একটি 1^o অ্যালকাইল ক্লোরাইড এবং A ও B যৌগ পরস্পর আইসোমার হলে এরা নিচের কোন প্রকারের আইসোমার হয়?
(ক) শিকল　(খ) কার্যকরী মূলক　(গ) অবস্থান　(ঘ) স্টেরিও
ব্যাখ্যা: A একটি 1^o অ্যালকাইল ক্লোরাইড ও B একটি 2^o অ্যালকাইল ক্লোরাইড। তাই এরা অবস্থান সমাণু।

১৯৪। চার কার্বনযুক্ত অ্যালকোহল অম্লীয় পটাশিয়াম ডাইক্রোমেট দিয়ে জারিত করলে কিটোন উৎপন্ন হয়। নিচের কোন সংকেতটি আদি অ্যালকোহল নির্দেশ করে?
(a) $CH_3CH_2CH_2CH_2OH$　(b) $H_2C = CH\ CH_2CH_2OH$
(c) $CH_3C(CH_3)(OH)CH_3$　(d) $CH_3CH_2CH(OH)CH_3$
ব্যাখ্যা: 2^0 অ্যালকোহল জারিত হলে কিটোন উৎপন্ন করে।

১৯৫। মিথাইল সায়ানাইড ক্ষারীয় আর্দ্র বিশ্লেষিত হলে কি উৎপন্ন হয়?
(a) মিথান্যাল　(b) মিথানয়িক এসিড　(c) ইথানয়েট মূলক　(d) ইথানয়িক এসিড
ব্যাখ্যা: সায়ানাইড ক্ষারীয় আর্দ্র বিশ্লেষিত হলে ফ্যাটি এসিডের লবণ তৈরি করে।

১৯৬। ট্রাইকার্বক্সিলিক এসিডের একটি উদাহরণ হলো ঃ
(a) স্যালিসাইলিক এসিড　(b) সাইট্রিক এসিড　(c) প্রপানয়িক এসিড　(d) সিনামিক এসিড

Join Now ▶ GET IT ON Google Play | Download on the App Store | Get it from Microsoft | Download on the Mac App Store | livemcq.com | 01701377322

ব্যাখ্যাঃ



১৯৭। লক্ষ্য করুন ঃ

i)  ii)  iii)  কোনটি অ্যারোমেটিক?

(ক) i ও ii (খ) ii ও iii (গ) ii (ঘ) i,ii ও iii

ব্যাখ্যাঃ শুধুমাত্র ন্যাপথালিন হাকেল নীতি মানে ও রেজোন্যান্স সম্ভব।

১৯৮। নিম্নের কোনটি থেকে সিফ ক্ষারক উৎপন্ন হয়?

(a) $CH_3CHO+NH_2OH$ (b) $CH_3COCH_3+NH_2$

(c) $HCHO+NH_3$ (d) C_6H_5-$CHO+CH_3NH_2$

ব্যাখ্যাঃ অ্যারোমেটিক অ্যালপিহাইডের সাথে প্রাইমারি অ্যামিনের বিক্রিয়ায় সিফ ক্ষারক তৈরি হয়।

১৯৯। নিচের কোন যৌগটির প্রধান বিক্রিয়া নিউক্লিওফিলিক প্রতিস্থাপন?

(a) C_6H_5 - Cl (b) C_6H_6 (c) $C_6H_5 - CH=CH_2$ (d) $C_6H_5 - CHO$

ব্যাখ্যাঃ C_6H_5 - Cl $\longrightarrow$ নিউক্লিওফিলিক প্রতিস্থাপন

C_6H_6 $\longrightarrow$ ইলেক্ট্রোফিলিক প্রতিস্থাপন

$C_6H_5 - CH=CH_2$ $\longrightarrow$ ইলেক্ট্রোফিলিক সংযোজন

$C_6H_5 - CHO$ $\longrightarrow$ নিউক্লিওফিলিক সংযোজন

২০০। কার্বন তৈরি করার জন্য একটি বিকারে সুক্রোজের ($C_{12}H_{22}O_{11}$) মধ্যে ঘন H_2SO_4 যোগ করা হল। এ বিক্রিয়ায় H_2SO_4 প্রাথমিকভাবে কী হিসাবে কাজ করে?

(a) জটিল যৌগ সহায়ক (b) নিরুদক (c) জারক (d) অধঃক্ষেপ সহায়ক

ব্যাখ্যাঃ $(C_{12}H_{22}O_{11}) + H_2SO_4\,(conc) = 12C + H_2SO_4.11H_2O$

-সমাপ্ত-

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322

Join Now ▶ GET IT ON Google Play Download on the App Store Get it from Microsoft Download on the Mac App Store livemcq.com 01701377322